THE

ENGAGE INSTRUCTOR,

POR THE

USE OF SCHOOL

No. IV.

বালকদিখের শিক্ষার নিমিপ্ত

तकी ह



5 कें इ. इ. इ. व. व. 1

CALCUTTA:

FOR THE CALCUTTA CHRISTIAN SCHOOL ROOK

সূচী পত্ত।

.,	9	D
	্ঠিকের এতি উপদেশ	. :
	খ্যামবিক: দেশের প্রকাশ বিষয়ক বৃত্তান্ত	٤
	चन्द्रवदत्रत दिवस	
	राविका	\$2
	পালের বিষয়	₹'
	১৭৫৫ সালে লিদ্বান নগরের আক্ষর্যা ভূমিকল্প	२५
	িন্দু কথাৰ বিষয়	ં :
	विन्द्वदक्षत तीर्वि मीवित शति वैर्ट्स	3:
	ম ণ	
	এটিডেরা রক্ষা করা অবশ্য কতিন্ট	85-
:	अंक्षित देखन रह	85
٠٠,	উৎকৃষ্ট স্থানের বিষয়	¢5
د .	পূর্বকালীন ইংলগ্রীয় পুরোহিতের রাজ্যশাসন	
	इंडापि	৫৩
:8	গতির শ্রবস্থা	¢9
>0	ঈশ্বরের স্বর্ফি বিষয়ক গীত	¢ð:
36	মুসলমানদিগের পরাক্রমের উৎপ্তির বিবর্ণ	40
:9	ব্রীটীন দেশে মঙ্গল সমাচার প্রবিষ্ট হুইবার বিবরণ	6
5 b -	देश्व छ दम्भीय त्माकनिरगत्र श्राठीन धर्मत विवतन	95
: 2	শোলন এবং ক্রীশসের জীবনোপাখান	92

२५	কিলোপি: ম	b ७
	পৌলের প্রাষ্ট্রীয় ধর্ম গ্রহণ বিষয়ক বৃত্তান্ত	
5.2	গংগ ক-পিব্য দুর্ভের পতিত হওনের কথা 👑 🦠	20
₹ß	মাতাৰ জাঃ মন্তানের মেহের এক আশ্চর্য স্থানীত	1 29
> 4	অধ্যা শ্লাপর ক্রশটেশ্র কর্ণ উত্তম কর্ম কলে হয়	1 25
50	* अटक क्वा करून निषद्ध	200
.⇒ °;	कान महास्तु (मर्गाला उन्न विवास	202
2.5	कास भएमत উপकारतत आफर्ग वि १६५	>० २
	বঙ্গীয় ভাষা এবং দিন্দু কাঠীয় বিদ্যা 👉 👉 🦠	\$08
90	रीडिकान	:•>
* 4	क्रीका अक्षाक्षेत्र अक्षाक्षा अक्षेत्रका ।	**2
1 A	the first of the same of the s	220
7, 2	FIRST TRANSPORT	>>>
	"《寶利》,	53.9
\$ 4	. e 43 8420	.42
, 4	स त्र भु) क्षः (७त दिनिध दश्म	276
	র্জিপুল্ল ভাতির কথা	
	Marine	
	अभूषाकीय स्त्र क्षेत्रीय स्त्री	
80	कडू तरहांत	>69
	বছর্মশর গল্প	
83	মন্ত্রার শরীরের বিষয়	>98

হিতোপদেশের চতুর্থ ভাগ।

> मश्या ।

শঠিকের প্রতি উপদেশ।

ফে পাটক অপেনার তত্ত্বামুসধানে কর। **তুমি কোন বস্তু** টিখা ^{বিলে}টনা কর। তোমার হিতক্সনক **অনেক প্রদক্ষ এই** খ্যান্থ কিবিত হটগাছে। কিন্তু তুমি যদি <mark>আপনার উপ-</mark> কার গোধে ভাষা লা পড়িয়া অমনোবোগ পূর্বক পাঠ ক» তবে চেতন রহিত যন্ত্রের চালনেতে যেমন নি**জ** যন্তের কোন উপকার হয় না তেমন দেই পাঠে তোমার কোল উপকার হইবে না। শরীরের পক্ষে আহার যেমত মনের পক্ষে পঠিও সেইরূপ জানিবা। মুখ লাড়নে অথবা मरखत भद्रम्भत घर्षान ज्ञामात कीतन तका इय ना, किन्त আহার চর্মিত হ্রয়া উদরে জীর্ণ ও শরীরে সংমিলিত इडेल कीवन द्रकः इग्र । এই क्रथ क्वरल स्वनि कदिल অথবা বাকা সকলের প্রভেদ জ্ঞাত হইলে ভোমার বে উপকার হয় ভাহা নয় কিন্ত যাহ। পাঠ কর তাহার ভাৎপর্য্য বুঝিলে এবং ভদত্মসারে আচরণ করিলেই উপ-কার হয়। এবং যে জ্ঞানরূপ আহার ছারা সর্বতোভারে ্তামার যথার্থ উপকার জন্মিবে তাহা তোমাকে প্রায়ারী

শ্বনার্থে এই প্রস্থ প্রস্তুত হইয়াছে। এক্ষাণ তোমার ক্ষাব কেমন অর্থাৎ তুমি কোন বস্তু তাহা বিবেচনা কর। তুমি পরমেশ্বরের স্থাই বস্তু, তিনি তোমার্কে স্থাইই করিয়া-ছেন এবং প্রতিপালন করিছেছেন, এবং তুমি যে কিছু কর্মা কর তাহার লেখাজোখা তাঁহার কাছে দিতে হইবে। এই প্রস্তুত্র বিষয় তোমাকে সর্বাদা স্মানণ করাইব এম্বে প্রস্তুত্র বিষয় তোমাকে সর্বাদা স্মানণ করাইব এম্বত বাসনা করিয়াছি; তাহা দিন ২ শাঠি করিলে তুমি প্রমেশ্বরের বিষয়ক এবং তোমার সহিত্ত উহার স্থাজ্য স্থাকে নহল বিষয়ক এবং তোমার সহিত্ত উহার স্থাজ্য স্থাকে নহল বিষয়ক এবং তোমার সহিত্ত উহার স্থাজ্য স্থাকক প্রস্তুত্র প্রস্তুত্র বিষয়ক জনেক প্রস্তুত্র হইবা। সেই ক্ষাক্র প্রস্তুত্র করিয়া অন্তর্করণ মধ্যে রাপ, থেকে প্রুমি এই জ্যানলার, শুরাবারী হইতে পারিব।

এই জগতে তুনি একক নহ। তুমি দেনত স্থাট হইরাছে
সেই রূপ আনও অনেক জীব ও বস্তু স্থাট হইরাছে।
প্রমেশ্বরে স্থাট বস্তুতে ভোমার চতুর্দ্দিক বেন্টিত আছে।
সে সকলের সহিত প্রতিদিন প্রতি কার্যা তোমার সম্প্র
আছে, সে সকলের প্রতি কর্ত্তবা কর্মা করণার্থ তাহার
স্থাব ও রীতি অবগত হওয়া তোমার অতি তাবশাকা
ভাইলের মধ্যে কতক ওলিন জীব ও বস্তু অর্থাই প্রত্ত প্রাটি মোল করিয়া বর্ণ রৌপ্যাদি খাতু পর্যান্ত যত বস্ত আছে সে সকলি ভোমা অপেকা ভাষন ৷ ইহার তাবই
স্থান্ত ক্ষাত হওয়াতেই পদার্থবিদ্যা কহি এবং এই
স্থান্ত সাত হওয়াতেই পদার্থবিদ্যা কহি এবং এই
স্থানে পদার্থবিদ্যা বিষয়ক গ্রন্থ সমূহ হইতে নীত অনেক বিষয়ক পরম উপকারক স্কান প্রাপ্ত হইবা। কিন্তু পরিনেশারের স্কান বস্তুর মধ্যে আর এক প্রকার বস্তু আছে
অর্থাং ভোমার সমান গণ্য মহুবা সকল। সেই মহুবাদিশের
প্রতি উপযুক্তাচরণকেই সন্থাবহার কহি। সেই সন্থাবহান
রের সাহাব্য করিও আনরা বাসনা করি। এই নিমিত্তে
মাতা পিতা রাজাও গুরু প্রস্তুতি জন্যানা মনুবাদের প্রতি
মাতা পিতা রাজাও গুরু প্রতি জন্যানা মনুবাদের প্রতি
মাতার গ্রেম্ব পাল্বা। সেই প্রস্কান সকল তুমি জতান্তা
মানাযোগ পুর্বাক পাট করিবা।

কিন্তু হৈ হৈ পাঠক তুমি পাপি মন্থ্যা, ও প্রমেশ্যানি বিজ্ঞান করিবে যত দোষ হয় সেই সকল প্রান্থ এবং অন্তঃকরণন্থ ছুউতাইইতে তোমার মুক্ত ওরের আবেশাক। এই প্রস্থে পাপ এবং মুক্তি বিষয়ক বিশেষতা পতিত মনুযোগ আণকর্তা যে যীশু প্রীই তাঁহার দ্যা বিহণ্ড অনেক কথা লিখিত ইইলাছে। এবং ভোমার নিজের চুক্তি কি প্রকারে ইইতে পারে তাহা এই প্রেছ্ তোমার এই শরীর যে মন্তর্গ করাইবে। তোমার এই শরীর যে মন্ত্রের করিবে করিবে করিবে বিহেছ এই করক পংক্তি প্রিক্তি করিবে করিবার করিবার করিবির করিবির করিবির করিবার করিবার করিবার করিবার করিবার করিবির করিবার কর

বিবেচন। করিয়া তদমুসারে পরকালে সুথ ছঃথরপ ফল প্রদান করিবেন । এতবিষয়ে অনেক প্রসঙ্গ এই প্রয়ে বর্ণিত ইইয়াছেঁ। ইহাতে যত্নপূর্যাক দলোযোগ কর । ঐ সকল প্রসঙ্গ আমি পৃথক ২ স্থানে দিয়াছি, তাহাতে পাঠকালীন তোমার বৈর্জি জন্মিনে না, কিন্তু বৈচিত্র জানা তোমার মনোরঞ্জন হইবেক । ধর্ম এবং ইজিহাস ও পদার্থবিদ্যা এবং নীতি ও মুক্তি এবং পরকাল এই সকল বিষয়ক প্রসঙ্গ তাহাতে দেখিতে পাইবা। তাহাতে নানা প্রকার জানরপ আহার ধারা তুমি ছচ্মনা ও শুক্তিও এবং নির্মান সভাব হইবা।



२ मध्या ।

আমেরিকা দেশের প্রকাশ বিষয়ক হুর্ত্তান্ত।

ইউলোপ, আশিয়া, আফুকা এবং আমেরিকা নানক চারি খণ্ডে প্রশিধী বিভক্ত আছে। ইউরোপ, আশিয়া এশং আফিকা এই তিন খণ্ড এক মহাবীপে আছে, এবং সাগর ছারা সভাক্রপে পরস্পার বিভিন্ন নহে। কিন্দু এই দীপ হইতে সহস্র ক্রোশাপেকা অধিক দূর অন্য এক দীপ অধীৎ আমেরিকা খণ্ড আছে। তিন শত ছারিশ বংসর গত হইল, অর্থাৎ খ্রীষ্টীয় এক হাজার চারি শত বিরানকাই শকে এবং বাঙ্গলা আট শত আটানকাই শকে আমেরিকা। খণ্ড প্রথমতঃ প্রকাশিত হইয়াছিল। তাহার পূর্কে ইহার নামণ্ড কেহ জানিত না। এই নিমিত্তে ইহার প্রকাশ বিষয়ক সংক্ষেপ বৃত্তান্ত লিখিতেছি, যেহেতু মন্ত্রাকৃত্য

আক্ত কৰ্ম সমূহের নধো এই কৰ্ম অতি মহং বলি। প্ৰশাক্ষা যায় ৷

প্রায় পাঁড ৮৬ বংসর গত হইল চুম্বক পাথরের বিশো ' গুণ প্রকাশ হাইগ্রান্ত । ইহার এই গুণ যে তাহা কো লে হথাওর উপর ঘর্ষণ করিলে সেই লৌ**হথও সর্বাদ** উৰ্পেট্ৰয়থ হট্যা থাকে ' এই লৌহকে কোম্পাস অৰ্থা দিক্তিরপণ করের মধ্যে দিলে জগতের **সকল তানে জতে** কি ভলে হউক প্রথিবরি তিক নির্মণ হয়। এই কো ম্পানের আকা। এই প্রসার, এক ততা কাগজে এ**ক মণ্ডল** আঁকিল। তাহ। বৃত্রিশ অংশে স্মান বিভাগ বরিতে হয়। ্দ্যত্ব ভাষ্তে প্রথিবীর চারিদিক ও তমধো কোণাদিও। িথিতে হয়, এবং এই মগুলের মধাস্থানে প্রেকের মত এক ক্ষুত্র কৌত বর্দ্ধ করা যায়, পরে সেট প্রেকের মাথায় এবলী পুচ লাগাইতে হয়, সেই স্থাচর অগ্রভাগে চুম্বক পালর পর্যার করিতে হয়, এবং সে ফুচ বেন চতুর্দ্ধিশে ঘুরিতে পাবে এই রূপ করিয়া তাহাকে প্রেকের মাথায়, বাথিতে হয়, ভাহাতে কোম্পাদকে যে দিকে ইচ্ছা সেই দিগে রাথ সেই সূচ অবশাই উত্তরভিমুখ হয়। এই একাংর প্রথিবার দিক সকল নিশ্চিত রূপে জানা বাইতে 1.63.1

এই চুম্বক পাথরের গুণ প্রকাশ হইলে পর মন্তব্যেরা নিভয়ে মহাসাগরে গমনাগমন করিতে লাগিল ৷ ইহার প্রের নিক্নিরূপণের উপায় না থাকাতে কেহ ভীর ছাড়িয়া অধিক দূরে যাভাষাত করিতে পারিত না] এই চুম্বক

পাথারর গুণ প্রকাশের সূই শত বংসর পরে কলমুস নামক এক ব্যক্তি জিনোর। নাদক নগরে জমিল। তৎকালে 'পোর্ত্তগীশ লোকেরা ইউরেংপের মধে। প্রধান নাবিক ছিল। া**কলম্বস** ইহাদিগের মহিত বার্মার সমুদ্র দারা নানাভানে अभ्याशम किंद्रा उद्धम कुरण सानिक दिना शिका कतिया-**किल। रम** बिल्फिन कहिया भारत उड़े खित कांत्रल र ভাহাতে আলেত। করিয়া ইউবোপহইতে চিক পণ্ডিম-ুদিকে গমন করিলে ভারতবর্ষে যাওয়া যায় ৷ দেই কালে ্রইউরোপীয় লোকের ভারতবর্ষকে তার্নীয় ধন সংপূর্ণ দেশ ্রিলিয়া মনিত এবং ওথা হউতে স্থলপথে আনীত কাণিজ। দ্রব্য জ্রেয়বিজ্ঞ বারা ইউরোপীয় কএক নগরে অনেক পন স্থায় হট (ছিল ় ভাছাতে পোর্ডীশ লোকদের বহুদ্র 'পর্যান্ত সমুদ্রে গ্রমান্তমন দেখিয়া জলপ্রে ভারতবর্ষ মাই। ন ্সকল লেখকের মনে অত্যন্ত বাসনা হইল। মেই কলভুক অতি আশ্চর্যা বুদ্ধি ও দাহ্য এবং অধান্দায় বিশিন্ ছিল। কোন সময়ে কতক গুলিন বেত এবং সূত্ৰ শিব ক্ষুত কাঠ পশ্চিদ ৰাভাগে ইউলোপের ভীলে আদিয় ্লাপিল ৷ তাহাতে তাহার আরও ছত্তর বিং,স জন্মি^{*} যে পশ্চিমদিগে কোন দেশ আছে এবং এই বিষয়ে যথাসাপা অনুসন্ধান করিলে পর সেই সকল অদ্ভাত দে **'অন্থসন্ধান কবিবার জন্যে সমুদ্রে যাত্রা করিটেত সান** ক্ষরিল। তংকালে ইউরোপে যে অতি বৃহৎ জাহাজ সক ্রিছল ভাষাতে তিন হাজার মোনের অধিক ধরিত ন এবং একণে যেমত বছধনাতা মহাজন আছে তংকাত

এই রূপ ছিল না। একন্যে যাতার বায় নির্বাহার্থে কোন রাজার নিকট সহায়তা প্রার্থনা করিতে ভাহার আবশাক ছইল। সে আপন মনের কল্লনা প্রথমতঃ নিজ দেশের শাসনকর্তাদিগকে জানাইল, ৩বং ভাছাদের কচেছ ব্যয়ের माराया आर्थमा विदेश। किन्दु छोटांटा ले विवय अस्तक কাল বিদেরনা করিয়া ভাষার প্রার্থনা অগ্রাহা করিল। অপর যে গের্মাল দেশের রাজার নিকট সহায়তা যক্ত্রিক ঐ রাজা আপনার ছুই মন্ত্রিকে কলছদের প্রার্থ-। বিবেচনা করিতি ভার দিলেন। কিন্তু ঐ মঞ্জির পুর্বেটতে এমত তির করিয়াছিল যে দক্ষিণ্দিরে জাহাজ্ঞ । हामारेशन ভाরতবর্ষে गाउँहा यात्र ना । এই करना ভাষ্টা ভাষ্টার স্থপক হইল না। কিন্তু ভাষ্টারা কলমুদের অতিপ্ৰায় উভ্ন রূপে বিবেচনা করিয়া ইহা সুমুদ্ধ হইতে भारत देश हित करिन, कियु (महे याँवा मकेन इ**हेट**म যে প্রশংসা ও অর্ণাত হ্ট্রে তাহা আমাদের রাজারই হওবে এই ভবসঃ করিয়া গোপনে এক ব্যক্তিকে সেই জলগবে পাঠ ইন্। দেই বজি কলখদের তুলা সাহধী এবং কর্ম নিপুণ না হওয়াতে সমুদ্রে যাতা করিবার স্ময় এক মহাভয়ানক ঝড় দেখিয়া অভান্ত ভীত হইয়া **স্বদেশে** ,ফিরিয়া আইল। কলম্বন এ মল্লিদের শঠতা ব্যবহার দেখিয়া বিরক্ত হইয়া সেই দেশ পরিত্যাগ করিয়া আপুন गहामत्रक हे लिखना श्रीत कतिल । किंदु मिथासि কেহ সহায়তা করিল না। সেই কালে স্পেন দেশের রাজ মুফলমানদিংগর নহিত যুক্তে প্রবৃত্ত ছিলেন। সেই মুষদ-

মানেরা তাহার পূর্বের প্রায় তাবৎ স্পেন দেশ অধিকার করিয়াছিল কিন্তু সে সময়ে কেবল গ্রিনাডা নামক নগর তাহাদিণের অধিকারে ছিল। কলম্বদ ইউরোপীয় অন্যান। ুরাজাদিগের নিকটে যেরূপ করিয়াছিল সেই রূপ স্পেন-े**দেশীয় রাজা**র নিকটেও সাহাযা প্রার্থনা করিল। ভাছাতে ্রিসেই রাজা আপন মন্ত্রিবর্গকে এই বিষয়ে বিবেচনা করিতে ভাদেশ করিলেন, কিন্তু অ্জান মন্ত্রিগণ কলম্বসের অভিপায় 'বিবেচনার বিষয়ে অত্যন্ত মুর্যতা প্রকাশ করিল; কেহ কহিল সমুদ্রের সীমা নাই, অনে। কহিল প্রথিবীর গোলাকার জন্য ্তীর ইইতে কিঞ্দূরে গমন করিলে পুনরাগমন অসাধা ছইবেক। অতএব তাহারা রাজাকে এইবিষয় অসাধা কোনাইল। তাহাতে তিনি কলম্বের আবেদন অগ্রাহ্য করিলেক্ত্রা তাহার পর কলম্বস ইউরোপীয় আরও তিন ক্ষুদ্র রাজাকে নিবেদন করিল। কিন্তু তাঁহারা ভাহার 'সহায়তা করণে অশক্ত হওয়াতে সে ইংলওদেশে গনন केরিতে বাসনা করিল।

কালে রাণীর কএক জন মন্ত্রি তাহাকে পুনর্কার আনয়নার্থে রাজীকে পরামর্শ দিল । এবং রাণী ও তাহাতে সন্মতা ইইলেন। কিন্তু তাঁহার স্থামী কুপণ স্বভাব প্রযুক্ত তাহাকে পুনরায় বিদায় করিলেন। তাহাতে কলম্বন পুনরায় বিদায় করিলেন। তাহাতে কলম্বন পুনরায় আশা ভঙ্গ হওয়াতে ততোধিক কুরু হইল।

কিছু দিবদের পর মুবলমানদিশেব রাজধানী স্পেন্দি-

পের অধীন হইল । তাহাতে রাজা ও রাণী এবং রাজ-সভাত্ত সকলে আহলাদ সাগরে নিমগ্ন হইল ৷ কলমুনের বন্ধুগণ লোক দাধারণের আনন্দ দেখিয়া এই সময় উপ-যুক্ত ইছা বুঝিয়। তাহাব প্রার্থনা সফল করণার্থে রাণীকে অনেক সাধাসাধনা করিল। এবং রাণীকে কহিল যে আপন-কার এই রাজস্ব সময়ে যদি ফুতন দীপ পাওয়া যায় ভাৰ ভাহাতে আপনকার যথেই গৌরব বৃদ্ধি হইবেক! শবে রাণী তাহাদিলের প্রার্থনা সফল করণে সমতা হইয়া পুনরায় কলম্বসকে ডাকইয়া যাত্রার ব্যয় নির্বাহার্থে আপনার থলকার বন্ধক রাখিয়া অর্থ প্রস্তুত করিলেন ! সেই াতে সে তিন খানি কৃত জাহাজ কয় করিল, ভাহাতে ংার বৃত্রিশ হাজার টাকার অধিক বায় হইল না 1 এতদ্রপে কলম্ম প্রায় আট বংসর পর্যান্ত ইতন্ততো

করণের উপায় প্রাপ্ত হটল ৷ भकत अञ्चल इट्टान हेर ১৪৯२ **मालित आगर्छमात्मत**े ভূতীয় দিবসে কলখন জাহাজ আরোহণ করিল ৷ তাহার াগ্যন কালীন অনেক লোক সমুক্ততীরে যাত্রাসিদ্ধির নিমিক্টে পরমেশ্রের নিকট প্রার্থনা করিল। কলছস ঠিক পশ্চিম দিকে জাহাক চালাইল। কিছু দিন পরে নাবিকেরা 🕶 । দেখিতে না পাইয়া অপরীক্ষিত ও অপরিচিত সাগর মঞ্জে হতাশ হইয়া কপালে করাঘাত করত রোদন করিতে 🚮 গিল ৷ কলম্বল আপন মানস পূর্ণ করণে এমত ব্যঞ্জি ছিল যে প্রায় ভাহার বিশ্রাম ছিল না। সে আপন

ভ্রমণ করিয়া বার ২ আশাভঙ্গ হইলেও পরে মানস পূর্ণ

বিবেচনামুসারে সকল বিষয় নিরূপণ করিল, এবং অনা কাহাঁকেও জাহাজ চালাইতে না দিয়া আপনিই তাহা চালাইল। জাহাজ তীর হইতে কর পথ আসিয়াছে ভাহা নাবিকদিগকে কখন জানাইত না । টিক পশ্চিম-দিগে জাহাজ চালাইতে ২ তাহারা দেখিল সমুদ্রের জল শেয়ালাতে আফাদিত; তাহাতে তাহারা অমুমান করিল এই প্রথিবীর প্রাপ্তভাগ । কিন্তু কলম্ম তাহাদিগকে কহিল তাহা নয়, ইহাতে বরং এমত ভর্মা হইতেছে যে আমরা অবশা কোন দেশের নিকটে আসিয়াছি।

े আক্টোবর মাসের প্রথম দিবস পর্যান্ত তাঁহারা ৬০০ ক্রোল গমন করিয়াছিলেন।কিন্তু কলম্বন তাহারদিগকে কহিল যে তীর হইতে কেবল ৪৯০ কোশ আমরা আসি-স্থাছি তাহারা সেই সময়ে একুশ দিবস পর্যান্ত স্থল দেখিতে মা পাইয়া শীঘ্র কোন দেশ পাইবার আশাতে নিরাশ হইল। তাহাতে প্রধান অপ্রধান তাবং নাবিক আপনাদিগকে ব্যান্ত বিপদ্পান্ত বোধ করিয়া অভিশয় বিলাপু করিতে कांभिज এवर भूमव्हांत कितिया याँग्तांत करना अठि वाछ ছাইল : কিন্তু কলম্বস সাহসে নির্ত্তর করিয়া কথন সাধাসাধন। ্ৰত্থন বা ধ্যক দিয়া ভাহারদিগের রাগাদি নিবারণ করিল। এই রূপ করাতে সে তখন কুতকার্য্য হইল অর্থাং কিছু দিন ভাহার। স্থির হইয়া থাকিল বটে, কিন্তু ভাহার পর ভাছারা পুনরায় হতাশ হইয়া কলমসকে সাগরে নিকেপ ক্লিরিতে ও সদেশে জাহাল কিরাইতে মন্ত্রণা করিল। সাধা অধিনা কিয়াধনক দারা ইহাদিনকে আর রাখিতে প্রিব

না কলধান এমন বুঝি য়া ছড় প্রতিজ্ঞা করিল বে বদি ভিন্ন
দিনের মধ্যে হল দেখিতে না,পাই তবে দেশে প্রত্যাপম্ম
করিব। দেই সময়ে কলমদের কোন দেশ পাইবার ভর্ম।
অতান্ত প্রবল ছিল যেহেতুক জলমাপক স্ত্র নিক্ষেপ করাতে
স্তিকা স্পর্ম হইল অধিকন্ত দে এক থোব টাটকা ফল এবং
কতক গুলিন স্তুন কাটা বেত সাগরের জলে ভানিতে
দেখিয়াছিল।

আক্টোবর মাসের একাদশ দিবসে কলম্বস জাহজের পাইল গুটাইতে আজা করিল দেই রাত্রিতে জাহঞ্ছ কোন বাজি চকু मुख्छित करत नाहे नकरलहे मिन मिथियात **अठीकार**ङ অভিশয় উৎকণিত ছিল রাত্রি ছুই ঞহর ছুই ঘণীর সময় प्रियम मृत्र **এकট। आम्बा इे**ड्डाडा ख्रम् कतिरहाई । किहू ক্ষণ পরে অপ্রগানি জাহাজের লোকেরা স্থল ২ বলিয়া উচ্চৈঃস্বর করিয়া উচিল। তংকণাৎ অন্যান্য আহজস্থ लाक्तां अ वे व्यानमञ्जनक भरमत अधिश्रमि कदिन। शह দিবদে তাহার৷ প্রাভঃকালে অর্থাৎ আক্টোবর মাসের দাদ্দ দিবলে এক তেলাণ দুরে ভূণ বৃক্ষাদিযুক্ত এক দ্বীপ দেখিয়া আৰু क्लाम मागद्ध निमध हरेया উচ্চि: यदा श्रद्धा स्वाम করিতে লাগিল, এবং ধর্মনীত গাইতে আরম্ভ করিল। নাৰ্ কেরা কলম্বনের পদতলে পতিত হইয়া আপনাদের **পুর্বা**র व्यमस्त्राम अन्। स्नात्मत मार्कना कार्थना कतिन। अर्भुत কুদ্র নৌকা ভাসাইয়া গীত বাদ্য করত জাঁড় বাহিয়া তীরে গমন করিল। কলম্ব ক ত্কি প্রাপ্ত এই নূতন দেৱেশ কলম্বল প্রথমত নামিল। পরে যুদ্ধবাদ। করত নাবিক সকল নিমিয়া পুনর্কার হাঁটু গাড়িয়া পরশৈধরের ধন্যবাদ করিল। অপের ভাহারা স্পেনদেশের রাজার পতাকা গাড়িয়া তাঁহার নামে ঐ দেশ অধিকার করিল।

ুঁ তদ্ধেশবাসি অনেক লোক তাহাদিগের নিকট একত্র হইয়া ভাহাদিগের বস্ত্র অন্তাদি এবং শুজবর্ণ মুখ এবং লয়া দাড়ি ব্রিদাখিয়া অতান্ত চমংকৃত হইল। কেননা তংকালে পকির ্পাথার নামে পাইল দারা প্রচালিত বৃহদাকার মত্রে ভারে:-্ছণ করিয়া ইহারা সমুদ্রে আগত হইয়াছে ইহা দেখিয়া এবং মেখধনির ন্যায় কামানের শব্দ শুনিয়া ও ভাহাদিগের ্রন্তুকের বিছাৎবৎ অগ্নি এবং ধূম দর্শন করিয়া ঐ ধীপঞ্ জৈ**জান ম**ূযোরা অত্যন্ত ভীত হইয়া তাহাদিগকে ভূমভলা-্রাত সূর্যা সন্তান বলিয়া স্থির করিল। এবং স্পেনদেশীয় 🗱 লাকেরাও ঐ স্বীপবাসি লোকদের আকার দেখিয়া আন্চর্য্য ক্রান করিল কারণ তাহারা একেবারে উলঙ্গ এবং তাহা-দিলের চর্মা অতি কোমল এবং বর্ণ তামের মত। দিবাংসান কালে তাহারা ভোঙ্গায় চড়িয়া জাহাজের নিকট আসিয়া অপঢ়েকন দিল। এবং তাহার পরিবর্ত্তে কাঁচের মালা ও कुछ घनी ७ अनाना अञ्चम्ला जवा शहिन। यूटन ও পুরাতন মহাদ্বীপের লোকেরা এই প্রকারে পরস্পার প্রথম মাকাৎ কালীন সমস্ত কর্ম প্রীতি দার। নির্মাহ করিল।

[50]

৩ সংখ্যা 🛚

অকবরের বিষয় ।

'অকবরের জন্ম নগরকোঠেতে হইল। তাহার পিতা ছ্যায়ু এক ক্লণ্যাত্র পুলকে অবলোকন করিয়া মনে ২ ঐ পুত্রকে পরমেশ্বরের এতি সমর্পন করিয়া ঐ বালকের ও ঐ বালকের মাতার যোগ কেনার্থে বয়রম খাঁ খানখানাকে রাথিয়া আপনি বাইশ জন লোকের সহিত তথাহইতে প্রেখন করিবেন । তালরে পর মহমুদ ছমাবুর আভাতা মীরজা অস্করি ভাতৃস্থেহ পরিত্যাগ করিয়া **অতি দ্বরাতে** নগরকোঠে উপস্থিত হইয়া তথাকার উদূ বাজার লুঠ. कतिए जानिज । इंहांत्र जानिदात किकिश भूटर्स खे वग्रतम খ। অকণরের মাতার ভপাতে থাকা ভাল নয়, ইহাবুরিয়া তাহাকে স্থানান্তরে রাখিয়া পশ্চাই অকবরকেও লইয়া गाइतन, এই प्रभाश नुष्ठे इटेन 1 वे भीतका अकृति छम् বাজার সমস্ত লুঠ করিয়া একাকী বালক অকবরকে পাইয়। প্রতিপালনার্থে আপন বেগমের নিকট তাহাকে সমর্পন করিলেন। পরে মহমুদ ছনায়ু খোরাসানে আসিয়া পঁছছি-লেন। তথাতে শাহ তহমাস্পের পুত্র মীরকা মহমুদ ছমাবুর নানা প্রকার দান মানাদিতে পুরস্কার করিলেন। তাহার পর মহমুদ ছমায়ু মসহদে গিয়া 💞 ছছিলেন, তথাতে ঐ তহম,স্প বাদশাহের সহিত সাক্ষাৎ করিয়া আপন জাতাদের শক্তাপ্রযুক্ত আপনার নানা স্থানীয়তার ু সবিশেষ কহিলেন ৷ তাহাতে বাদশাহ কহিলেন, তোমার

পিতা বাবোর আমার সহিত এই রূপ অনেক করিয়া-ছিলেন: সে ্যাহ। হউক, কিন্তু এই ক্লে আমি সৈন্য সামত দিয়া তোমার সাহাত্য করিব, কিন্ত তৃথি জয়ী হুইলে পর বলগ ও কন্ধার এই হুই দেশ আমাকে দিবা। মহমুদ ছয়ায় ভাহার এই কথা স্থাকার করিখা তাঁহার अञ्चवराक्ष এक शृद्ध ও দশ ছাজার লশকর লইয়, স্বাস্থানে প্রস্থান করিলেন। তাহাদ পর কলার ফতেহ করিয়া কিলার সহিত ঐ দেশ স্বীকারাল্লমারে ঐ ভহমাস্প বাদ্পাহের পুত্রের হাওয়ালে করিলেন, এবং আপনিও কাবেলি দেশে গেলেন। এই সময় কজলবাদের ফৌজের। কলারে আসিয়া উপত্রব করিল, ও ঐ সময়ে তহমাস্পের পুত্র মরিল। এই কারণ মহমূদ ছমায়ু পুনর্বার কল্পারে আদিয়া ঐ কজলবাসের ফৌজদিগকে দুর করিয়া আপনি পুনর্বার কাবেলে গেলেন, দেখানে ফৌজ জমা করিয়া মারজা কামরালের চক্ষু নত করিয়া দিয়া তাঁহাকে কাবা পাঠাইয়া দিলেন ৷ মীরজা অক্তরিও কাবা প্রভান করিয়াছিলেন, পথে তাঁহার মৃত্যু হইল, ও মীরজা হেন্দাল বিষ খাইয়া মরিলেন। ইহাতেই মহমুদ ছমারুর এবং তাঁহার বেরাদ।-রির নেখানে যত প্রাচীন ও নবা সৈন্য ছিল, সকলে আদিয়া ইহাঁর কাছে উপস্থিত হইল । ইহাতে বাদশাহ কাবোলহইতে প্রস্থান করিয়া দেকদর শূরকে পরাজয় করিয়া লাহোর ও সিস্কু অধিকার করিবেন। সেখানে জনেক ধন পাইয়া দিল্লীতে আসিয়া তত্তে বসিলেন ্রুবং খোতবা ও সিক্কা আপন নামে জারী করিলেন! ভাহার পর হিল্পোনেরও অনেক কিল্লা কতেছ হইল।
তাহার পর তিনি এক দিবস সিঁড়িচইতে নামিতেছেন,
এই সময়ে আছার শব্দ শুনিয়া তথাইইতেই তটস্থ ইইয়া
কিঞ্ছিংকাল থাকিলেন, পশ্চাং নামিবার উপক্রম করিতেই
তথাইইতে পড়িয়া প্রাণভাগ করিলেন। ইহার এই
বারের বাদশাহী কেছ ২ দশ বংসর লিখে, কেছ বা ১০
দশ নাস লিখে: কিন্তু অস্কের নিলনের কারণ আমি দশ

তাহার পর ভাঁহার পুত্র গোলভান জলাল্দীন মহম্মদ অক-বর বাদশহ হইলে বয়র্ম থাঁ, খানখানার পরামর্শে লাহোরের নিকটে কালানওৱে ভক্তে ব্সিয়া ৯৬৩ নয় শত তেষ্টি হিজিরি সনে জঘুদ করিলেন, ও সকল দিগে আজাপত পাঠাইলেন, খোত্ৰা ও সিক্বা আপন নামে জারী করিলেন; হিন্দুস্থান ও দক্ষিণে গুজরাত প্রস্তুতি অনেক দেশ ও অনেক বন্দর আয়ত্ত করিলেন, ও অনেক প্রধান লোক স্বতঃ ইহঁর অনুগত হইল। আর অকবরের अमनि ভাগোর প্রাবলা হইল যে ইহার নামেতেই अस रहेट लाशिम, कथन कान चान होन हेराँत भताक्य रस নাই। পরে থানথানা বয়র্ম থাঁ কোন বিষয়ে বাদশাছের কিছু আজ্ঞোমজ্ঞন করিয়াছিলেন। অতথব বাদশাহ তাঁহাকে এক দিবস কহিলেন, আপনি অতিবৃদ্ধ হইলেন, অতএব मस्अि कारा अधान कड़न, आश्रनकात शूख मूनियम थै। উজীরী করুন । বাদশাহ তাঁহাকে এই রূপ কহিয়া অতি বড় মর্যাদাপুর্বক তাঁহাকে কাবা পাঠাইয়া দিয়া তাঁহার

পুত্র মুনিয়ম খাঁকে খানখানা খেতাব দিয়া উজীরী কর্মে রাখিলেন। পরে প্রয়াগে ইলাহাবাদ নামে এক কিলা করিয়া প্রার্য সেই খানেই থাকিতেন, ও প্রয়াগের জল বিনা অন্য জল পান করিতেন না, এবং অক্ররাবাদ নামে এক শহর আবাদ করিয়া এক কিল্লা সেখানে করি-লেন ও সলতনং সকল প্রায় দেখানেই পাকিত: মর্ম্মঠভাট প্রস্তুতি অনেক দেশীয় নানা শাস্ত্রজ্ঞ অনেক পণ্ডিতদের সহিত ও কয় দী ও অবুলকজন ও হকীন অবুল কতেহ প্রস্তৃতি অনেক মওলানদের সহিত নানাবিধ শাস্ত্রীয় কথার आत्मादम थाकिटान. ७ अटनक म'कुठ माद्भात कातमीटि ভর্জমা সেই কালে হয়। এই রূপে নানাবিধ শাস্তভান-জন্য পারমার্থিক বৃদ্ধিপ্রতিভাতে মহম্মদের মতে অনাস্থা করিয়া মনে২ হিন্দুদের মতেই আস্থা করিতেন; অতএব ইরান ও তুরানের রাজারা ইহাঁকে অত্থোগ করিয়া লিখিতেন। সেই সময়ে আর ২ দেশেও এমত পণ্ডিত ও মহাপুরুষ সকল হইয়াছিলেন, যে তাঁহাদের করা শাস্ত্র ও মত সকল এখনও লোকে প্রচরদ্রেপ আছে, ও ইহারি कता चारेमत मण्ड এथना चानक ताककोग्न वालित হইতেছে: পরে স্ঞাতীয় অনেক বেগম থাকিতেও এক হিন্দু রাজাকে প্রার্থনা করিয়া তাঁহার এক কন্যা আপনি বিবাহ করিলেন, দে রাণী অন্তঃপুরে হিল্কুদের মতান্ত্র-স্তির সূর্যার্ঘ্য দানাদি দেবপুজা নিত্য করিতেন। ঐ রাণীর পুতা জাহাঁগীর যিনি ইহার পর বাদশাহ হইবেন। আর ুবে মহাপুরুষের বার্ত্ত শুনিতেন, সে মহাপুরুষের নিকটে

ঘাইবার ছুই ক্রোশ থাকিতে সকল লোক রাখিয়া পদব্রজে আপনি তাঁহার স্থানে গিয়া তাঁহাকে বিনয় প্রার্থনাদি করি-তেন, ইহাতেই কোন মহাপ্রক্ষের প্রস্থাপ ইহার পুত্র হয় ৷ পরে ইহার সভাতে তানদেন নামে এক অতি বড় গায়ক ছিলেন, ভাঁহার করা গান প্রকাশেতে এখনও গায়কেরা গান করে, ও পূর্বে যে২ দেশে যে২ ছাকিম থাকিজেন, ভাঁহারাই স্বস্দেশে আপনাকে বাদ্শাহ করিয়া জানিতেন, ও কেহু কখনও লালাবন্দি ও পেশ কোশ প্রাপে কিছু থাজানা দি.তন। এই বাদশাহ একৈক প্রদে-শকে একৈক সুবা করিয়া তাহার হাকিম একৈক স্থবে-দার করিলেন, তদর্যধি তত্ত্ব প্রদেশীয় রাজারা জমীদার নানে কথিত হুইল । ও রাজা ভোড়মল নামে ক্রিয় জাতীয় এক প্রধান মন্ত্রী প্রায় হিন্দুস্থানীয় সকল দেশের জ্বমী क्रम करिया क्रमाविम क्रियान । मारे अद्धि প্রত্যেক স্থবাতে কাতুনগোই সিন্নস্তা ও বাদশাহী একৈক অশ্বশালা ও একৈক হস্তিশাল: মোকরর হইল। আর ইনি দামি হিস।বে মুনসৰ নিয়মিত করিলেন। আর বীয়বর নামে এক মাপুর ব্রাহ্মণ ইহার সভাসদ ছিনেন, তিনি অতি বড় উপস্থিতবক্তা ও বুদ্ধিমান ছিলেন, তাঁহার সহিত অক্বর বাদ্শাহ প্রায় দর্বদা শ্লেঘোক্তি ও বালোকি ও অন্যোপ-দেশ প্রস্তৃতি নানাবিধ সালস্কার বাকে,তে আমোদ করিতেন 🖟 তাঁহাদের সেই সকল খেশে গল্প এখনও অনেক লোক করিয়া থাকে। ইনি ফয়জীকে ছ্মরূপে ক.শী পাঠাইয়া ভাঁহার বার। অনেক সংস্কৃত বিদ্যার আহরণ করিয়াছিলেক।

আর ইহার সভাতে কবিগঙ্গ প্রস্তুতি অনেক দ্রুতক্ষি ভাট ছিল, তাহার মধ্যে কবিগঙ্গ বড় কবি ছিল। তাহার করা অনেক দোঁহা ও কবিতা এখনও লোকতঃ প্রচার আছে ৷ আর শাহ অকবর উদাম দাতা ছিলেন; এক ২ मित्न कांणि छोका मान कहित्तन, এ क्रम मान आइडे মধ্যে ২ করিতেন ; আর ইনি গোমাংস ভক্ষণ করিতেন না, এবং কিলার মধ্যেতেও গোবধ বার্ণ করিয়া দিয়া. ছিলেন, তৎপ্রযুক্ত ভদবধি এখনও তাঁহার কিলাতে গোবধ रम ना । आत उँहित भीगा वीर्या शासीर्या लेमार्या গুৰুজ্ঞতা গুৰুগ্ৰাহকতা দোষ্ড্যাগিতা শিফীসমাদৱকারিতা ছুটবিনাশকারিতা বিদ্যামোদিতা দীনদ্রালুতা ছংখিজন-বন্ধুতা ধনিজনরক্ষকতা বক্তৃতা রসিকতা দাতৃতা ধার্মিকতা প্রজামনোরঞ্জতা সাহসিকতা সদোৎসাহিতা নিত্যোদাম-কারিত৷ মাতৃপিতৃতক্ততা প্রমেশ্বরায়্রাগিত৷ প্রভৃতি উত্তম গুণের কথা আমি কত লিখিব? ইহাঁর অনেক তওয়ারিখ আছে, তাহাতে দে সকল কথার বিস্তার আছে। ইহার বিষয়ে অধিক আর কি লিখিব? শ্রীবিক্রমাদিত্যের পর এই হিল্পুন্থানে এখন পর্যান্ত গুণেতে ভাহাতে সে সকল কথার বিস্তার আছে ৷ ইহাঁর বিষয়ে অধিক আর কি লিখিব? শ্রীবিক্রমাদিতের পর এই হিন্দুস্থানে এখন পর্যান্ত গুণেতে অকবর শাহের সমান সম্রাট আর কেহ হন নাই।

8 मरशा।

वानिका।

ভিন্ন জাতির ব্যবহার যোগ্য নানাবিধ দ্রব্যের বে পরস্পর বিনিময় করণ ভাহাকেই বাণিজ্য কহে সকল দেবেশতেই এক প্রকার বস্তু উৎপন্ন হয় না কিন্তু পরস্পর বিনিময় করিলে সকল দেশীয় লে!কেতেই সকল দেশোৎপন্ন দ্রব্য ভোগ করিতে পারে. **উ**ফ দেশ ব্যতিরিক্ত এদেশে তুলা জন্মে না আমেরিকা দেশের ক্লেত্রে তুলা জন্মে কিন্ত ত্যক্ষণীয় লোকেরা এতদ্বেশীয় লোকের ন্যায় সহজে সূত্র শ বস্ত্র প্রস্তুত করিতে পারে না কারণ আমাদের উক্ত িষয়ের নিমিক্তে অনেক উত্তম ২ যন্ত্র ও অধিক নৈপুৰা আহে অতএব তাহাদের পক্ষে এই উত্তম হয় যে এম্বানে ভাহার। তুলা পাঠাইয়া দিয়া তাহার পরিবর্ত্তে কতকগুলি: হস্ত্র গ্রহণ করে এবং এই রূপ ব্যবহারেতে আমরা উভয়ে**ই** সাহায্য প্রাপ্ত হইতেছি. পুনশ্চ পশ্চিম ভারত বর্ষ হইতে চিনি ও চীন হইতে চা আসিয়া থাকে উক্ত উভয় দ্ৰব্য ঐ উষ্ণ স্থান ব্যতিরিক্ত ইংলও দেশে কোন রূপে উৎপন্ধ করা যায় না এই রূপ পোর্ভুগীশ ও অন্য ২ দক্ষিণ দেশ হইতে যে কমলা লেবু আইসে তাংাও এস্থানে জন্মে না কিছ ছবি কাঁচি ও বস্ত্র যে বস্ত্র চীন ও পশ্চিম ভারতবৰ্ এবং পোর্থীশস্ত লোকদের অপেক্ষা অল্প মূল্যে অথচ উদ্বয় রূপ নিশ্মাণ করিতে পারা যায় এই সকল ক্রের বিনিমর অর্থাৎ বদল দিয়া চিনি প্রস্তৃতি জব্য প্রাপ্ত হই 🥇 এই প্রকারে আপন ২ দেশে ঐ সকল দ্বা প্রস্তুত করা । অপেকা বিনিময় করিলে উভয়ের অধিক লাভ হইতে । পারে।

रानिका निविद्ध कल विकि উপकातक इन्नेट्टिक, ममुखरक আপাততঃ বোধ হয় গে নানা প্রকার দেশকে ভিন্ন করিয়া রাখিয়াছে কিন্তু ধানিজ্য বিষয়ে সমুদ্র সমুদয় দেশকেই একতা করিয়। রাখে ধদি আমেরিকা ও আমাদের দেশের মধাবর্ত্তি ভালে কেবল ভূমি মাত্র থাকিত অর্থাৎ সমুক্ত मा, पोर्किट उट्टा आगता जुला लाख इंटेजिम ना क.तन শকট দারায় তুল, আনিতে হুইলে তাহার মূলা অপেকা অধিক বায় হয় বিবেচনা কর যে একখনি আহাজে যে দ্রপ্ত **অটেনে** সেই দ্রব্য শকটে আনিতে হইলে কত অখেতে আনিতে পারে অধিকত্ত ঐ সকল অশু যত দিন পথে থাকিবে তত্ত দিন তালার। আহার ও বিশ্রামও করিবে কিন্তু জাহাজ টানিবার অস্বায়ু হইয়াজে এবং তাহাতে এক খান পাইল বিস্তারিও করা ব্যতিরেকে অনা কোন কর ছয় ন' জাহাজ স্কল। জলের উপর থাকাতে শকটের নাায় ভূমির উপর টানা অপেকা জাহাজ সহজেতেই বিচলিত হয় ত্রিমিত্তে জল দার্য ক্রাদি আনাইবার নিমিক্তে অনেক ২ স্থানে খ'ল খনন করা গিয়াছে, জলের ষ্টিপরিস্থ একথান এত বোঝাই বজ্রা একটা অগব। ছুইটা অব্যেতে অনায়াসেই টানিতে পারে যে তত বোঝাই বজ্া ছুমির উপর থাকিলে তাহা দিগুণ অখেতে একবার নাড়াইতেও ক্লানে না. ইহা কত পাপ ও দোষ জনক হয় যে ভিন্ন ২

জাতীয়ের। বাণিজ্য না করিয়া পরস্পার ঈর্ষ্যা দারা যুট করিতে প্রবৃত্ত হয় কারণ বাণিজ্য করিলে উভয়েই ধা ইতে পারে ও লাভ করিতে পারে কিন্তু ইহার বিপথগায়ির ইতি পরমেশ্বর কর্তৃকি উরুম ২ দান বুথা দত্ত হয়।

क मर्था ।

भारभत विषयः।

পাপ হইতে যে কুদল জন্মে তাহার কিঞ্ছিৎ বর্ণনা করি।

ইশ্বের গোচরে পাপ কি ইহা বিবেচনা কর ।

ন্তুগদীশ্বের বিরুদ্ধে অর্থাৎ তাঁহার গুণ সমূহ ও রাজ্যা

শাসনের বিরুদ্ধে যে শত্রুতা সেই পাপ। পরমেশ্বর যে

কোন অভিমত প্রকাশ করেন পাপ তাহার প্রতিবল্ধন
করা করে ও যে কোন আজা দেন পাপ তাহা পদদিলিত করে। এ জন্য পাপ অপেক্ষা ইশ্বরের বৈরক্তি

জনক অন্য কিছু নাই এবং এ জন্য ইহাকে ইশ্বরের

যুণার্হ্য ও গর্হ্য ক্রের্য বলিয়। শাল্রে বর্ণনা করিয়াছে ।

মন্তুযাদিগের প্রতি পাপ কি করে তাহা বিবেচনা কর।

হায় ২ মন্তুযোর প্রথমাবস্থা ও বর্জমানান্থা কত স্বতন্ত্র।

পাপ হইতেই এরপ ছদ্দেশা হইয়াছে। পাপ মন্ত্র্যাদের

মহিমারপ বন্ত্র নন্ট করিয়াছে ও গৌরবর্রপ মুকুট অপহরণ
করিয়াছে । মন্তুযোর আজার বিষয় বিবেচনা কর । পাপ

এই আলাকে অপ্নানিত ও কলঙ্কযুক্ত ও ইশ্বরের সাম্ভণ্য

বিহীন ও তাহা হইতে প্রথক করিয়াছে। পাপ মন্ত্রার মনে ইন্দ্রিয় গণের প্রবলতা ও যন্ত্রণাদায়ক ভাবনা ও আন্তরিক ভয় ও তৃঃকজনক পরিতাপ উৎপন্ন করিয়াছে। মন্ত্রার দেহের বিষয় বিবেচনা করে। এই দেহ পূর্বের অমর ও নিযুঁত এবং নীরেগ ছিল। কিন্তু পাপদারা স্ত্র্যু জগতে প্রবেশ করিয়া সর্কা জীবের হাত্যন্ত ভয়ের কারণ হইয়াছে। এবং এই কবে দ্রীগর্ত্তকাত মন্ত্র্যা অত্যন্ত্রকালজীবী ও অত্যন্ত দুরুষান্ত ইইয়াছে। মন্ত্র্যাদের তাবং ক্রখ দুঃখগুরু ও তাবং মঙ্গল শাপগুর । পৃথিবীতে এইক্ষণে যন্ত্রণাদায়ক পীড়াও যুদ্ধ ও মারীভয় ও ছাভিকাদি জন্য মনুষ্যাণ যে হ ছঃখ ও ক্রেশ লোগ করে দে সকল যদি একেবারে দ্রুষ্টি গোচর হইত তবে যে পাপরেপ শত্রু এই সকল গুরুতর দুর্ঘটনা ঘটায় তাহার বিষয়ে কিরপ বোধ হইত।

পাণহটতে ইহলোকে পূর্বোক্ত অনঙ্গল সমূহ ঘটে।
কিন্তু পরলোকও আছে; আর ইহলোক ধ্বংস হইলেও
লোকান্তর চিরকাল থাকিবে। সেখানে পাপের ভয়ানক
ছঃখরূপ ফল সম্পূর্ণ রূপে প্রকাশ পাইবে। পাপ হেডুকই নরকের নির্মাণ, পাপহইতে তক্তর অমর কীটের
উৎপত্তি, পাপদারা অনির্মাণ অগ্নি প্রজ্বলিত হইয়াছে।
এখন শুন, আমি যাহা কহি তাহা বালকেরাও বুঝিতে
পারে। যদি ইশর নাায় পূর্বক এই রূপ শান্তির কথা কহিছে
পারিয়াছেন, তবে অবশাই ন্যায় পূর্বক শান্তি প্রদানও
করিতে পারিবেন এবং তিনি যদি ন্যায় পূর্বক এই রূপ
শান্তির দিতে পারেন তবে পাপীও এই রূপ শান্তির যোগ্য

10

বটে ইহা স্থিত হইল এবং যদি পাপী এইরপ শান্তির যোগ্য হটল তবে পাপকে সর্বাপেকা ঘূণাহ বস্তু জ্ঞান করা আমা-দের উচিত।

৬ দ°খা [

১৭৫৫ শালে লিম্বান নগরের আশ্চর্য্য ভূমিকম্প।

উক্ত শালে নবেম্বর নাসের প্রথম দিবসে অপূর্ণ প্রাত্তকাল ছক্ত হইয়াছিল ঐ দিবসে সূর্য্য সম্পূর্ণ রূপে কিরণ বিতরণ করেন, ও গগণ মওল অতি নির্মাল এবং স্কৃত্বির ছিল, ঐ দিবসে উক্ত বছজন যুক্ত ও ধনি এবং বৃদ্ধিষ্ট্র লিস্বান নগর এক সুহুর্ত্বের মধ্যে যে ঘটনা ছারা সক্ষমাধারণের ছুল্থের ও নাম্বের কারণ হয় ঘটনার কোন চিহ্ন পূর্বের জানা যায় নাই।

উক্ত সাংঘাতিক দিবনীয় দশ ঘটিকা সময়ে আমি নিজ গৃহ মধ্যে উপবিন্ট ছিলাম ইতোমধ্যে একখান পত্ৰ লিখিয়া সাদ করিবা নাত্রেই আমি যে টেবিলের উপর লিখিতেছিলাম ঐ টেবিল অল্লং কাঁপিতে আরম্ভ হইল তৎকালীন কিঞ্ছিত্ত বায়ুর গমনাগমন ছন্ট না হত্যাতে ঐ বিষয় দেখিয়া আমি বিস্ময়াপম হইলাম । আমি এই বিষয়ের কারণা-বেষণের চিন্তা করিবার সময় বাটার মূল অবধি সমুদ্য় কাঁপিতে আরম্ভ হইল ভাহাতে একবার এরপ জ্ঞান হইল মে বুঝি পথের শকটের ধ্বনিতেই এই রপ হইতেছে কিন্তু মনো যোগ পুর্বাক বিবেচনা করিয়া বোধ হইল যে ঐ শক্ত দূর্ম

বক্সের শব্দের ন্যায় ভূমির নীচে হইতেছে এক মূহুর্ত্তের মধ্যেই এই সকল হইল। আমিও কিঞ্ছি ভীত হইলাম কারণ আমার মনেতে হঠাৎ এরপ উপস্থিত হইল যে এই শবদ বুঝি ভূমিকস্পের পূর্বর চিহ্ন হইবে ৷ পরে আনি হস্ত হইতে কলণ তাগে করিয়া অত্যন্ত সম্বর হইলাম এবং এরপ শক্ষিত হইলাম যে একণে আমি এই গৃহ ঘণ্ডে থাকি কি বাহিরে গমন কবি কিন্তু ঐ কগরের অট্টালিকাদি সমুদয় বাটা এককালে পভিত্হইয়া একটা আভান্তিব भक्ष इंड्राट्ड लाव हरेल एर एम इठार खन्न इरेन। আর আমি যে গৃহমধ্যে ছিলাম সে পুহ এতে। অধিক কাঁপিতে আরম্ভ হ্ইল যে তাহার উপরিত্পুত্ তৎকণাং পতিত হইয়া গেল এবং আমার সেই একতালা মর ভংকালে একেবারে ভূমিতে পতিত হয় নাই বটে, কিও তাবং বস্ত স্বান হইতে জ্ঞ হইয়াছিল ও অতি কট বারা আনি পদবয় স্কৃত্বির করিয়াছিলাম 1

ত্ৎকানীন আমার জান্য কোন বোধ না হইয়া তুঞ্ ইহাই বোধ হইল যে চাপা পড়িয়া প্রাণ বিলোগ হইবে, কারণ সমুদয় দেওয়াল ভয়ানক রূপে ইওস্তত চলিতে তু কোন ২ স্থান ভগ্ন হইতে আরম্ভ হইল ও বৃহৎ প্রস্তব সকল বিদীর্ণ হইয়। ভূনিতে পড়িয়াছিল, ও বরণা সকল দেওয়াল হইতে অতি দুরে২ ছটকিয়া গেল এবং অতি অ্লু কালের মধ্যে আকাশে এয়প অল্লকার হইল যে ভাহাতে আর কিছুমাত্রও ছাইটিগোচর হয় না, এবং চূণ ও ধূলির পরস্পার ঘর্ষণ দ্বারা ও বৃহৎ অটালিকা সকল

[**२**@]

পড়াতে আর কেহ ২ কহে যে গল্পকের বাঙ্গদারা অতাত্ত নেখোদয় হওয়াতে ঠিক যেন নিশর দেশের অল্পকারের ন্যায় হইয়াছিল, সে যাহা হউক, প্রায় দৃশ মিনিট অর্থাৎ ২৫ পল পর্যান্ত আমার নিশাস রোধ হইবার সম্ভাবনা হইয়াছিল।

পশ্চাথ যথন ঐ অজ্বকার নই ও কৃষ্পের বেগ কিঞ্চিং ভ্ৰাস হইল, তথন প্ৰথমে একটি স্ত্ৰী সৰ্বাংস ধূলি যুক্ত ও অত্যন্ত মলিন ও একটা শিশু ক্রোড়ে করিয়া আমার মেজের উপর অভান্ত কম্পিত হইরা উপবিট দেখিগাম. আমি তাহাকে ফিজাদা করিলাম যে তুনি কি রূপে এস্থানে উপস্থিত হইলে, কিন্তু তিনি ভাহার ব্রাপ্ত কহিতে পারিলেন न!, खडास करें भूर्तक आम'रक किखामा कतिरान रा धरे প্রধিধী রসাতল হইয়াছে কি না, ইহা তোমার বৃদ্ধিতে কি হয়, আরও তিনি কহিলেন যে আমার নিশাব রোধ इडेग्राइ এवः कि किः भानीय जना ও याद्धा कतित्वन, আমি তাঁহাকে কহিলাম যে তুমি তৃঞা নিবারণের চেটা मा भाहेगा একবে गाहाटा कीवन तका हम छाहाति किया পাও; কারণ এই বাটী আমাদের মন্তকোপরি পতিত इटेट्डइ बदर भूनमात्र बक्रम कष्ण इट्टल जामापिनाक धिषिनीत्र मीरिक यांटेल्ड इडेरन खंडे कथात्र भरत्रल्डे खे স্ত্রীলোকের হস্ত ধরিয়া অতি ত্বায় নীচে নামিয়া আইলাম, ও টেগদ নামক নদীতে গমনাগমনের যে পথ ভাহাতে ভংকণাৎ যাইতেছিলান, কিন্তু বৃহৎ বাটী সকল পড়িয় এ পথ রুদ্ধ হওয়াতে পুনর্বার ফিরিলাম, ও আদিবার

कांगीन वृहरूर छन्न राजित छेशत निम्ना थे खील्याकरक ষ্মানিতে অনেক ক্লেশ হইয়াছিল, এবং আনিবার কালীন **এक् ऋ.रन ७** इल घठिन रव इन्छ लाम छे उटहात माहाया ব্যতিরেকে দেও নে উঠা যায় না, ত্রিনিত্তে উক্ত স্ত্রীলোককে কহিলেন যে আনার হতু তাগে কা তিনিও হস্ত তাগে করিয়া আমার ছট তিন পাদ পশ্চাতে থাকিলেন এই সময়ে একটা ভগু দেওয়াল হইতে একখান অতি বৃহহ প্রস্তর পড়াতে ঐ স্ত্রা লোক ও তাহার দালক একেবারে চুৰ্হইয়া গেল ৷ অবিও ঐ সময়ে এক অতি কুন্তাপথ যাহার ছুই পার্থে অতি ইচ্চ চারি পাঁচ তালা পুরাতন আটালিকা ভিল সেই পথ দিয়া চলিলাম, ঐ সকল বাটীর মধ্যে তৎকালীন প্রায় আনেকেই পতিত হইয়াছিল এবং কতগুলি পড়িডেছে ভাগতে পথিক লোকের প্রতি পদে অর্থাৎ পায় ২ মান ভয় উপস্থিত হইয়াছিল, আর উক্ত পথে দেখিবাম যে, জনেকেই স্তর্গবস্থায় পতিত র্গিয়াছে बादश काछाछ पूर्वायत विषय এटे या, कडछान लारकह শরীরে এরপ ক্ষত ও আঘাত হইয়াছিল যে তাহাদের অগ্রেতে নুত্র উপন্তিত হইলেও অর্থাৎ ঐ সকল ভগ্ন বাটা ভাহারদের উপরে পড়িবার কালীনও ভাহারা সে স্থান হইতে श्रवायम कि। एउ शास्त्र मारे ।

দে যাসা হাইক. জগতের এই রীতি যে, সকল অপেক আত্মার রক্ষাই প্রধান কর্ম, ত্রিনিজে আমার যে পর্যান্ত সংখ্যা তিন ত্রস্থারে মন্তর হইয়া গমন করিলাম কিকিং পরেই ঐ অতি অপ্রশস্ত পথ হইতে মুক্ত হইয়

ķ

দেশীপাল নামক গ্রিজার সম্মুখে অনাবৃত স্থানে উপস্থিত হইলাম, এবং সে স্থানে আসিয়া আমার সমুদয় উদ্বেগ দুর হইল। আমি উপস্থিত হইবার কিছু পূর্বেজে ঐ গ্রীজা পতিত হইয়া তাহার মধ্যস্থ ব্যক্তিদিগকে একেবারে সমভূমি করিয়াছে, সে স্থানে থাকিয়া চিন্তা করিলাম থে একণে আমি কি করি, কিন্তু আমার উদ্বেগ দূর না হওয়াতে সেই স্থানের নদীর দিগে ঘাইবার নিমির্ব্তে ঐ গ্রীজার পশ্চিম অংশে উট্লাম, আমার সেখানে যাইবার তাংপর্য্য এই যে পুনর্জার কম্প উপস্থিত হইলে আমি ভগ্ন বাটাহইতে যত দূরে থাকিতে পারি সেই ভাল হয়।

আমি অতি কটেতে নদীতীরে যাইয়া দেখিলাম বে দেশ্রানে নানা প্রকার লোক কি ধনী কি নির্ধন এবং ক্রী ও পুরুষ অর্থাৎ নানাবিধ লোক আসিয়াছে। ঐ সকল লোক অর্থাৎ যাহারা এই নিরুদ্ধেগ স্থানে একত হুইয়াছে তাহারা আসম স্থতুার ন্যায় মূর্ত্তি হুইয়া প্রমেশবের আরাধনা করিতেছিল এবং অনেকেই বক্ষঃস্থলে করাঘাত পূর্মক ঈশ্বর নিকটে রক্ষা ও কৃপার নিমিত্তে নিরম্ভর প্রার্থনা করিতেছিল।

ঐ রূপে আরাগনা করিতে ২ পূর্বাপেকা কিঞিৎ অল্প বেগে পুনর্বার কম্প উপস্থিত হইল, এবং ঐ কম্পেছে পূর্বের অবশিষ্ট ছিন্নভিন্ন যে কিছু গৃহাদি ছিল ভাহা সমুদয় নই হইয়া গেল, তৎকালীন, ভাবৎ নোক একে কালে এরপ ভীত হইল যে অনেক দুরের ক্রেন্দন গু উচ্চৈঃস্বরে ধ্বনি সুস্পাইরপে শুনা যাইতে লাগিল, এবং জারও শুনা গেল যে প্রামা গ্রীজা পতিত হইয়া জনেক লোকের প্রাণ নন্ট হইয়াছে, ঐ কম্পের বেগ এত অধিক ইইছাছিল যে আমার চুই জাতুর কম্প কোন রূপে নিবারণ করিতে আমি সমর্থ হইলাম না, এবং ঐ কম্পের সহিত পুর্বাপেকা অনেক ভয়াক বিষয়ের যোগ ছিল।

্ হঠাৎ শুনা গেল যে সমুদ্র উথলিয়াছে, অভএর আমরা, সকলেই মারা পড়িলাম, আমি তাহাতে টেগল নামক बन्नीबन्तिश क्रफिक्किन कतिया पिथलाम य थे क्रहे ज्यान विखु उ मनी दांचू वाजिद्धारक चांकर्या कील इहेरलाइ, পরে এক মূহুর্তের মধ্যে দেখা গেল বে একট। পর্বতের नामि छेक इदेशा सन वांतिराउद्दा, धवर खे कन महानय পুর্বক সফেণ হইয়া নদীর কুলে অভিবেশ পুরংসর আসিতে লাগিল, ভাহাতে আমরা আপন ২ প্রাণু বুকাবু নিমিত্তে সাধায়সারে দৌড়িরা চলিলাম। পরস্ক ঐ ললেতে অনেক লোককে একেবারে ধুরে লইয়া গেল, কিন্তু আমি মতি কটেতে প্রাণ রক্ষা করিলাম, যদাপি একটা বুহৎ কজিকটিকে প্রচুরূপে না ধরিতাম তবে আমি নিশ্চিন্তই মারা পড়িতান, কিন্তু যে পর্যান্ত ঐ জল পুনর্বার সে স্থান • इटेंडि नमान व्याग नित्रा यात्र नाहे अन्धास्त्रहे के किए-कां छ अवज्ञान कतिया किलाम ।

কুমিতে যেরপ বিপৎ সমুদ্রেতেও সেই রপ বিপৎ কেখিয়া আমি হির করিতে পারিলাম না যে প্রাণরক্ষার কিমিত্তে কোন্ স্থানে পলায়ন করিব, অতএব সেন্টপাল কামক গ্রীজার সঞ্ধে পুনর্কার ঘাইবার প্রতিজ্ঞা করিলাম ১ পরে সেই হানে গমন করিয়া দেখিলান যে জাহাজ সকল যেন অত্যন্ত বড়েতে তুনিতেছে এবং কতগুলি জাহাজের কাছি ছিম্ভিন হট্যাছে ও ক্তওল টেগস ্দীর এক পার হইতে অন্য পারে গমন করিয়াছে আরু: ক্তপ্রলি অভিবেগে যুরিভেছে এবং কভগুলি বৃহৎ ই মৌক। একেবারে উনুড় ছইয়া পতিত হইয়াছে । কিন্ত এই সকল ছওন কালীন বায়ুব লেশও ছিল না । এই নময়ে ঐ নদীর একটা ফুতন ঘাট থাহা উক্ত নীচ প্রস্তর বারা বাঁধান ছিল সেই ঘাট এবং তত্রস্থ লোক সকলকে নমুদ্র আসিয়া একেবারে গ্রাস করিল যে সকল লোক আপন্ত প্রাণ্ডকার নিমিত্তে ঐ স্থানে আসিয়াছিল এবং যাহারা এরপ প্রবোধ পাইয়াছিল যে এস্থানে থাকিলে ্রাণ্ডকা পাইতে পাবে আর ঐ ঘাটের নিকটে যে সকল নেকা ও ছোট ২ জাগাজ লব্ধর করা ছিল এবং 🗗 জাহাজে প্রাণরকার নিমিত্তে যে সকল লোক পলায়িত্র, इडेग्राहिल **এ সমুদ্**য়কে একেবারে একটা জলের মুর্না তাসিয়া গ্রাস করিল তাহারদিগকে পুনর্কার আয় দেখা গেল না 1

কিন্তু উক্ত ভয়ানক বাপার আমি স্বচক্ষুতে দেখি নাই বিরণ আমি ঘেসানে ছিলাম তাহা হইতে আদ্পোরা অন্তঃর এই বাপার হইয়াছিল, কিন্তু জনেক ২ জাহালা বিশ্ব যাহারা ঐ সমুদয়ের বিনাশ দেখিয়াছে ভাহানেই প্রথাৎ সমুদয় বিবরণ জ্ঞাত হইলান, ভাহাদের মধ্যে এক বাজি কহিলেন যে বিতীয় বার কম্পেতে দেখিলাম

যে যেমন বায়ুর আবেছেতে সমুক্ত ছলিতে থাকে সেই রূপ সমুদয় নগর ছলিতেছে এবং প্রথিবীর কম্প এতে। অধিক হ্টয়াভিল যে নদার মধ্যে যে সকল লঞ্র বিদ্ধ ছিল তাহাদিগকে জলের উপর ভাসিতে দেখা গেল. এই চমংকার কম্প হইবানাত্রেই নদীর জল একেবারে প্রায় ২০ পদ উচ্চ ছইয়া উ:ত এবং তংক্ষণাং পুর্বেদ যেরপ ছিল সেই রূপট হয়, তৎকালীন সে বাক্তি িদেখিল যে ঐ ঘাটের উপর কতগুল। ডুব। মন্ত্রা রহি য়াছে এবং ঐ ঘাটের নিকটে যে দকল দৌকা ও জাহাজ ্রিছল, ভাষারা এরপে গভীর ভানে নিমল হইয়া গেল যে, প শতাং তাহাদের ছিল ছলের কোন চিহু দেখা গেল না। আমি দেওীলাল নামক এজার চতুঃদীমার মধ্যে পদ প্র করিবা মাত্রেই তৃতীয়বার ভূমিকস্পের তিহু পাইলাম পূর্বের ছুই কম্প অংগক। তৃতীয়নার কন্সের েগ কিঞ্চি আল্ল হইয়াভিল বটে, কিন্তু সমূত্র পুনকার উপলিয়া উঠে প্রস্তু বেমন উঠে দেই রূপ তৎকণাৎ সরিয়া যায় 1 জিল এমন শেগে ও নিংশেযে সরিয়া গেল যে, যে সকল জাহাত ভংকালীন সাত বাও জলের উপর ভাষিতেছি ্তাহারাই শেষে একে গবে শুদ্ধ ভূমির উপর থাকিল। ভোমরা মনে করিতেই গে ইছাতেই এগারকার কল্পের জ্ঞিংথ সমাপ্ত হইল, কিন্তু হার খায় েন দিনের ছংখে: খ্রিবরন এতো অধিক আছে যে ভালাত্র এক খান এং সমাপন করা যাইতে পারে। লে দিবস সন্ধার পঃ **অন্ধ**কার **হ**ইলে আর একট। দুঃখ দেখা গেল, যাহ

পুর্নের সুংখ হইতে কিছু অল হংখদায়ক হইয়াছিল, মন্দ্র নগর এরপ উচ্চুল আলোকময় হইয়াছিল, মে ভাইতে অনায়ানে পুস্তুক পাঠ করিতে পারা যায়, ঐ গারের শত ২ জান একেবারে অগ্নিময় হইয়াছিল এবং মেই অগ্নি ক্রিন্ডর দ্যাকর অগ্রের অগ্রের ক্রিন্ডর দ্যাকর, অতএব পুর্নের কন্প হইতে যাহারা প্রাণ্রক্ষা করে ভাইবার পুনর্নার এই রূপ ক্টেতে পতিত হয়।

এই প্রকার অনি যে প্রথিবীকে ভেন করিয়া উঠিয়াছে লাহা আনি ভংকালীন জানিতে পারি নাই, ১ নবেম্বর আলদেওটন ডে অর্থাং এক একার ভংসবের দিন হওয়াতে তাবং এইলা ও মন্দিরস্থ বেদিতে নানা প্রকার প্রদীপ ও বাভিদারা আলো করা গিয়াছিল, ঐ সকল প্রদীপ ও বাভি পদা ও কার্ছেতে কম্পানারা পতিত হইয়া ভংকাণাং নিক্টস্ত গৃহ সকলে ধরিয়া যায় এই প্রকারে নগরের ভাবং দ্বা অর্থাং তাবং বহুমূলা দ্বা নই হয়।

যে সকল লোক দক্ষ হয় আৰু পতিত গৃহ খনন করাতে যে সকল লোক উঠে তাহাদের স্থান সংখ্যা ৬০০০০ ছয় আজারের ও অধিক হইবে, এই অতি ধনি মহানগর কেবল এক নই জারের রাশির ন্যায় হইয়াছিল, এবং ধনি ও নিধন গাজিরা সমান অবস্থা প্রাপ্ত হইয়াছিল ও সহজ্ঞ ই মন্থ্য যাহারা পূর্কদিন স্বচ্ছদেদ কাল্যাপন করিয়াছে তাহারাই পর্দিন সম্দ্য স্থা হইতে বঞ্চিত হইয়া মাঠেতে ছিলার হইয়া কাল্যাপন করে, এবং তৎকালীন এমন কোন বাজি ছিলানা যে তাহাদের োন রূপে উপকার করে ১

[৩২] ৭ সংখ্যা

মিখ্যা কথার বিষয়।

🔗 হে যুবক বন্ধণণ নিরস্তর সতাকথ। কহা তোমাদের ख्रवना কর্ত্তর, কারণ সৌভাগাক্রমে বালককালাবধি মতঃ 🍅 শী কহিতে অভাস করিলে বোধ হয় তোমাদের সেই প্রভাস যাবজ্জীবন থাকিবেক । যদাপি এখন মিখ্যা কথনে ্তি প্রবঞ্ন। করণে শ্লাশুনা হও তবে যত বয়েবৃদ্ধি ्रिक्ट्रेंस्क উভয়োভর অধিক প্রবর্ণক হইবা। কেনে কুক্রিয়া প্ৰার্থে তাহা গোপনাথে মাতা পিতা কিয়া শিক্ষকাদির **ঁনিকটে** মিথা। কহিতে মনের প্রবৃত্তি জবিতে পারে কিন্দ আমন প্রবঞ্জার বিষয়ে বিশেষ যত্র পূর্বক ভোমাদের সোবধান হওয়া কর্ত্ব্য । যেছেতু এ রূপ করিলে এক পোষের জনো অন্য দোষ করা মাত্র হয় এবং তাহাতে তোমাদিগের আচরণ পুর্কাদেকা অধিক মনদ হইংবক ্লিকাপি তোমরা সরল ভাবে সদে।ধ প্রকাশ কর ভবে ्रै**८क्ट** ঐ দোষের বিষয়ে বিশেষ মনোযোগ করি:বক ন। ্রিমন প্রার বেধি হয়, কিন্তু কোন দোষ করিয়া যদি ্মিথা। বাক। দরো গোপন ক্রিতে সচেটিত হও তবে শ্বশ্চাৎ তাহা প্রকাশ পাইলে তোমাদের গুরুতর দও (क्ट्रेंट्ट) मिथा। कथा चांत्रा माम मराजालम कविष्ठ भरगढ़ ুৰে কুপ্ৰবৃত্তি তাহা হইতে মূক্ত হইতে যদি বাসনা কর ভুঁৱে যথাস,ধা দোষ করণে ক্ষান্ত হও ৷ সাপ্ৰদার পা?

অভ্যাস ও অন্যান্য কর্ত্তন্য কর্মে যত্নবান হও, আর অমুচিত ব্যবহার ও অনিউকারি ক্রীড়া করিও না এবং আপন মাতা পিতা ও শিক্ষকের বাক্য সাবধান প্রস্কর্ক প্রতিপালন করহ। যদি তোমার সঙ্গিগণ কদাচার ও কুকর্মশালী হুয় ভবে তাহারা আপন দোষ সম্বরণের নিমিস্তে তো-মাকে মিথ্যা কথা কহিতে বলিবে আর যদি তুমি তাহা না কহ তবে তাহারা তোমাকে তিরস্কার করিবে এবং অপবাদক বলিবে ইহা অসম্ভব নহে ৷ অন্যের দোষের অনুসন্ধান এবং ভাহা দর্শন মাত্রে প্রকাশ করা অভি অধম কর্মা গুরাত্মার কর্তব্য । কিন্তু যদ্যুপি কেন্তু পরেব্র দোৰ গুণের বিষয় ভোমাকে জিজাসা করে তথন নিরু-র্বর হওয়া অথবা সত্যকথা কহা উচিত হয়। সার কথা এই, যে বহুস্ত : লাভের আশা কি কভির ভয় থাকিলেও কোন প্রকারে মিথ্যা কথা কহিও না। মিথ্যা কথা অধম ও ঘুণার্হ সভাবের চিহ্ন। যদ্যপিও নিখ্যা কথা বারা कथन २ क्रिम निवातन अथह किंधिर लांड इस उथानि এমত ফলভোগ করা ভোমাদের অকর্ত্তব্য ৷ এবং সেই শিখ্যা হারা প্রাপ্ত ফল অচি:র বিনাশ পায় কেন্না ^{(य त्}रांख्नित्रा भिथा। कथा कः ह जाही । एत मोठा अवनाहे াব্যক্ত হয়, এবং ব্যক্ত হুইলে আর কেহ ভাহাদিপকে विश्वान करत ना । गिथा कथा इहेट खन्याना प्लारबन्न, উৎপত্তি হয়। তাহাতে মন্ধ্য গুণ ও তেজোহীন হও-ষাতে সকলের কাছে তুচ্চনীয় ও ঘূণার পাত হয়। সভী ক্পনে যে সকৰ ফল জন্মে তাহা একণে বিবেচনা কর

নিতা সত্যকথনে কি ভোমার মনের সভোষ জন্মিবে না ! মিথাকথন রূপ অধম ক:ম লিপ্ত হই নাই, ইহা মনে ভাবিলে কি আনন্দ জন্ম ন। আর তংগ্রফুক অনোর নিকটে মন্মান পাইলে কি অন্তঃকবণ প্রফুল হয় নাই। এবং সতা হইতে সম্মজনক অনা কি আছে এবং যে ৰালক কি ধালিকা কি পুৰুষ কি স্ত্ৰীর বিষয়ে লোক बल होनि भन्नं विषय विश्वष्ट जगर ध्वेवक्षमांक मुना করেন শেই ব্যক্তি অপেকা অধিক মান্য ও সন্ত্রান্ত আর কে আছে। তোমরা ঘুবা এজন্য সজবিত্র কি কপ কৃথ-্দায়ক ও উপকারজনক তাহা বৃঝি এখনে উত্তম রূপে জ্ঞাত নহ। কিন্তু ইহা নিশ্চয় জানিও যে ঈশ্বরের সংগ্রহে শঠতাশূন্য ও সংল স্বভাব একণ অবধি হইলে, তোমর: खीतम कोनाविध नियारिङ घुना ও मःखाटा खीलिकतन ধিষয়ক যে উপদেশ পাইয়াছ ভাহা চিরকাল পর্যায় ্ম্যাণ করিয়া অত্যন্ত সভোষ প্রাপ্ত হইবা। পরস্ত প্রমে-শারের বাকো মিথ্যা বিষয়ে যাহা কথিত হইয়াছে তাহ শারণে রাখহ। হিতোপদেশ নামক গ্রাস্থ কণিত আছে যে মিথ্যাবাদির। ঈশ্রের অতান্ত ঘূণার পাত হয়। এবং আকাশিত বাকা নামক গ্রন্থেও কথিত আছে যাহাব, ্মিথ্যা কহে এবং নিথ্যাতে সন্তুট হয় তাহারা স্বর্গে প্রেরেশ করিতে পারে না। হে বন্ধুগণ এই সকল গুরুতর বচন স্মর্থে ্রাথ, এবং মিথ্যাকে ঘূণা করিয়া সত্যেতে প্রবর্ত না হইলে পর্মেশ্বর তোনাদের প্রতি সম্ভূট হইতে পারেন না ইহ ্কদাচ বিশাত হইওনা।

[94]

क्र म था।

অবতীর্ণ হইতেছে দশমাবতার।

ঈশ্বর গুসাদে হবে মূর্যতা সংহার
স্বরস্বতী বীনা যন্ত্র করিয়া ধ্বনিত।
করিবেন গুজাগরে সর্বাদা মোহিত।
গুরুষ জানের দাতা মদন গরেশ।
স্বস্বকর্ম গুরুষ পূর্ণ রাখিবেন দেশ।

অনাদি পরম্পরা দিল্প প্রাচীন প্রথা এই যে মনুষ্য এবং ভিদ্রিদ জন্সম স্থাবর সকলেরই ধারা বাহিক ক্রমে পরিবর্ত্ত ইয়া থাকে, যথা প্রথিবীতে বীজ রোপণ করিলে প্রথম অম্বর তদনত্তর শাখা পল্লব িশিট কুত্র বুক্ষ তৎপরে মহাকে রূপে পরিণত হয় এবং ক্রমণ ভাহাতে পুষ্প ফুল ভন্মধ্যে বাজ জন্মে ও সেই বৃংক্ষর নিয়মিত জীবন-কাল পৰ্যান্ত অবস্থিতি হউলে তাহা শুক্ক হইয়া নাট হয় धवर उरद्यान ও পূর্ববাহ সমভুনি হইয়া যায় এই ক্লপে ক্মাগত বীজা হটতে বৃক্ষাদির উৎপত্তি হইয়া অবশেষে वीष्ट्राट्ड পরিনাম হইতেছে, এবং কাঠ পত্র পুষ্প ইত্যাদির थ भूनः २ उर्भाक विनाम प्रथा गहित्यह अठवव वह সকলের পরিবর্ক্ত যে রূপ প্রভাক্ষ সিদ্ধ ননুষ্য ভাতিরও গেই রূপ হইয়া থাকে কিন্তু বাহা পদার্থের **ছেটান্ত আন্তরিক** ভাবের পরিবর্ত্তের সম্ভাবন৷ বোধে সেই পরিবর্ত্ত রীতি ব্যবহার ও মানসিক ভাব ইতাদির উপরে যে প্রকারে ঘটে তৰিষয়েই আমার কিঞ্চিৎ বক্তবা।

ইউরোপীর লোকেরা এতদেশে উত্তীর্ণ হইয়া অবিধি এদেশস্থ ব্যক্তিদিগের প্রাচীন সভাতা স্থির করিয়াছেন প্রশং ভাহাদিগের এমত প্রভীতি হইয়াছে যে ভারতবর্ষণ ক্রমণ হইতেই প্রথমে সভাতার স্থান্টি হয়; আর এই ভাতীয় যোকদিগের উপরে যে রূপ বারম্বার আক্রমণ ও পরাভব হইয়াছে অন্যান্য জাতীয়দিগের প্রতি সেই রূপ হইয়া ভাহাদিগের বীতি বাবহার ও রাজ শাসনের একে বারে বিপর্যায় হইয়াছে কিন্তু ইহাদিগের তাহা না হইয়া প্রাচীন বীতি বাবহার রাজ শাসন ধর্ম জ্ঞান ও ঈশ্বরারাধন ক্রমাগত অদ্যাব্যি এই রূপ হইয়া আসিতেছে যেতেওু প্রথম আক্রমণ কর্জা ঐ সকল বিষয় যে প্রকার দেখিয়া ছিলেন তৎপর পর ব্যক্তি কর্তুক ভাহার কিঞ্চিমাত্র অন্যথ ছন্ট হয় নাই।

সম্প্রতি এতদ্বেশের অন্যান্য তাবং বিষয়ের পরিবর্ত্ব হইয়াছে কিন্ত পূর্বোক্ত রীতি ব্যবহারাদির বিপর্যায় কেল ছয় নাই এতং পত্রে তাহার কারণাত্মস্কান অনাবশাক এবং য়দাপি অত্রস্থ ব্যক্তিদিগের মতও ঐ সকল ধর্মজ্ঞানাদিও কান ২ রাজকীয় ব্যবহার পূর্ববং অথপ্তিত আছে তথাপি অন্য দেশীয় তিল জাতীয় ব্যক্তিদিগের এদেশ অধিকার ছওলাতে ব্যবহারের কিঞ্চিং পরিবর্ত্ত ও ইহাদিগের ধর্ম অন্য দেশীয়দিগের কোন ২ নিথ্যা ধর্মের সহিত মিঞ্জিত ছইয়াছে ৷ কোন দেশ তিল্প দেশস্থ অন্য জাতীয় লোক বারা আক্রান্ত এবং পরাতৃত হইলে যদাপিও মুদ্ধাদি বারা ত্রুত্ব শিল্পাদি ও শান্তাদির উচ্ছেদ হইয়া মহা অনিষ্ট হয়

94

খাপি সেই পরাভবে ওদ্দেশীয় ব্যক্তিদিগের এক উপকার

ই যে জয়কারিদিগের সভাতা হইতে কালক্রমে তাহাদিগের

মসনাতা দূর হয় এবং পুনর্কার দেশ সম্ভক্তিকর শিল্পাদির

ক্রি হয় কিন্তু ভারতবর্ষে বারম্বার রাজ্যোপপ্পর হইয়াছে

অথচ কিঞ্জিয়াত তাম্ভশ ফন ছন্ট হয় নাই ফলত ইহা

লপ্য প্রমাণ নিদ্ধ যে এতদেশের পূর্বে জয়কর্তা মুসনমানেরা

এদেশের লোকাপেক্ষা অধিক সভা কিম্বা অত্রন্থ ব্যক্তি
দিগের সহপদেশ প্রদানে সক্ষম ছিলেন না স্প্ররাৎ

অন্য দেশীয় লোক কর্তৃক আক্রমণ হারা ইহাদিগের সাহস

বিদ্যা প্রস্তুতি একেবারে লুপ্ত হওয়াতে ইহারা ক্রমে সকলা

ফাতীয় লোকাপেক্ষা অত্যধম হইয়াছে।

ব্রিটন দেশীয় লোকেরা ভারতবর্ষে বাণিজ্যার্থে আসিয়ার্থ
প্রায় ৭৫ বংসর গত হইল পরমেশরেক্ষাতে এদেশের রাজা
হটয়াছেন এবং বদ্যপিও ঐ ৭৫ বর্ষ রাজত্ব মধ্যে ভাহাদিগের বত্বাভাবে প্রজাদিগের উমতি, ও অনায়াসে জীবিকো
পায়, এবং স্ব স্ব বিষয়াত্মস্কানের অর্থাং তাহাদিগের
বর্তমান ও অতীত অবস্থার সদসন্বিবেচনার ক্ষমতা হয় নাই
তথাপি ইহা অবশ্য স্বীকার করিতে হইবেক যে ইংরাজদিগের রাজত্ব হওয়াতে প্রজারা পুনঃ ২ অন্য দারা আক্রান্ত
হইবার ভয় হইতে মুক্ত হইয়াছেন এবং বদিও তাহারা
রাজ্যারস্ক কালে অভিশয় লোভী ছিলেন যাহা এক্ষণে ক্রয়ণ
করিয়া দেওন অনাবশ্যক এবং স্মরণ করাইলেও আমাদিগের স্থাম্ভাব হয় না, তথাপি এক্ষণে প্রজাদিগের
প্রতি অন্তর্ম প্রকাশ করিতে প্রবৃত্ত হইতেছেন ইয়াছে

আফার! কৃতজ্ঞতা পূর্বক আনাদিগেব পূর্ব ছঃখ সমূহ গঙ্গার জলে ভাগাইয়া দিলাম।

যে সকল বিচক্ষণ হাজিরা ইহাদিগের রাজা শাসন ুপুর্ব্বাপর দেখিয়া আসিতেছেন একণে তাঁহাদিগের অবশ্য ্বে;ধ হইয়াছে যে ঐ শাসন কর্ত্তারদিগের পুর্বীভিলাষের অনেক পরিবর্ত্ত হইয়াছে বেহেতু ঠাহার। রাজ্য শাসনে -স্থুনিয়ম প্রাজাদিগের মঞ্চল চেন্টা এবং দেশ মধ্যে বিবিধ विमा १८ अ: अर्थ विश्मय यञ्ज कति छिहान देशांछ अत् রাজকীয় কর্মে পুনর্বার বাঙ্গাল। ভাষা বাবহারের নিয়ন িছওয়াতে আমাদিণের বিস্তর উপকার দর্শিয়াছে এবং শাসন কর্ত্তারা যে আরো অধিক উপকার করিবেন তাহাতে আশাসও জন্মিয়াছে। বহু কালাবধি এওদেশীয় লেকেরা অজ্ঞান হরপ ঘেরতর অন্ধকার আত্ম ছিলেন কিন্তু এক্ষণে বৃদিও আলোকের রেথা মাত্র উদয় হইয়াছে ্তথাপি অবিলয়ে আলোকময় হটবার সন্তাবনা যে:হতু ্স্থানে ২ ঐ আংলাকের বৃদ্ধি হইতেছে স্নতরাং অবশ্যই অতি भीच मर्रज वाश्व रहेट পात वन लाकपिटनत दिमा उ সাহস অন্যেক কাল পর্যান্ত ডিয়ে বায়ুর ন্যায় লয় পাইয়া-ছিল কিন্তু এক্ষণে ভাষাতে কিপিং উৎসাহ হওয়াতে বোধ হুয় যে বিদার প্রান্তাব হইয়া তথ্যাতে মুর্থতা স্বরূপ ুৰন্য বৃক্ষ একেবারে ভাসিয়া যাইবার উপক্রম হইয়াছে।

্ব্ৰ কোন ব্যক্তি উল্লয় **রূপে হিল্পু শাস্ত্র অবগত হইয়।** এতং**শাস্ত্রোক্ত আ**চার ব্যবহারাদি বিশেষ রূপে জ্ঞাত **হইয়া**- ছেন তিনি অবশ্য স্বীকার করিবেন যে ঐ শাস্তের কোন ২ অংশের পরিবর্ত্ত না করিলে কোন মতে ভদ্ম-সারে চলা যায় না স্মতরাং যে সকল ব্যক্তিরা তৎশাস্ত্রের প্রতি প্রকাশ্য রূপে দ্বেষ করেন তদ্যতিরিক্ত যাহার। তাহাতে এদ্ধানান তাহারাও শুদ্ধ তন্মতে কর্ম করিতে পারেন না অতএব আমাদিণের আচার, ব্যবহার, ধর্ম, এবং ঈশ্বরারাধনাদি কোন প্রকারে প্রেণীবন্ধ বোধ হয় না ! कान कानि वास्ति देशताकी खाषात वर्गनाशनक करहने যে সেক্লনদিপের আক্রমণ কালীন ইংরাজী ভাষা হইতে ইদানীন্ত্ৰন তদ্ৰাষা অতিশয় বিভিন্ন। এবং যেমন **কুইন** ইলিকাবেথের রাজত্ব কালে নির্মিত কোন কর্ত্তি অর্থাৎ বস্তু বিশেষ তদৰ্বি ক্ৰমিক বাবহার দারা স্থানে ২ ছিম-প্রযুক্ত সময়াতুসাবে খেত রক্ত পীত হরিদ্রা প্রভৃতি নানাবর্ণের বস্ত্রখণ্ড যুক্ত হটয়া পূর্বাপেকা বিঞ্জী হয় ইংরাজী ভাষাও ফুঞ্জি ল্যাটিন ইটালিয়ন গুভুতি নানাবিধ ভাষা বিশিক্ত প্রযুক্ত সেই রূপ হইয়াছে, এই বর্ণনাই আসাদিগের রীতি, ব্যবহার, সানষিক ভাব, ভাষা, ও বিবেচনা ইত্যাদির ' উপযুক্ত উপমা স্থল যেহেতু আমাদিগের ঐ সকল বিষয়ের অধিকাংশ মিশ্রিত হইয়া নানা প্রকার হইয়াছে অভএব. উক্ত ব্যবহারাদি মিপ্রিত চইয়া বিরূপ হওয়াতে নিশ্চয় রূপে বোধ হয় যে বর্জুমান রীতি বাবহারাদিও চিরস্থায়ী হইতব্রু না এবং আন্তরিক ও বাহ্যিক ব্যাপারের রীতি মতে অতি স্থাদর রূপ পরিবর্ত্ত শীঘু হইবেক।

व्यक्ति क्षेत्रक नामाना अक कथा **अहे या कानकरम**ें

জনেও পাধর ক্ষয় হয় অতএব ইংলঞীয় ও ভারতবর্ষীয় লোকদিগের তুলা জনা ছই জাতির যদি শাসাশাসক সম্বন্ধে বহুকালাবধি পরস্পর আলাপ পরিচয় থাকে তবে অবশাই তম্বধ্যে অসভা জাতীয়েরদিগের সময় ক্রমে মূর্বতা দূর হইয়া বিদ্যা ও সভাতা জন্মতে পারে এবং বিদ্যালয়ে শিক্ষা ও স্থাসন সহকারে সেই ছই জাতির বিবেচনা ও কর্ম্ম এক প্রকার ও যুক্তি বিরুদ্ধ রীতি ব্যবহারাদির উচ্ছেদ হইতে পারে।

অতএব সম্প্রতি আমারদিগের উক্ত রূপ অবৈশ্বা হইবার উপক্রম হওয়াতে এই সময়ে তদ্বিয়ের আন্দোলন করিলে অস্তঃকরণে সুংখাদয় এবং এতদ্দেশীয় লোকদিগের শিকা বৃদ্ধি ও অন্যান্য উপকার সম্ভাবন। । পরমেশবেচ্ছাতে মন্থব্যের মন কখন এক বিবয়ে স্থির নহে তলিমিত্তে এদেশের লোকেরা বছকাল পর্যান্ত কুৎসিত শাসনাধীনে জড়বং শাকিয়া একণে সুপ্তোথিত বাজিক ন্যায় জ্ঞান ছযিটির বিদ্যালন প্রাপ্ত হইয়া দেখি:ভছেন যে পূর্ম আক্রমণকর্তা এবং লুঠকাঃকেরা এখানকার কেবল ধন লুঠ করেন নাউ ক্রিস্ক বিদা৷ ও নানা প্রকার শাস্ত্রেরও ক্ষতি ও তত্ত্বসাসুস্থ ক্ত্রা এবং জ্ঞান প্রচারক ব্যক্তিদিগের বিনাশ এবং শ্রাহাদিগের পুত্তক সকলের লোপ করিয়াছেন এবং ইহাঁর भूकीरशका चामरणत धर्मीहत्रागत चानक वार्किक हरि এতদেশস্থ প্রাচীন পণ্ডিত মান্য ব্যক্তিদিগকে কখন ২ ্তিংকারণ জিজাসা করিতেছেন কিন্তু ঐ পণ্ডিত মহাশয়ের: ্রকলিখুগের মাহায়া বাতিরেকে অন্যকোন কারণ দর্শাইতে

পারেন না আর ইহাঁদিগের বোধ হইয়াছে যে বন্তু নান লুঠকারিরা এদেশে স্বাধিকার ছড় করিয়াছে ও তাঁহাদিগের হদ্যপিও অন্যান্য দোষ থাকুক তথাপি প্রকাদিগের বিদ্যা দৃদ্ধি ও সদিচারাথে যত্ন করিতে প্রসুত্ত হইয়াছিলেন ইহাতে উক্ত পণ্ডিতদিগের নিকটে যদি প্রশ্ন হয় যে কলিযুগে কি বিদানেও বৃদ্ধি হই:ব তবে ভাষা । তা**হাতেও সায়** দিতে পারেন। অভ্যান একণে আমার বক্তবা **এই বে** এতকেশ বছকলিবিধি জ্ঞান সাগের ধারণ জন্য অতিথাতি अर्थका ीन कावर कारकता अप्रतासत ज्ञान मगुरक्ष বিদ্যারূপ অন্তুত পান করিয়া মূর্থতা রূপ ভৃষ্ণা দুর করিতেন কিন্তু কালবশত পূর্বেক্তি ভূর্ঘটনা ক্রেনে ভৎসমুক্ত শুদ্ধ হওয়াতে যে সকল ক্জিরা পরে জন্মিয়াছেন ভাহার ঐ বিদ্যান্ত ভাষাবনে ব্যক্তি এবং এক্ষণকার মূতন স্বষ্ট বিলাতেও খনভিদ্ধ অত্ঞা তাহ দিগের উচিত যে ইদানীস্তন ভিলদেশীয় স্থানিলান্দি গর নিকট হইতে শিকা গ্রহণ করিয়া স্ব শুক্তান নাট করেন তাহাতে অনেক কাল।বিধি শুক এবং মলিন পূর্বাঞ্জের জ্ঞান সন্ত্র পতিমদেশীয় खाना•ित्त कल घाता शूनशात शतिशूर् oवर छक्ष इइटिक ।

পূর্কোক্ত ধার্মিক পণ্ডিতদিগের তবিষ্যবিষয় কথনের ক্ষমতা থাকিলে ভাঁছারা বিষাদ প্রকাশ করিয়া কহিতেশ যে তাহাদিগের মাহান্মোর হ্রানোপক্রম হওয়াতে আমাদের শেষ হ'ইল কারণ আমারা দেখিতেছি যক্তস্ত্রধারি নটরুশি বাদ্ধেরা এতদ্দেশে ঈশ্বরৎ পূজ্য পরম গুরু ও তাবজের

আশীর্ষাদক ছিলেন আর ক্ষত্রিয় বৈশ্য ও শুজেরা
যথাক্রমে মুধ্যমাধ্য অত্যধম ছিল কিন্তু পাশা খেলার
পাশা পতনের ন্যায় বিপরীত ঘটনা হইয়া নীচ জাতির।
উচ্চ পদাকাক্ষা করিতেছে এবং জাতি ভেদের লোপ ও
বর্ণ সন্ধর ধারা উক্ত শ্রেণীর ব্যাঘাত হইয়া সমুদ্য
একেরারে নফ হইল এবং ব্রাক্ষণদিগের জাতাতিমান ও
ধর্ম পরিচ্ছদ ও তংসানগ্রীর উক্ছেদ এবং অনবরত ভাবনার
গোচর যে দেবদেবী ও যক্ষরকো গল্পর্ম প্রস্তুতি দেবযোনি
উদারাধনার বিচ্ছেদ আর অপবিত্র পূজা দেবালয় প্রতিমাণ
বাল ঘজ্ঞ ও বিদ্যানাদির লোপ হইতে লাগিল অত্যক্র
বাধ হয় যে পর্মতের নিকটন্ত নদী তীরে বৃক্ষছায়াতে
ক্রম সকল প্রসিদ্ধ আশ্রম, পীঠ স্থান ও সমাজ প্রভ্রি
ভাছার কিঞ্জিয়াত চিক্তর থাকিবেক না।

একণে আমাদিগের আচার বারলারাদি মিঞিত এব
পরিবর্ত্তিত হউতেছে অতএব তবিষয়ের বিশেষ বির্বচনার
উপস্তুল সময় এই, কারণ মন্ত্র্যাদিগের সভাব এই যথন
কোন বিষয়ের জম বে।ধ গন্য হয় তখন সতাঁ পরিপ্রাহ
করিতে ইচ্ছুক হইয়া তংপরিবর্ত্তনের ব্যস্ততা প্রযুক্ত তজুল
অমান্তরে পতিত হন এবিষয় সপ্রমাণের নিমিত্তে দূরদেশে।
ইন্টান্তাবেষণের আবিশ্যকতা নাই যেহেতু প্রত্যক্ষ দেখিতেছি
যে ইন্টারাপিয়দিগের বর্ত্তমান বিস্তর দোষ আমাদিগের মধ্যে
তথ্য রূপে প্রবিষ্ট হইয়াছে এবং অনেকানেক রীতি ব্যবহার
আহা তাঁহাদিগের উপযুক্ত কিন্তু অস্মার্দ্দেশীয় লোকদিগের

ঘুণার্হ তাহার ও এতক্ষেশে প্রচারারম্ভ হইয়াছে কিন্ত সোভাগ্যের বিষয় এই যে অদ্যাব্ধি তাহার বিস্তার হয় নাই অতএব এই দমরে নীতিক্ত ব্যক্তির ক্তুঁব্য যে যে সকল কুব্যবহার ও কুপ্রবৃত্তি ছারা দেশের অনিই সম্ভাবনা তাহা হইতে নিবৃত্ত হইতে লোকদিগকে উপদেশ প্রদান করেন ৷ গত দশ বংসরের মধ্যে উক্ত বিষয়ের যে রূপ পরিবর্ত্ত হইয়াছে ইহাতে আমার বিলকণ বোধ হইতেছে যে আর ৯০ বংমরের মধ্যে এতদেশের বেদ ও পুরাণ গ্রন্থতি শাস্ত্র সমূদর লুপু হইবেক অর্থাং এদেশের প্রাচীন রীতি ব্যবহার প্রবেশকা জিল ব্যক্তি ব্যতিরেকে অন্য কেহই **তাহার** অমুসন্ধান করিবেন না এবং ঐ সকল শা.স্রাক্ত আচার যাবহারাদি ভারতবর্ষের মনেক স্থানে ইতিহাস স্বরূপ হইবেক। হে মহাশয়গণ আপনাদিগের মধ্যে যে২ ব্যক্তি বিদ্যা রপ নির্বারোদ পান করিয়াছেন এবং সত্যাশ্রমে তপস্যা করিয়া-ছেন তাহারা উন্মন্ততা রূপ শত্রু বশতঃ বিপথগামি এবং অবিবেচনা স্বরূপ রাক্ষ্য মুখে পত্তিত এতদেশীয় লোকদিনের इत्रवद्यां तत्वाकरम पृथा कतिराम मा; कांत्र वक्कान वरमरणत বহুদংখাক লোকেরা ফদেশস্থ জ্ঞানি মতুষ্যের নিকটে সাহায্য এবং উপদেশ প্রার্থনা করিতেছেন এবং আমার বোধ হয় ঘঁ।হারা স্বয়ং জ্ঞান দীপিকার আলোক ভোগ করেন তাঁহারা অবশাই তদ্বারা অন্যের অজ্ঞানাম্বকার করিবেন।

৮ मः था।

व्यथं मठावीत कथा।

কলিকালে লোক সকল কামাদিতে মন্ন হইয়া মিথ্যাবাদী হুইবেন, কিন্তু সভাবীরের কথা প্রবাণ করিয়া সকল পাপ হুইতে মুক্ত হুটবেন।

পুর্ব কালে হ্রিনা নগরে মহানম্র নামে এক ধ্রনরাজ ু**ছিলেন,** তিনি সমুদ্র পর্যান্ত ভূমওল শাসন করিয়া রাজা करतम । महामाझद अधिशामहनभीत कांकत ताक रेमना সমুহেতে বেরিড হাইর। মহামলের সহিও যুদ্ধ করি: তাঁহার নিকটে গেলেন। যানেশ্ব কাফর রাজকে নিকটে -পरिত कानिया बास्तीक मिणक धवर स्वाप्तियीय लक-অখোর্মেতে পরিয়ত হুইয়া নগ্রোপাল্ডে গিয়া 'সমর স্বীকার করিলেন। তদনন্তর উভর গক্ষের যুদ্ধে যবনহাজের যোদ্ধা সকল কাজর রাজের বলবান বীরগণ কর্তৃক ভাভানান ্**হইয়া** রণভূমিহটতে পলায়ন ক**িল**া পশ্চাৎ যেমঙ সিংহভয়েতে হতি দুধ পলায়ন করে, সেই প্রকার মরণভয়ে পলায়মান নিজ যে,জাগণকে দেখিয়া বৰনেশ্ব কহিতেছেন, ্রিছ আমার যোদ্ধা সকল, ভোমাদের মধ্যে রাজা কিয়: 'রা**জপুত্র** এমত কেই নাই যে সম্প্রতি অনিভ**াতে** ভা আমার সেনাগণকে নিজ বাছবলে কিঞ্ছিং কালের নিমিত্তে িস্থির করিতে পারে? যবনস্বামির এই বাক্য শুনিয়া কর্মাট-**জাতি** নরসিংহদেব নামা রাজকুমার এবং চোহান জাতি

চাচিকদেব নামে এক রাজপুত্র এই ছুই জন রাজাকে নিবেদন করিলেন, হে স্থানিন, নীচ গানি সলিলপ্রায় শক্তভয়ে পলায়নান যে ডোমার সেনাগ্রণ, ভাহাদিগকৈ সম্প্রতি কে নিবারণ করিতে পারে? যদি আপনি এক কণ ইতন্ততো ভ্রমণ করিয়া এখানে পুনশ্চ আদিয়া দেখেন, তবে আমরা তোমার শত্রুকে থড়নধারে পরিচিত কিয়া চিতাশায়ী করি ! ধবনাধিপতি কহিলেন তোমরাই সাগু, ভোমাদের ছই জন যাতিরেকে অন্য কোন্পুরুষ এমত সাহস করিতে পারে? তাহার পর নরসিংহদেব সাহসে ক্রিতবাছ হইয়া বজু-পাতের ন্যায় কশাঘাতে অশ্বকে শীভ্রগামী করিয়া এবং বিপক্ষরগের অল্ফিত হট্যা কাফর রাফের সৈনামধ্যে প্রবেশ করিলেন। পরে নরসিংহদের অভিশয় উদ্দীপ্ত ষেতছতের তলস্থিত কাফর রাজের হৃদয়ে শলান্ত্র প্রহার করিলেন ৷ কাকর রাজ সেই অন্তপ্রহারেতে প্রাণ্ড্যাগ করিয়া ভূমিতে পড়িলেন। সেই কালে চাচিকাদর ভু**ংল** পতিত এবং তাজজীবন সেই কাফ: রাজের মস্তক ছেদন কবিয়া যবনেশ্বরের নিকট আনিয়া দিলেন। যবনরাজ ভিন্ন মস্তক দেখিয়া জিজ্ঞানা করিলেন, এ নস্তক কাহার? চাচিকদেৰ উত্তর কহিলেন, এ মস্তক কাফর রাজের। ঘৰন-রাজ পুনশ্চ জিজ্ঞাসা করিলেন, কোন্ধীর কাফর রাজকে নন্ট করিয়াছেন ? চাচিকদেব উক্তর করিলেন, হে রাজাধি-রাজ; অন্তপম পরাক্রম এবং নরভোষ্ঠ শ্রীনরসিংহদেব কাফর রাজকে নইট করিয়াছেন, আমি ভাঁহার প**শ্চাং**ু ^{প্রমন} করিয়া কাক্ষর রাজের শির**্শ্চ্**দন করিলান। যবনরাজ

পুনর্বার জিজাসা করিলেন, নরসহিদেব কোথা প্রভাছেন? চাচিকদেব কহিলেন, হে ভূপাল, কাফর রাজের সরিধিবভী র্থবং স্থামি সংহার জন। কোপে কম্পিত কলেবর এমত ৰীরগণকর্ত্ব হনামান প্রায় নরসিংহ দেবকে দেখিয়াছি সম্প্রতি তিনি কোথায় গিয়াছেন এবং কোথায় আছে তাহা আমি জানিনা। সেই কলে যবনেশ্র হতনায় এবং পলায়মান শত্রুসেন। সকলকে দেখিয়া পরমাহলাদিঃ ছইলেন, এবং পলায়িত বিপক সৈনোর পশ্চাকামি নিজ সেনাগণকে কহিলেন, হে আমার যোদ্ধাগণ, তোমরা কেন শক্রসেনাগণকে নট করিতেছ? সম্প্রতি আমার রাজ রক্ষাকর্ত্তা এবং কাফর রাজান্তক যে নরশ্রেষ্ঠ জীনরদিংহদেং তাঁহাকে আনিয়া দেও। পরে যবনরাজ অনুসন্ধান করিয় অনেক নারাচাত্তপ্রহারেতে ছিমিভিন শরীর এবং গলি ক্লধিরের সহস্র ২ ধারাতে ক্ষুটিত কিংশুক পুষ্পের ন্যা ও অতিশয় বেদনাতে মুক্তিত নরসিংহদেব ক দেখি তংক্ষণাং ছোটক চইতে নানিয়া জিজাসা করিলেন, হে নং **সিংহদেব, তু**মি বাঁচিবা ? নর্দিংহদেব উত্তর করিলেন, ১ রাজাধিরাজ, আমি যাহা কারিয়াছি, আপনি ভাহা অবগ হইয়াছেন ? নরপতি প্রক্যুত্তর করিলেন, চাচিকদের কহিলে াবে তুমি আমার শত্রু বিনাশ করিয়াছ, তাহাতেই আজি ভোষার সমস্ত কার্যা জানিয়াছি। নরসিংহদেব কহিলে ্আমি যাঁহার হিতেছাতে অতিশয় ছুঃদাধা কথা স্বীক' ্করিয়াছিলাম, যদি তিনি সে সকল জ্ঞাত হইয়াছে ্ঠিছাতেই আনার এনরপ বৃক্ষ ফগবান হ্ইল, অভঞ आगि मीर्घकीवी इडेव। उननखत यननताक नदिनिः इस्तिर्दत শ্রীরে অতিশয় মথু বাণ সকল উদ্ধার করিয়া এবং নানা প্রকাব ঔষধ দেশন ও পথ্য প্রয়োগেতে অল্ল দিনের মধ্যে নর সংহকে অক্ষত শরীর করিলেন। পরে ঘবনরাজ সহস্রহ উত্নাধ ও লক্ষ্য বর্ণ ছত্র এবং চামর আরে অনেক **অর্থ** দিয়া নরসিংহদেবের পুরস্কার করিলেন। প্রসাদ প্রাপ্ত হুইয়া নরসিংহদেব ঘবনরাজকে নিবেদন রাজাধিরাজ, যুদ্ধ করা রাজপুত্রদের স্বাভাবিক ধর্মা, আমি কি অদ্ভত কর্ম করিলান যে আমার এতান্তশ সন্মান করিলেন ? দে যে হউক, যদি আমার পুরস্কার বিহিত হইল, তবে চাচিকদেশের সন্মান করন, তিনি সতা প্রতিপালনের নিমিত্তে মহারাজের নিকটে শত্রুর মস্তক আনয়ন করিয়া আমার যশঃ প্রশংসা করিয়াছেন, স্বীয় পুরুষার্থ প্রকাশ করেন নাই; ইনি মাবণ্ঢিছ্যুপক শত্রুমস্তক আনিয়াও, আদি বৈরিবিনাশ করিয়াছি, ইহা কছেন নাই, তদিমিঙ্কে প্রথমত চাচিকদেবের পুরস্কার কর্ত্তবা ৷ পরে চাচিকদের কহি-লেন, হে রাজকুমার, আঘার নিমিত্তে এ প্রকার বক্তব্য নহে আমি কেন ভোমার শৌর্যোর ফল লইয়া পরের উচ্ছিট ভোগী হই4? তাহা শুনিয়া নর সিংহদেব কহিলেন, ছে সভ্যবীর চাচিকদেব তুমি সাধু তোমার এই সভাতা হেতুক বুঝিলাম তুমি পণ্ডিত এবং সতীপুত্র ও অতি প্রশংসমীয় মহাশয়। তদনন্তর যবনেশ্ব ঐ ছুই রাজপুত্রের পরস্পরানাপে रुके विश्व रहेबा हुई ताकक्मातित जुना भूतकात कतितन ।

[85]

२ मर्था ।

প্রতিজ্ঞা রক্ষা অবশ্য কর্ত্তব্য।

আমি এই কর্মা করিব, এই প্রকার যে কথন ভাহার নাম 'প্রাতিজ্ঞা। বিজ্ঞাদিপের উভিত হয় পূর্বে বিবেচনা করেন যে 🗱 কার্য্য স্থাপা কি ছঃদাধ্য এবং এই কার্য্য করবে আমার ক্ষমতা আছে কি না: অনন্তর যদি যোগ্য হয়েন ভবে প্রতিজ্ঞা করা কর্ত্তবা; কারণ প্রতিজ্ঞা করিয়া যদি প্রতিক্রাত কার্য্যে অসমর্থ হংয়ন, তবে প্রতিক্রা ভঙ্গজনা নিশ্লা ও মিথ্যা বাক্য হয়, তাহাতে বিজ্ঞাবিজ্ঞ সাধারণ জন দমীপে তুচ্ছতা প্রাপ্ত হয়েন। আর কোন জনের অন্তরোধ কিয়া লক্ষা প্রযুক্ত যে প্রতিজ্ঞা করা সে অতি অজের কর্ম, যেহেতু প্রতিজ্ঞা কোন কারণ বশতঃ ভগ্না হইলে ত্মতরাং সে অমুরোধ বার্থ আর লজ্জাও বিগুণা হয়। আরো তদ্বি বাকোর মিথা ই ও প্রতিজ্ঞা ভঙ্গজনা দেখি ও সকল সমীপে ভুচ্ছতা হয়, অতএব ভদপেকা প্রতিজ্ঞার পূর্বে লক্ষা ভয় ও অহরোধ পরিত্যাগ পূর্বক প্রতিক্ষা না বরাই উত্তম । অপর কুৎসিত প্রক্ত জনগণ অনায়াসে শীম্র প্রতিজ্ঞা করেন, কিন্তু পরক্ষণে তাহা আর চিত্তে উদয় পার না। যেমত অভিশয় প্রবলতর বারু শীভ্র আইসে কিছ পরক্ষণে নিবৃত্ত হয়, তাহার ন্যায় জানিবে। আর ভাহাদের প্রতিজ্ঞা ভঙ্গে যে দোষ ও নিন্দা ও তুক্ততা ও অবিশাস ইত্যাদি হয়, তাহা অন্তঃকরণে স্থান দানও করে

88

া । আর বিজ্ঞ মন্থ্যগণ অনেক বিবেচনা পূর্বক বছা বিলয়ে যে কার্য, সাধনবোগ্য ও যাহাতে ক্ষমতা আছে এমত কার্য্যে নিয়ম ও প্রতিজ্ঞা করেন, আর মেই প্রতিজ্ঞা রকার্য প্রাণ দান করিয়াও কার্য্য সাধন করেন। অতএব লোমরা বিবেচনা পূর্মক প্রতিজ্ঞা ও নিয়ম করিবা, যাহাতে প্রতিজ্ঞা ও নিয়ম রক্ষা পায়; কেননা যদ্যপি রক্ষা না গয় তবে লোকে নিন্দা ও তাচ্ছন্য ও তুক্তা ও অবিশ্বাস

১১ সংখ্যা। পাঠের উপকার।

কোন মহুষ্য বছ পুস্তকাধ্যয়ন করিলে তাহার জ্ঞান জন্ম ও তাহা অলস্কৃত হয় এবং তাহাতে আন্দাদ জন্মায় মার দকল বিষয় হইতে বিবর্জিত হইয়া কোন নির্জন স্থানে একক বলিয়া থাকিলে আপন পঠিত নানা বিষয় মনে উপস্থিত হইয়া আনোদ হইতে থাকে এবং লোকের দিহিত কথোপকথন কালে তাপন পঠিত নানা বিষয়ের উপমা দিয়া অলঙ্কার যুক্ত বাকাগলাপ করা যায়, ও বিষয় কর্মা বিবেচনা ও রক্ষণাবেক্ষণে পারকতার বৃদ্ধি হয়। কারণ চতুর বৃদ্ধিমান ব্যক্তি যদিও প্রত্যেক বিষয় এক ২ করিয়া উত্তম বিবেচনা ও নিস্পন্ন করিতে পারেন বটে কিন্তু যাহারা অনেক পাঠ করেন তাঁহারাই দকল বিষয় ঝটিতি বিবেচনা করিয়া কর্মা স্থানিপাদ করাণে সক্ষম হয়েন। চিরকালাই কেবল পুস্তকাধ্যয়নে ক্ষেপণ করা এক প্রকার ভূতের বেগার

খাটা হয়, অংবার অধিক শিক্ষার দ্বারা অলঙ্কার যুদ্ বাকা কহা কেবল আপন গর্ম লোককে জ্ঞাপন করা মাত্র বহু অধ্যানে প্রমেশ্বরের সমুদয় ভুটি ছটি করা: खेलरवानी পরিপক জ্ঞানোদয় হয়, ও বহু দর্শন হারা তাং সম্পূর্ণ হয়, কারণ স্বাভাবিক বৃদ্ধি বিনা পালনে জ বুনো বৃক্ষের ন্যায়, এবং তাহার পাটি করিলে তাং যদ্রেপ তেজিবি হইয়া উঠে বছ পাঠ দারাও বাভা বৃদ্ধির ভদ্রাপ পরিপাক জন্মায় এবং বছ পুত্তকাধায়নে . জ্ঞানোংপত্তি হয় তহা বহু দর্শন দারা বন্ধন নাথাকি: অসীম হইয়: পড়ে৷ শঠ নতুবো পুত্তবাধায়ন তুচ্ছ করে: সাধারণ মানতে তাহার প্রশংসা করে এবং বিজ্ঞ ব্যক্তি ভাহা বাবহার করিয়া ভাহার ফলভোগী হয়, কাং পুস্তক পাঠ করিলেই ভাহার বাবহার শিক্ষা করা যায়-আপন বৃদ্ধি বায় কবিয়া দেখিয়া শুনিয়া তবে উপস্ক ব্যবহার করণে সক্ষম হওয়। যায়। কেবল তর্ক ও সং विषय्त्रहे जिनिशाम ज्यानी मक्लाने आहा ध्वर मक्लार দম্পূর্ণ বিশ্বাস কিয়া কথোপকখনের নিনিত্ত পাঠ করিট माला जा।है, किंख मकल विषय स्वा विविधनो धवर श्रीत्रमः করিলে যথেষ্ট উপকার আছে। কতক পুত্তক কে" আস্থাদন করিতে হয়, কতক বা গিলিয়া ফেলিতে 😜 এবং অত্যন্ন সংখ্যা ব, উত্তম রূপে চর্বাণ করিয়া পার্ক করিতে হয়, অর্থাৎ কতক পুস্তকের কেবল এক ২ অংশ পাঠ করিতে হয়, কতক মনোযোগ পূর্বাক পাঠ করি:-হয়, কিন্তু অভ্যন্ন সংখ্যা বিশেষ যত্ন ও যথা সাধ্য ম^{নো}

্রাগ পূর্ব্বক সমূদ। পাঠ করিয়া চিরকাল ক্ষরণ রাখিতে ' য়, আর কোন্থ পুস্তক অপরের দারা পাঠ কর্ইয়া হারার কৃত চুম্বক লইয়া ছাফি করিলেই খ্যা, কিন্দু শ্যোক্ত প্রথা কেবল সানান্য ও ক্ষুদ্র পুস্তকের প্রতি মর্লীয়। বছ পুত্তকাধ্যয়ন করিলে প্রাকৃত মন্ত্রা হওয়। াঃ এবং কেবল লােকের মহিত বাকাালাপে জ্ঞানােপার্জ্জন বিলে কর্মিট হওয়া যায়, এবং অভিপ্রায় লেখাতে ারকতা হইলে উচিত বক্তা হয়, অতএব শেষোক্ত কারণে দর্য্যের উত্তম **স্মৃতি থাকা আবিশাক করে তার যে কেহ** অল্ল ব্যক্যালাপ করে তাহার উপস্থিত বক্তা হওনের অবশাক কবে, এবং অল্লাধ্যয়ন করিলে আপন অজানিত বিষয় জানিত বলিয়া জ্ঞাপন করিবার নিমিত্ত অধিক ধৃতিত। ও চত্ত্রতার প্রয়োজন রাখে। ইতিহাস প্রস্তুক পাঠে মন্ত্রয় 👺 নি হয়েন, ও কবিতা ও পাঁচালিতে সদ্বক্তা হয়েন ভূমি পরি-শাপক বিদ্যায় চতুর হয়েন, পদার্থ বিদ্যায় প্রগাচ বুদ্ধিমান ত্রেন, নীতিজ্ঞানে ধৈর্ঘ্যশীল এবং গন্তীর হয়েন ন্যায় শাস্ত্রে ার্কিক ইয়েন, এই রূপে এক ২ প্রকার বিদ্যালোচনায় দহবোর এক ২ গুণ জিমিয়া থাকে, যথা .শারীরিক এক ২ অসুথ এক ২ ঔষধির উপায় দারা শান্য হইয়া থাকে মনের একং প্রকার শিক্ষার দারা তদ্রুপ হইয়া থাকে অতএব যে ^{ব্যক্তির} স্বাভাবিক অধিকা বৃদ্ধি থাকে ভাহার উচিত যে াহ। চালনা ও পরিপাক করণার্থ বিদ্যা উপার্জ্জনে নিযুক্ত शास्त्रन हेडि।

[65]

>२ मः था।

উৎকৃষ্ট স্থানের বিষয়।

- ১ তব মুখে শুনি শ্রেষ্ঠ স্থানের বিষয়।
 তথাকার শিশু না কি অতি সুখী হয়।
 বলগো বলগো ওমা কোখা সেই তীর।
 তত্ত্বকরি সুখী হব কেলিব'না নীর।
 কমলা লেবুর ফুল ফুটে যেই খানে।
 অথবা জোনাকী পোকা থাকে যেই স্থানে।
 সেই বুঝি রম্যন্থান জিজ্ঞানি জননি
 ।
 তথায় তথায় নহে অরে যান্তমনি।
- उবে বুঝি যে ভূমিতে তালগাছ হয়।
 তপনের তাপে যথা থক্জুর পাকয় ।
 অথবা হরিতবর্ণ দ্বীপ যে সাগরে ।
 অথবা করে ।
 মুগন্ধি পুজ্পের বনে স্ক্রাতাস করে ।
 নানা পক্ষী স্কুন্দর বিচিত্র পাখা ধরি ।
 বিভূষিত বিবিধ বর্ণেতে শোভাকারী ।
 মনোহর স্থান সেই বলিগো জননি ।
 তথায় তথায় নহে অরে যাত্মনি ।
- ও পূর্বজন কোন খণ্ডে এ দেশ কি হয়।

 স্থান্য ব'লুকায় নদী ধারা বয়।

 যথা পদারাগ মণি অতি দীপ্তি করে।

 হীরক জ্লয়ে যথা আকর ভিতরে।

 নদীর তীরস্থ ভূমি পূর্ণ প্রবালেতে।

মুকুতার ছট। শোভে তাহার নথ্যতে। সেই কি উৎকৃষ্ট স্থান বলিগো জননি। তথায় তথায় নহে অনে যান্তবনি।

8 চক্ষু নাহি দেখে তাহা শুন প্রাণ ধন।
প্রাণ না করে কড়ু দে গাঁত প্রবণ।
স্থপন অশক্ত তার ছবি লিখিবারে।
শোক স্তত্যু তথায় প্রবেশ নাহি করে।
স্থানিনা মুক্ল নিয়ত হয় যথা।
কালের কুটিল কর নাহি যায় তথা।
ঘন স্থানাভাব যথা সমাজ না শুনি।
তথায় তথায় হয় অরে বাছ্মণি।

Ė

ı



১৩ সংখ্যা 🛚

পূর্বকালীন ইংলণ্ডীয় পুরোহিতদের রাজ্যশাসন
তাহার রীতি এবং ব্যবস্থাদির অবশিষ্ট বিবরণ!
বিটীয়ান দেশের প্রাচীন রাজাদের শাক্ত অতি অপ্রশস্ত
নিমাতে বন্ধ ছিল অর্থাং অতি সামান্যরূপ শক্তি ছিল।
বিটায়ান দেশের প্রজারা ব্যরূপ ভ্রানক ও তাহাদের
নিমাধ্যক্ষেরা ব্যরূপ ঘোদ্ধা ও বলবাদ এবং সে স্থানের
বিধাধকেরা ব্যরূপ পুরোহিত্দের ন্যায় পরাক্রমী ছিল
বিভাবে এই সকল মন্ত্রোরা রাজার ইচ্ছাকে প্রধান
বিস্থা বলিয়া ঐ ইচ্ছার অধীন ইইবার যোগ্য হয় না!

রাজারা যুদ্ধ কালীন আপন ই দৈনের অধ্যক্ষ থাকিতেন বটে, কিন্তু কোন দৈনাকে কারাগারে বন্ধ বা অন্য কোন দ্বান্ত করিছে পারিতেন না, পরস্ত এ কর্ম সন্যক্রপে প্ররোহিতদের অধীনে ছিল। নিসিটস্কহেন যে, কারাগারে বন্ধ বা অন্য কোন দণ্ড করিতে কেবল পুরোহিতদের হ দ্মতা ছিল, এবং এই দণ্ড সৈন্যাধ্যক্ষের মতান্ত্রসারে না করিয়া ভাষার। ছণজ্রনে যে দেবতাদিগকে যুদ্ধকালীন ফোনার মধ্যস্ত করিছা কহিতেন সেই দেবতাদের মান্যতা-ন্তুসারে করিছেন।

অতি পূর্বে বিটায়ান দেশের বাবস্থা ও অন্য ২ বিদারে
শাথা কেবল পদ্যেতে রচিত ছিল; এ রীতি আমাদের
এক্ষণে আশ্চর্যা বোগ হইতেছে বটে, কিন্তু তথকালীন
বিটায়ানদের মধ্যে আশ্চর্যা বোধ হইত না। প্রথমে
প্রকামার্থের ব্যবস্থা পদ্যেতে হয়, এবং ঐ সকল পদ্য লইয় পশ্চাথ গান করিত। এরপ বিশেষ প্রমাণ পাওয়,
গিয়াছে, যে গ্রিশ দেশের প্রথমাবস্থাতে সমুদ্র বাবস্থা গীতের নায়ে ছিল, প্রাচীন স্পেন দেশীয় লোকদের ব্যবস্থা বাইয়া ভাহার। গান করিত ভাহাও শ্লোকেতে রচিত ছিল। এই প্রকার রীতি অনেক জাতির মধ্যে অনেক দিন পর্যান্ত ভিল এবং ঐ সকল জাতীয়েরা উক্ত কবিত্র সকল আভান করিতে ও শ্বরণ রাখিতে সমর্থ ছিল।

সমুদ্ধ জাতীয়েরি প্রথমাবস্তাতে মেষ পাল ও গো-পাল অর্থাম মেয় সমূহ ও গো সমূহ বহুমূলা ধন ছিল;

যখন ব্রিটীয়ান দেশ ক্লম্যানকর্ত্বক আক্রান্ত হয় তথন এ প্রদেশীয় অনেকেরি গোবামেষ সমূহ ব্যতিরেকে অন্য কোন ধন ছিল না, এবং জীবিকারও •অন্য কোন পথ ছিল না, অতএব কর্মণা পশুদের রক্ষান নিমিত্তে যেরূপ অত্যন্ত যত্ন করা যাইত তাহাদের শরীরের এক ২ অংশ রক্ষার নিনিত্তেও সেই রূপ যত্ন ছিল। লাঙ্গলে নিযুক্ত গোকে কোন প্রস্তরাদিখারা আঘাত করা কিয়া ঐ গোকে জোঁয়ালে আকর্ষণ করিয়া ছতু বন্ধন করা অথবা অধিক কর্মণ করিবার নিমিত্তে তাহাকে আঘাত করা এই সকল কর্ম ওএল্স দেশের প্রাচীন ব্যবস্থাধারা কোন ছঢ় শাসন পূর্বক নিষেধ ছিল এবং সেন্থানে এরপ আজ্ঞা ছিল যে,যদাপি কোনকৃষির ক্ষেত্রেতে অন্যের শৃকর বা মেৰ অথবা ছাগল ও হংস কিয়া কুৰুট **আইসে তবে** ঐ কৃষির উক্ত শূকরাদির তিন্টার মধ্যে একটা আপনি লইরা শূকরাদির স্বামির ক্ষতি করিবার ক্ষমতা ছিল। গে বাক্পারুষ্য অর্থাং গালিপ্রদানকে এ**কণে অ**ত্যন্ত ভারি করিয়া জ্ঞান করে এবং তাহাতে যথোচিত রাগ দ্বেষ করে সে বাক্পারুযোর নিবারণ করিতে কিয়া তাহার শাসন করিবার নিমিত্তে ব্রিটীয়ান দেশের প্রাচীন ব্যবস্থাতে কোন নিয়ন ছিল না পুর্বকালে প্রায় সকল দেশেই কদর্য্য ভাষাদারা উত্তর প্রত্যুক্তর হইত, কিন্তু এ বিষয় নিবারণ করিবার জন্যে ব্যবস্থাপকদের - যে মনোযোগ করা কর্জব্য এরূপ বিবেচনা হইত না।

দায়ভাগের ব্যবস্থাতে কোন ব্যক্তির মরণানস্তর তাহাঃ

সমুদয় ভূমিতে জ্যেষ্ঠ পুল্লের অধিকার হইত না কিন্তু সমুদয় পুত্রের সমান অংশ হইত, এবং ঐ বিভাগবিষয়ে কোন বিবাদ উপন্থিত হইলে পুরোহিতদের কর্ত্তি সে বিবাদের ভঞ্ন হইত। জোষ্ঠ বা অন্য ২ পুত্র অপেকা কনিষ্ঠ পুত্র অধিক য়েহ্পাত হইতেন। যথন সকল ভাত। ৰ্থাকত মিলিয়া পিতৃধন পিতাগ করিতেন তখন কনিষ্ঠ জাতা পিতাৰ প্ৰধান বাটী ও কর্মশালা এবং কৃষি কর্মের অন্ত্র শক্ত ও পিতার আর ২ তার হাঁড়ি ও বাইস ও ছুরি এ সকল বিষয় পাইতে পারিতেন, শেঘোক্ত তিন खना कान वाङ्गिक मानामि कदिए श्रीतिएन न। धदर ক্ৰিষ্ঠ পুত্ৰ ব্যতিরেকে অন্য ২ পুত্রদিগকে দান বা অংশ পত্র দিতে পারিভেন না, যদাপি ঐ কএক জুরা কোন স্থানে বন্ধক থাকে তবে অবশাই তাহারি নোচন করিতে ছইবে। এই আশ্চর্যা ব্যবস্থা থাকিবার কারণ নির্ণা করা অতি কটিন নহে, যে হেতু এরপ অমুমান করা যাইতে পারে যে, পিতার মরণের পূর্বেতেই জোষ্ঠ পুত্রদের পিতৃপুহ ত্যাগ পুর্বক স্বতন্ত্র বাটা নির্মাণ করিয়া ্<mark>ডাহাতে স্বী</mark>য় প্রয়োজনার্ছ দ্রব্যের সহিত বাস করিবার ক্ষমতা হয়, কিন্তু কনিষ্ঠ পুত্রের বয়সের অল্লতা গ্রযুক্ত ঐ নিরাশ্রয় বালক জ্যেষ্ঠাদির ন্যায় উত্তমাবস্থার অবস্থিত ্ছইতে পারেন•না।

[৫৭] ১৩ সংখ্যা।

গতির ব্যবস্থা।

ষথন কোন চক্রোপরি অবস্থিত শকট প্রথম চলিতে প্রবৃত্ত হয় তথন বেখি হয় যেন ঐ শকট পশ্চাৎ দিগে ধারা পায় এবং যে বাজি উক্ত শকটোপরি আরুচ থাকে ভাহাকে হঠাৎ পশ্চাৎ দিগে ক্ষেপ বরে, ও যখন ঐ শকটের গতি নিবৃত্ত হয় তখন অগ্রেতে কুঁকিয়া যায় আর যদাপি অকন্মাৎ শকট স্তির হয় তবে তাহাতে অসাবধান বাজি থাকিলে তাঁহার মন্তক সন্মুখের কাছের উপর পড়িতে পারে, ইহা দারা এথমে অর্থাৎ স্থান শকট হঠাৎ চলিতে প্রবৃত্ত হয় তখন তাহার স্থিতি বিষয়ে স্বত্ত্র ক্রিয়া রহিতত্ব গুণের জ্ঞান হয় ৷ দিতীয় অর্থাৎ যখন শকট হঠাৎ স্থির হয় তখন তাহার গমন বিষয়ে স্বত্ত্র ক্রিয়া রহিতত্ব গুণের ব্যাধ হয় ৷

দ্বিতীয় কোন মহুষা যদি অসাবধানে নৌকার পশ্চাদংশের অগ্রে দণ্ডায়মান থাকে তবে সেই নৌকা চলিবার কালীন ঐ বাজ্জি অনায়াসে জলে পতিত হইতে পারে, কারণ তাঁহার পদদ্ব সম্মুখ দিগে টানা হয় এবং অন্য ২ শরীর স্বতন্ত্র ক্রিয়ারহিত্ব গুণ দারা পশ্চাং হেলিয়া যায় এবং নৌকা হির হইবার কালীন ঐ রূপে দণ্ডায়মান থাকিলে সে সম্মুখদিণে পতিত হওয়াতে তাহার শরীরের গতি বিষয়ে স্বতন্ত্র রহিত্ব গুণের প্রামাণ্য হয়।

তৃতীয়। কোন অপটু বাক্তি অখারত হটলে যদি দেই

আই হঠাৎ দৌড়িয়া যায় তবে ঐ ব্যক্তি পশ্চাদিণে পতিত হয়, কিয়া যে দিগে অখ উলক্ষ্ করিয়া উঠে ভাহার অন্য পাখেনি পতিত হয়, কোন ঘোটক অতিশয় বেগে গমন করিতে ২ স্থির হইলে তাহাতে আক্চ ব্যক্তিকে সম্মুখদিগে ক্ষেপ করে।

চতুর্থ এক বাজি বুবা মহৎ সন্তান কিন্তু শকট চালনে নৈপুণাহীন তিনি পথিমধ্যে এক বৃহৎ শকটের উপর স্থীয় শকট ক্ষেপ করিয়াছিলেন, তিনি অজতা প্রযুক্ত স্থীয় অনৈপুণা গোপন করিবার নিমিত্তে আপন পিতার নিকটে এরপ জানাইয়াছিলেন যে, তাঁহার পিতা সার্থিকে দমন করিবার জন্যে ঐ রূপ বেগে শকট চালায় ইহা কহিয়া বিচার স্থানে আবেদন করেন, ঐ যুবা ও ভত্য ইহারা উভয়েই দিবা করিয়া কহিল যে, উক্ত বৃহৎ শকটের ধারা ভাষার। সম্মুখদিনে পতিত হয়েন, এবং বেগে শকট চালাইবার দোষ তাঁহাদের উপর পতিত হওয়াতে ঐ বিচারে পরাজিত হইলেন।

পঞ্চন অতি বেগে শকট যাইবার কালীন তাহা হইতে
নামিতে হইলে অত্যন্ত বিপদপ্রস্ত হয় কারণ ঐ শকটের
অপ্রসর ব্যক্তি যে রূপ বেগে গমন করিতেছে তাঁহারও
তক্ষেপ বেগে নামিতে হয়, অত্এব তিনি যদি দৌড়নের
বেগে অর্থাং যে রূপ বেগে নামিলে তাঁহার শরীর ধারণ
হইতে পারে সে রূপে যদি না নামেন তবে যেমন কোন
বাজি বেগে গমন করিবার কালীন পাদদ্যে কোন প্রতিবিশ্বক ইইলে যে রূপ পতিত হয় তাঁহাকেও সেই ক্লপে

ভূমিতে পতিত হইতে হয়। ঘোড়দোড়ের ঘোড়সওয়ার দ্বির হইবার কোন সংস্কৃত পাইলে ও কোন শক্টারুড় ব্যক্তির নামিতে হইলে ভাঁহাদের ক্রমে ২ গমনের রেগ হুাস করিতে হয়।

ষষ্ঠ কোন মেজের উপর ছুক্কের কলদী রাখিয়া ঐ মেজ হঠাৎ টানিলে সেই ছক্ক ছতাকার হইয়া যায় কিয়া পশ্চাদিগে পতিত হয় এবং ঐ ছক্কপূর্ণ কলদীকে গোপেরা যেরূপ মস্তকে রাখিয়া লইয়া যায় যদি সেই রূপে লইয়া যায়য়া যায় আর কোন প্রতিবন্ধক প্রযুক্ত হঠাৎ স্থির হওয়া যায় ভবে ঐ ছফ্ক অগ্রের নিগে পতিত হয়।

১৫ मध्या ।

ঈশ्বরের সৃষ্টিবিষয়ক গীত

উর্দ্ধদেশে স্থাবি স্থৃত গগণ মণ্ডল।
মহাদীর্ঘ নীলবর্ণ আশ্চর্য্য সকল।।
স্বর্গোপরে শোভা করে তারাগণ ভাস।
বিশ্ব রচকের গুণ করয়ে প্রকাশ।।
আন্তিহীন দিন দিন দিনেশ তপন।
আদ্যোপান্ত দেশ সব করয়ে ভ্রমণ।।
সর্বদেশে সন্ধাদিকে ভাহার স্থভাস।
সর্বা নিয়ন্তার শক্তি করয়ে প্রকাশ।।
সিক্ষুক্তলে দিবাকর করিলে প্রবেশ।।
সক্ষ্যাকালে নিশানাথ ধরিয়া স্থবেশ।।

নিজ জন্ম বিবরণ আশ্চর্য্য কথন।
ছুমিন্থ সমস্ত জীবে করান প্রবণ।।
গ্রহণৰ নিজ পথে করিয়া জমণ।
তারাবৃন্দ চল্রে বেড়ি প্রকাশি কিরণ।।
পৃথিবীর উত্তর দক্ষিণ সর্বদেশ।
সাক্ষ্য দের ঈশ্বরের মহিনা অশেষ।।
পৃথিবী বেড়ি গ্রহ শশী আদিত্য নক্ষত্র।।
শব্দ মাত্র কদাচিং না হয় প্রবণ।
যদবধি ত'হাদের হয়াছে স্কুজন।।
তবু জ্ঞানবান তাদের স্কুল্পট বচন।
জ্ঞান কর্পে করে পান করিয়া মনন।।
চিরকাল এই বাক্য জুবনে বিদিত।
বিশ্বনাথ বিশ্ব করেছেন বিরচিত।।

১৬ সংখ্যা।

মুসলমানদিগের পরাক্রমের উৎপত্তির বিবরণ।

, প্রীষ্টের জন্ম সময়ের পাঁচশত উনসত্তরি বংসর পরে রেড্ সি নামক সমুক্রের পূর্বতীরস্থ মরা নগরেতে মহক্ষদ জন্মিয়াছিল। ঐ নগর আরবিয়া দেশের অন্তঃপাতী এবং কলিকাতার পশ্চিম বোলশত পঞ্চাশ ক্রোশ অন্তর। মহক্ষদ রাজবংশে জন্ম নাই, এবং সে পৈতৃক ধনের মধ্যে

[65]

পাঁচটি উট ও এক দাসী এই মাত পাইয়াছিল। সে চল্লিশ বংসর বয়ঃপ্রাপ্ত হুইয়া আপনাকে ভবিষ্যদ্ধ क्राप श्रकांभ कत्र असा अभरक लाकिनिशक उपदिश्म প্রদান করিতে আরম্ভ করিল, এবং সে কোরান নামক ধর্মপুত্তক ক্রনে ২ রচনা করিয়া প্রচার করিল, এই প্রত্তক স্বর্গ ইতে পাইয়াছি। তাহার শিষ্যদিংগর সংখ্যা যত বুদ্ধি হইতে লাগিল, তাহার দেশের গোকেরা ততই তাহাকে নিগ্রহ করিতে আরম্ভ করিল, কিন্তু তাহাতে অধিক লোক ভাহার মতাবলধি হইল। এই রূপে দে লোকসকলকে আপেন রচিত ধর্মের উপদেশ ক্রমাগত তের বংসর পর্যান্ত প্রদান করিল। অনন্তর তাহার শত্রুগণ ভাহাকে নই করিতে পরামর্শ করাতে ভাগার বন্ধরা ইহা জানিয়া তাহাকে মদিনা নগরে লইয়া গেল। মহমাদ बील और छेत जल्मत इस गठ दाईग वश्मत शरत खे নগরে পলায়ন করিয়া আসিয়াছিল ৷ তাহার পলায়ন হিজিরা নামে খাতে আছে, এবং ঐ সময়াবধি মুদল-মানেরা আপনাদিলের শক নিরূপণ করিয়াছে ৷

মহম্মদ মদিনা নগরে পৌছছিয়া তত্রস্থ লোক সকলের সঙ্গে বন্ধুতা করিয়া আপন শক্রদিগের সহিত যুদ্ধ আরম্ভ করিশ, এবং এই কথা প্রচার করিল, যে ঈশ্বর আমাকে খড়াবারা আপন এর্দ্ম স্থাপন করিতে আজ্ঞা প্রদান করিয়াছেন। অপর সে আরব ও যিহুনিদিগের সহিত যুদ্ধে প্রবর্ত হইল, এবং শেষে কনফান্টিনোপল নগরের রাজাধিরাজের সহিত সংগ্রান করিয়া দিরিয়া প্রদেশ

অধিকার করিতে সচেট হইল, কিন্তু তাহার এ চেটা নিক্ষল হিইল ৷ দেই কালে দে বতাত প্ৰভাপায়িত रहेशाहिल, 'बवः ठारात तल्मः था रेमना ठार्याक -সেনাধিপতি করিয়া মানিত, তাহা কেবল নয়, স্বর্গ হইতে প্রেরিত ভবিষ্যদক্তা ক্রপেও ভাহার পূজা করিত, এবং আপনাদের স্কুতন ধর্মা প্রচার করণার্থে অত্যন্ত উৎসাহা-ৰিত হইয়াছিল। তাহার স্তত্তার পূর্বে তাহার শিষাগণের এমত সংখ্যা বৃদ্ধি হইফছিল, যে দে নহাতীৰ্থ রূপ মানা যে মহানগর তাহাতে আপনার অনুগত এক লক চৌদ राज्यात याजी लहेगा शिग्नाहिल ! जिस्कि व्यमत বয়সে সে মরানগরেতে আপন বন্ধাণের সমাথে ঐস্টীয় শকের ছয় শত বত্রিশ সালে প্রাণতার করিল ! দে যে ধর্ম দংস্থাপন করিয়াছিল, তাহা মুসলমান ধর্ম বলিয়া বিখাত আছে। এই ধর্ম তাহার জন্মের পূর্বেছিল না। ভাহার স্তত্যুর পর আব্বেকর এবং ওমার ও ওথমান নামক তাহার তিন জন শিষা ক্রয়েতে রাজসিংহাসনার্চ হইয়া মেরানগরেতে রাজত্ব করিল ৷ ওথমান হত হইলে পরে মহম্মদের ফতিম। নামিকা কন্যার স্বামী আলি রাজ্যাভিষিক্ত হইল। মহমদের স্তত্যুর পরেই আবু-रक्टब्र शूर्व्स मुनलगाःनवा चालिटक तांक्रम् अमान कर्तनार्थ यथर एको। करियाहिन, किन्छ म छाहा शहन করে নাই। ওথমানের স্থতার পর তাহার। তাহাকে বল পূর্বক সিংহাসনোপবিষ্ট করাইল ৷ তৎকালীন মো-शहिशा नागक এक जन भन्नाक्रमी मानाधाक तांक पंख প্রাপণার্থ বিবিধ চেন্টা করিয়া আশী হাজার আরব দৈন্য সংগ্রহ পূর্মক আলির সহিত এক শত চৌদদ দিবস পর্যান্ত সংগ্রান করিল । এই বিরোধি সৈন্য দল নক্ষই বার পরস্পর যুদ্ধ করিল, এবং তাহাতে উভয় দলস্থ সন্তরি সহত্র মুসলমান বিনাশিত হইল। অবশেষে আলি জয় যুক্ত হইল, কিন্তু শক্রপক্ষীয় এক ব্যক্তি তাহাকে বিনাশ করিতে স্থির করিয়া বিষাক্ত এক অন্ত্র প্রস্তুত করিয়া রাখিল, এবং যথন আলি কফার মন্দিরে ঈশ্বরোপাদনায় নিযুক্ত ছিল, তংকালীন দে ব্যক্তি তাহার হৃদয়ে অন্ত্র বিদ্ধ করিয়া সংহার করিল। আলি স্থত্যকালীন ত্রিষ্টি বংসর বয়ঃপ্রাপ্ত হইয়াছিল।

তাহার স্থত্যুর পরে মুসলমানের। হাসন নামক তাহার পুত্রকে রাজ্যাভিষিক্ত করিল, কিন্তু মুসলমানদিগের রাজ্যের অধিকাংশ লোক মোয়াইয়াদিগের অধিকারে ছিল। নোয়াইয়ার পুত্র ইক্ষেদ হাসনের স্ত্রীকে কুমন্ত্রণ। দিয়া আপন স্থামিকে গরল ভক্ষণ করাইতে প্রবর্ত করাইল, তাহাতে হাসন নই হইল।

ইহার মধ্যে মোয়াইয়ার স্থত্য হইবাতে তাহার পুত্র ইফেন বিবিধ প্রকার ছক্ষম করিতে লাগিল। তাহাতে এক লক্ষ চল্লিশ সহত্র মুসলমানেরা এক বাক্য হইয়া আলির অবশিক্ত পুত্র হোসেনকে সিংহাসনোপবিষ্ট করাইল। কিন্তু কিছু দিন পরে তাহার। তাহার রাজ্য হীনবল বুঝিয়া তাহাকে পরিত্যাগ করিয়া পলায়ন করিল। অপর আবছ্লা নামক এক জন ইফেনের সেনাধ্যক্ষ হোসেনকে সৈন্য দারা ঘেরিয়া ধরিয়া আনিতে আজ্ঞা দিল। হোসেনের

সমভিব্যাহারে কেবল সত্তর জন সৈন্য ছিল। তাহার। উপস্থিত বিপদ দেখিয়া মরণ পর্যান্ত যুদ্ধ করণে প্রতিজ্ঞা করিল। পরে আপনাদিগের শিবিরের চতুর্দ্দিণে এক গড়খাই করিয়া শত্রুদিগের সহিত সংগ্রামার্থ স্থাক্তত ছইয়া থাকিল। এমত সময়ে আবছুলার দলস্ ছাড়ো নামক এক জন দেনাপতি ত্রিশ জন ঘোদ্ধা সঙ্গে লইয়া হোসেনের পকে গেল। শতাধিক সংখ্যক এই কুজ যোদ্ধার দল প্রাণপণে সংগ্রাম করত একে ২ সকলেই বিনাশিত হইল। কৈবল হোসেন এবং তাহার ভগিনী অবশিষ্ট থাকিল। ইতিমধ্যে হোদেন আপন তায়ুর বাবে বসিয়া এক বাটা জল মুখে তুলিতেছিল, এমত কালীন শত্রু পকীয় এক জন ভাহাকে শরাঘাতে বিদ্ধ করিল। পরে বিপক্ষ দল তাহাকে ঘেরিল। কিন্তু হোসেন হস্তে অসি ধরিয়া একাকী এমত সমর করিল, যে ভাষাদের কেহই ভাষার ্সশ্বধে ভির হউতে শক্ত'হইল না। অবশেষে শত্রুগণ ভাছাকে একেবারে আক্রমণ করিবায় হোসেন তেত্রিশ বার অস্ত্রাঘাত প্রাপ্ত হইয়া পরাজিত হইল। অন্তর হোদেনের লৈহ আবহুলার সমীপে আনীত হইলে আবহুলা তাহার মুখে প্রহার করিল ৷ তদূটে এক জন বৃদ্ধ যোদ্ধা কহিল, ইয়ে২ পবিত্র ভবিষ-দক্তাকে কতবার ঐ মুখে চুম্বন করিতে मिथियां हि 1 थे मनयांविध यूनलगांतना हुई पत्न विज्रुक ছইল, তাহার এক দল আবুবেকর এবং ওমার ও ওথমানকে খান্য করে, এবং অন্য দল উহাদিগকে হেয়জান করিয়।

আলি এবং তাহার ছই পুত্র হাসন ও হোসেনকে অত্যন্ত ভক্তি পূর্মক পূজা করে।

মহশ্বদের স্থার পর তেইশ বৎসরের মৃথ্যে শুসলমানের। আরব, পারস্থ, মিরিয়া ও মিসর দেশ জয় করিল। সেই২ দেশের লোকেরা প্রায় তাবতেই মহশ্মদের ধর্ম গ্রহণ করিল। আলির স্থতার পর মহশ্মদের বংশজাত আর কেহই কথন সিংহাসনারচ হয় নাই ৷ কিন্তু তাহার বংশজাত লোক বছ সংখ্যক ও অতি মান্য অদ্যাপি আছে ৷ আরব দেশে তাহারা সরিক, ও তুরকি দেশে আমির এবং পারস্থ ও আফ্রিকা দেশে এবং ভারতব্যের্থ সৈয়দ বলিয়া বিখ্যাত আছে ৷

হোসেনের স্থতার পর মোয়াইয়ার সন্তানের। মুসলমানদিগের রাজ্যাধিপতি হইল। এবং মহশ্মদের স্থতার পর
একশত বৎসরের নথা মুসলমানের। স্পেন এবং ইউরোপের
অন্যান্য কএক প্রদেশ কয় করিল। তাহারা জ্যাসদেশে
প্রবেশানন্তর তাহার অর্ক্লেক দেশ অধিকার করিল। কিন্তু
চাল্স মার্টেল নামক এক সেনাপতি তাহাদিগকে পরাজয়
করিয়া তথাহইতে তাড়ইয়া দিল। যদি সে ব্যক্তি তাহাদিগকে পরাভব করিতে শক্ত না হইত, তবে বোধ হয়
তাহার। সমস্ত ইউরোপ দেশ অধিকার করিত।

সেই কালে মুসলমানদিগের রাজ্য তিন অংশে বিভক্ত ছিল। প্রথম অংশ স্পেন দেশ, বিতীয় অংশ আহ্রিকা ও তদন্তঃপাতি মিসর দেশ, তৃতীয় অংশের রাজধানী বগদাদ নগর; এই অংশের মধ্যে পারস্ব সিরিয়া প্রস্তৃতি দৈশ ছিল। এই তিন অংশে যে ২ ঘটনা হইয়াছিল, ভাহার সংক্ষেপ বিবরণ কহি।

भूत्रवामानिरिशत रम्थनरमर्भ ताकरञ्जत विषय।

্রীষ্টের জন্মের সাত শত পঞ্চাশ বংসর পরে মুসলমানেরা ক্ষেম্ম দেশ জয় করিল, এবং তাহারা সাতশত ব্যালিশ খৎসর অর্থাৎ প্রীষ্টীয় শকের চৌদ্রশত নিরানরেই বৎসর পর্যান্ত ভাহা ভোগ করিল ৷ ঐ বৎস:র স্পেন দেশের রাণীর সাহায্য দার। আমেরিকা দেশ প্রকাশিত হইল। মুসলমানের। স্পেন দেশের রাজত্ব চাত হওনের পরে একশত বংসর তথায় বাস করিলা পরে তত্ত্ত রাজা মুসলমান ধর্মা मानार्थ या कियो कतियाहिन, जाहा विकन मिथिया मकन মুসলমানদিগকে দেশ তাাগ করিতে আজা দিল। এবং ভাহাদিগকে স্ত্রী পুত্র সহিত জাহাজ আরোহণ করাইয়া আফ্রিকা দেশে প্রেরণ করিল। ভাহারা তথার পলায়িত লোকের ন্যায় ইতন্ততো ভ্রমণ করিয়া অর্ণাবাদি আর্বদিগের ছম্ভগত হইয়া প্রায় সকলি বিনাশিত হইল। এই ক্রপে ্রুসলম। নদিংগর স্পেনদেশে রাজ হ বিন্ট হইল। ঐ দেশ শত কাল তাহাদিগের অধিকারে ছিল, তত কাল অতাস্ত উন্নতি বিশিষ্ট ছিল। বিদ্যা ও শাস্ত্রালোচনা ইউরোপের অন্যান্য দেশে প্রায় লুপ্ত হইলেও কেবল এই স্থানে অভান্ত প্রবল ছিল। স্পেনদেশস্থ মুসলমানেরা ভূগোল ও খগোল ্শীব্রালোচনাতে অতি খ্যাত ছিল। প্রধান ২ গ্রামে বিদ্যা-়িলর স্থাপিত হইয়াছিল। এবং ঐ রাজ্যে আশীটা বৃহৎ

1 04 7

ঐশ্বর্যাশালী নগর এবং তিন শত কুদ্র নগর ছিল। এবং বিবিধ প্রকার বাণিজ্য ধারা ঐ রাজ্যে অতান্ত ধন সম্বাহ ইয়াছিল। এবং তথাকার রাজকর পাঁচ কোটি মুদ্রাছিল। মুসলমান রাজারা অন্যান্য দেশে প্রজাদের প্রতি যেরপ নিগ্রহ করে, স্পেন দেশে তদ্রপ করিত না। অন্যান্য দেশের রাজারা কেবল আপনার উন্নতি চেটা করিত, কিন্তু এই দেশের রাজারা প্রজাদিগের সুখ ও সম্পত্তি ও উন্নতির চেটা করিত।

মুসলমানদিগের অ্যক্রিকা দেশীয় রাজত্ত্বর বিবরণ।

আদ্রিকা খণ্ডের উত্তরাংশ মাত্র মুসলমানদিগের অধিকার হইয়াছিল 1 তাহাদিগের রাজ্য ভূমধ্যস্থ সাগরের
দক্ষিণ তীরে বিস্তৃত হিল ! এতদেশস্থ রাজগণ পরস্পর
নানা বিবাদ বিসমাদে সতত নিযুক্ত থাকিত, এবং তাহাদিগের মধ্যে যে সকল রাজপরিবর্ত্তন হইয়াছিল, তহ্বনি
কেবল পাঠকবর্গের আন্তি হইত ! ভুরকি জাতিরা ১৫১৭
শকে মিশর দেশ জয় করিয়া তদবধি অনেক দিন পর্যাস্ত্র
তথায় রাজত্ব করিল; সম্প্রতি রাজ্য চ্যুত হইয়াছে !
অন্যান্য আফ্রিকা দেশস্থ মুসলমান রাজারা পূর্বাপর
তথার রাজত্ব করে । কিন্তু তাহাদিগের অন্যান্ত্র
তথার সর্বত বিদিত আছে ।

কগদাদ নগরে মুসলমানদিগের স্মাজ্য বিষয়ক বিবরণ।

মহর্মদের স্থতার পর মুসলমানেরা বগ্দাদ নগরে ও তচ্চতুর্দিক্স দেশ সমূহে পাঁচশত বংসরাবধি রাজত করিল। ১২৫৮ শকে এই রাজ্য জাজিশ খাঁর পোঁজা কর্তৃক পরা-জিত হয়। এবং ১৫১৭ শকে তুরকি জাতিরা ইহা অধিকার করে। তদনন্তর ঐ দেশে নানা রাজপরিবর্জন ইইয়াছিল, এবং ইহা এইক্ষণে পারস্থ জাতিদের অধীনে আছে।



১৭ সংখ্যা।

্রীটান দেশে মঙ্গল সমাচার প্রবিষ্ট হইবার বিবরণ।

প্রথমতঃ ব্রীটীন দেশে মঙ্গল সংবাদের বার্দ্ত। কে প্রবিট করিয়াছিলেন, একণে তাহার কোন অন্তুসন্ধান পাওয়া কায় না কিন্তু এই এক প্রকার প্রবাদ আছে যে ব্রীটীন দেশীয় দেনাপতি কেরেকটেকস নামক ব্যক্তির পিতা ব্রাম লাহেব প্রথম প্রবিষ্ট করেন তিনি তাহার পুজের সহিত করেদী হইয়া যথন রোম দেশে গিয়াছিলেন তথন ঐ মঙ্গল বাহ্য সে স্থানে গ্রহণ করেন।

্রএবং তিনিই স্থদেশীয় লোকদিগের নীচ দাসত্ব হইতে মুক্ত হইবার উপায় স্বরূপ হয়েন ধর্ম বোধক পাল সাহেব কুর্ত্তক উক্ত যে ক্লাডীয়া নামী জ্রী ও পুডেক্ট নামক

95]

পুরুষ তাঁহারাও যে উক্ত প্রসিদ্ধ বংশোদ্ভব তাহার প্রমাণ পাওয়া যাইতেছে কারণ ঐ সময়ে পুটন সাহেবেক উক্ত নাম্মী এক স্থী ছিলেন ইহা জানা গিয়াছে ৷
•

ব্রীটীন দেশে যে ব্যক্তি প্রথমতঃ প্রাষ্টীয়ান ধর্মেতে প্রাণপণ করেন তাঁহার নাম আলবান্ ঐ উপদীপে ঐস্তীয়ান লোকরা বিরক্ত হওয়াতে দশ বারের বার এক পুরোহিত রেরি উলেম্স নামক গ্রামে পলায়ন করেন এবং আলমন সাহেবের বাটীতে আশ্রয় প্রাপ্ত হয়েন আলমন নামক সাহেব উক্ত ধর্মাবলম্বী ছিলেন না বটে কিন্তু অত্যন্ত মেহ হওয়াতে ভাঁহাকে লুকায়িত করিয়া রা**খিলেন** এবং আলবান সাহেব অতিথির কৃত আরাধনার পারিপাট্য ও তদ্বিষয়ে ন্যগ্রতা দেখিয়া অত্যন্ত হর্ষানিত হওয়াতে তাঁহার অন্তঃকরণ উক্ত ধর্ম:ক স্পর্শ করিল। আর ঐ পুরোহিতের উপদেশ প্রবণ করিয়া বিশ্বাদ করিলেন ইতোমধ্যে পুরো**হিতের** বিরক্ত কারকেরা পুরোহিতের অন্তসন্ধান করিয়া ভাছার লুকায়িত স্থান ব্যক্ত করিল কিন্তু যখন ভাহারা ঐ গোপন, গৃহ অনুসন্ধান করিতে আইল তখন আলবন আপন উপদেশক পুরোহিতের পরিচ্ছদ ধারণ করিয়া লুকায়িত ব্যক্তির বেশ ধারণ করিয়া উহাদের হত্তে পড়িলেন পশ্চাৎ ভাহাকে উক্ত অনুষণকারিদের ও পৌতুলিকদের পুত্তক-ও শাসনকর্তার নিকটে লইয়া গিয়াছিল। স্নতরাং বে পুরোহিতের অনুেষণে তাহারা গিয়াছিল সে ব্যক্তি পলায়ন করিবার যথেষ্ট কাল পাইলেন। আলবান সাহেব রোম দেশীয় দেবতার নিকটে বলিদানাদি না করাতে এবং পুরো-

হিতকে প্রকাশ না করাতে ভাঁহার প্রতি কতকগুলি কোড়ার আঘাত দণ্ড হইল এবং যে স্থানে তাঁহার স্মরণার্থে এক ্ধুর্মশালা এথিত হয় ও তাঁহার নামেতেই যে হান বিখা।ত আছে সেই স্থানে তাঁহাকে ফাঁশী দিবার নিমিত্তে লইয়। যায় ৷ এই রূপে প্রাণদাতা লোক আরও কতকগুলি আছে তাহার মধ্যে কাহারো ২ নাম অদ্যাপি প্রসিদ্ধ আছে কাহারো ২ ভাহাদের দঙ্গেই গিয়াছে তাহাদের বিষয় খ্যাত্যাপন্ন ফুলর শাহেব চমৎকার রূপে লিখিয়াছেন এইনিয়ান লোকেরা অবৈধ ধর্মের নিমিত্তে অজ্ঞাত দেবতার প্রীতার্থ বেদি নির্মাণ করিয়াছেন বটে কিন্ত ধর্মের নিমিত্তে যাহারা প্রোণপণ করিয়াছেন এবং যাহাদের নাম লুপ্ত হইয়াছে তাহাদের স্করণার্থে একটী মন্দির নির্মাণ করিলে যথার্থ ক্রণে ধর্মের সঞ্ম হইতে পারে। দেবপুজক রাজাদের অববীনে যে নিএছ হয় তাহার শেষ নিএছ এই রোন রাজ্য অতি কুংসিতাবস্থাতে অর্থাৎ যংকালীন কি সংসারিক বিষয় কি ধর্ম বিষয় উভয়েতেই যথন প্রবল অভ্যাচার आतम इहेल उथन के ब्रीष्टीशान धर्माई तम तिलात यथार्थ ধর্ম হইল। যথন শিল্পবিদা। ও জ্ঞানের বৃদ্ধি ছিল তথন দেউপাল নামক ব্যক্তি রোম নগরীয় গিরিজাতে পত্র **ल्लांचन मिट शाक त्रामात्मीय लाकित्वत नी**डि वावहांत লেখেন তিনি কছেন যে প্রীটের মঙ্গল সংবাদে আমি শক্তিত হইব না যে বাক্তি औষটকে বিশাণ করে সেমুক্তি বিষয়ে ঈশ্বরের শক্তি প্রাপ্ত হয় প্রথম ইছদীয় লোকের পক্তে দিতীয় গ্রীক জাতীয়ের পক্ষে।

১৮ সংখ্যা।

ইংলও দেশীয় লোকদিগের প্রাচীন ধর্মের বিবরণ।

মন্ত্রাদের নানা দেবতারাধনা করা অনেক কারণাধীন এবং ক্রেমে ইইয়াছে। পরমেশ্বরের নানা প্রকার নান ও গুণ থাকাতে লোকেরা জান্তি প্রযুক্ত ঐ সকল নাম ও গুণের একং নাম ও একং গুণকে একং দেবতা মানা করিয়াছিল। যে সকল চক্র স্থ্যা নক্ষত্র এবং এই রূপ শাতাবিক আশ্চর্যা ২ প্রধান বস্তুকে প্রথমে পরমেশ্বরের আশ্চর্যা স্থানী বলিয়া মানা করিত পশ্চাং তাহারাই ঈশ্বর স্বরূপ ইইয়া আরাধ্য ইইয়াছেন। রাজা এবং অন্যথ মানা লোকের মধ্যে ঘাঁহারা জীবদ্দশ্য খাতাপিন্ন ছিলেন ওাঁহারাও মরণানন্তর লোকদিশের আরাধ্য ইইয়াছেন ইংল্ডীয় লো-কেরা পূর্মে এই রূপে নানা প্রকার দেবতাকে মান্য করিতেন।

এবং তাহাদের ধর্মের মধ্যে যাগ যন্ত্রাদি এক প্রধান
সংশ ছিল। তাঁহারা যে সকল উত্তম ২ দ্রব্য প্রাপ্ত হইতেন
ও যে সকল দ্রব্য দেবতার প্রিয় বলিয়া জ্ঞানিতেন সেই
সকল দ্রব্য সামগ্রী হারা উক্ত যাগাদি কর্মা নিষ্পান করিতেন
এবং বলি প্রদানের সময় যে কেবল পশুমান বলিদান
করিয়াই ক্ষান্ত থাকিতেন এমত নহে কিন্তু যুদ্ধ কালীন
যে সকল মন্ত্র্যাকে জয় করিয়া আনিয়া যুদ্ধ দাস করিয়া
রাধিতেন তাহাদিগকেও বলিদান করিয়া রক্ত দিতেন
তাহাদের এরপ বিশ্বাস ছিল যে এই জ্গতের সমুদ্ধ

শাসন কর্ত্ব দেবতা, দর হস্তে আছে এবং ভবিষাং কর্মেতে তাঁহারা যাত। মান করেন তাহাই করিতে পারেন। আর তাঁহারা ইহাও বিশ্বাস করিতেন যে ঐ সকল দেব আরাধনা করিলে তাঁহারা স্বীয় ২ সাধককে ভবিষাৎ কথা কহিয়া দিতে পারিতেন। এইরূপ বিশ্বাস করাতে জ্যোতির্বিদ্যা ও দৈবজ্ঞতা ও ভোজ বিদ্যা এবং নানা প্রকার পুজার্চা যদ্ধারা তাঁহারা এরূপ মনে করিতেন যে আমাদের বিষয়ে বিধাতার যে নির্বন্ধ আছে তাহা প্রকাশ হইতে পারে এই সকল বিষয়ের উৎপত্তি হইয়াছিল।

প্রাচীন ইংলগ্রীয় লোকদিগকে ঘাঁহারা ধর্মোপদেশ ও ধার্মিকতা শিকা করাইরাছিলেন তাঁহাদিগকে ডুইড অর্থাৎ পুরোহিত কহা যায়। ঐ পুরোহিতেরা তৎকালীন উক্তম পদ ও মর্যাদা প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহাদের এরপ মর্যাদা ছিল যে পরস্পর বিরোধি ছই সৈনা কোধানিত হইয়া কিরিচ ও খড়োদাতকর হইয়া পরস্পরের যুদ্ধোদ্যোগ কালীন ঐ পুরোহিতের সান্ধ্না বাক্য ঘারা শান্ত হইয়া ঐ ছই বাক্তি আপন অন্ত ত্যাগ পূর্বক পরস্পর ঐক্য হইত।

উক্ত প্রেহিতের। পরমেশ্বর বাতিরেকে অতিরিক্ত একটা ভূতজাতি মানিতেন ও এরূপ জ্ঞান করিতেন যে ঐ ভূতেরা সর্মদাই পরমেশ্বর বিরোধি কর্মা করিয়া থাকে এবং তাঁহারা আর একটা অস্তুউ ও মানিতেন এবং এই নীতি অতি হত্ন পূর্বক সকলকেই উপদেশ করিতেন। আর তাঁহারা কহিতেন যে আলা নিতা ইহাঁর বিনাশ লাই এবং লোকেতে আলার দণ্ড ও পুরক্ষার ও মানিতেন আর ইহাও কহিতেন যে ঐ দও ও পুরক্ষার আপন ২ ।
সদসং ক্রিয়া দ্বারা প্রাপ্ত হইতে হয়, আরও কঁছিতেন
যে পরলোকেতে আন্থা কতগুলি বায়ুতি আৰ্ত
থাকেন অর্থাং ঐ লোকেতে আন্থার বায়ুময় আকার হয়,
এবং তদ্বারা আন্থা কিছু ২ সুথ ছঃখেরে। অন্তত্তব
করিতে পারেন।

গ্রিক ও বোম দেশী: পুরোহিত ও পৃত্তিভ**দিগের** অপেকা ইঙ্গলভীয় পুরোহিতদের আত্মার নিতাত্ব বিষয়ে অধিক ছঢ়তা ছিল কারণ রোম ও গ্রিকদেশীয় লোকের মধ্যে অত্যন্ন লোকেরা আন্নার চিরস্থায়িত্ব সিদ্ধ করিতে বাঞ্ছা করিতেন কিন্ত ইঙ্গল জীয় পুরোহিতেরা তাঁহাদের ধর্ম যে ২ স্থানে প্রবল হইয়াছিল সেই ২ স্থানেই এই মত সংস্থাপন করিতে লোকদিগের ছঢ় বিশ্বাস জন্মাইয়া-हिल्लन । धार्मिक ७ वीर्यायान त्लाकत्मत मत्रगारख छाँशास्त्र আল্লা যে অথস্থানে গমন করে নেই স্থানকে ঐ পুরো-হিতেরা ফুাংইনস অর্থাং ধার্মিক ও বীর্যবান লোকদের स्र्थंत डेलदील करहन वे डेलदील मर्कनाई वमत अडू থাকে ও নিতা যৌবন আছে ও সেই স্থানে সুর্যাদেব नर्यमाहे छेख्य किंत्रण मान कतिराजन ও नित्रस्त मन्मर বায়ুর গমনাগমন ছিল এবং সর্বাদা সমান স্রোত্ত্বতী নদী हिन कांत्र वृक्त नकल मजीव थाकिया नर्सना कनधुनि করিত অর্থং বায়ুবারা তাহাদের প্রাদির সঞ্চালন হওয়াতে অন্তুত ধুনি হইত ও তাহারা ফল প্রভাগানী হইরা ভূমিতে নত হইয়া পড়িত। ঐ স্থানের উপরিতাশ

অতি নির্মাল অর্থাৎ তাহার কোন স্থান উচ্চনীচ ছিল না আর সকলের পক্ষেই ঐ স্থান অতি সুখদ ও রম্য ছিল এবং এরপ জান হইত যেন আহ্লাদ পূর্বক ঈষং হাস্য করিতেছে। তরিবাসি লোকদের ছঃখের লেশ ছিল না কেবল নিতা মহোৎসব ও আনক্রেটেই কাল যাপন क्रिजित। देश मराकाल क्रिजिह य देशन प्रभीय পুরোহিতের স্বর্গেতে অপ্রীতি জনক কোন বস্তু ছিল না আর তাহাতে এমন কোন গুণের অভাব ছিল না যে যাহাতে ঐ স্থানকে দেব লোকের পর্ম সুধস্থান বলা না ষায়। সকলের পূর্বেতে স্বর্গ অর্থাৎ পরম স্থাস্থান আছে বলিয়া যে প্রবাদ ছিল সেই প্রবাদ উক্ত পুরোহিতদের ধর্মা প্রকাশের প্রথমাবস্থাতে সকলহে জানিতেন তুমিমিন্ডে উক্ত পুরোহিতেরা ঐ প্রবাদ মূলক তাঁহাদের স্বর্গ রচনা করেন ৷ আশান নামক কোন কবি ব্যক্তির কবিভাতে যে বায়ুদারা রচিত অউালিকা ও অনা২ বিষয়ের বণ্না আছে তদ্বারা আনাদের বোধ হইতেছে যে, ঐ স্থান অর্থাৎ পৃথিবীস্থ লোকদিগের ক্লেশকর যে পীড়া তাহা যে তানে প্রবেশ করিতে পারে নাই সেই পরম স্কর্থ-স্থান অতি উচ্চস্থানে ছিল। গ্রিক ও লেটিনদের সংস্থাপিত इलिएमप नामक कान जान जानका के मत्नाहतं जातन অতি উপ্তম ২ স্থাবে অমুভব করা ঘাইত ৷ ইংলগুীয় শুরোহিতেরা একটা নরক অর্থাৎ পারলৌকিক ছঃখন্থান ও মানিতেন এবং কহিতেন যে ঐ নরক অতিযোর প্রাক্তারময় স্থান ও অনেক শিশির একত জমিয়া ঐ

স্থানকে নির্মিত করিয়াছে। যাঁহারা অতিশয় শী**তল** স্থানে সর্বাদা বাস করেন এবং ঘাঁহারা ঐ শীতম স্থানে বাস করার যে ক্লেশ তাহা বিলক্ষণ রূপে অন্যুভূত আছেন ভাঁহাদিগের বুদ্ধিতেই এই রূপ স্থান ছঃখদ হইতে পারে ! ঐ পুরোহিতেরা তাঁহাদের ধর্মের মধ্যে এই নিয়ম করিয়াছিলেন কোন দেবতার ধনের নিমিত্তে মন্দির করা অথবা কোন দেবতাকে গৃহ নির্মাণ করিয়া দেওয়া : আমাদের বাবস্থা দিদ্ধ নহে 1 তাঁহারা অনাবৃত স্থানেতেও অত্যন্ত আমোদিত নানা জাতীয় প্রস্পোদ্যানে দেবতারা-ধানা করিতেন। ঐ উদ্যানস্থ বুক্ষের মধ্যে অতি স্তচু ও ছত্রিত গে ওক নামক বৃক্ষ তাহাই প্রধান ছিল কারৰ কোন ধর্ম কর্ম করিবার কালীন ঐ বৃক্তের পত্রের মালা-ছারা শোলিত না হইয়া কোন কর্মা করিতেন না । এই ওক বৃক্ষকে ঐ পরে।হিতদের মান্য করা আশ্চর্য্য নহে কারণ হিত্র ও জাতীয় ধর্মাধ্যক ও অন্যান্য জাতীয় পুরোহিতেরাও ঐ বৃক্ষকে উক্ত পুরোহিতদের ন্যায় মান্য করিতেন। উক্ত পবিত্র কানন সকল পবিত্র নদীর জলহার। র্থোত হইত, ঐ সকল কাননে কোন মন্দ লোকের আক্রমণ নিবারণার্থে চতুঃসীমা বেষ্টিত পরিখা অর্থাৎ গড়বল্লি ছিল, এবং কাননের মধান্তলে গোলাকৃতি এক রমা অঙ্গন অর্থাৎ উঠান ছুই তিন খানা বড় প্রস্তরে উপযুপরি করিয়া বাঁধান ছিল ও তাহারি মধ্যস্থানে উপাসনার বেদি নির্মিত থাকিত এবং তাহার অগ্রেতেই বলিদানাদি করিত তাহাদের কোন ২ চমংকৃত দেবোপাসনা স্থানে বিশেষতঃ প্রস্তর্ময় স্থানেতে

স্তম্ভের উপর বৃহৎ ২ গোলাকৃতি প্রস্তর দিয়া আবরণ করা থাকিত. তদ্বারা ঐ স্থান অতি চমৎকৃত হইত যদ্যপিও উক্ত পূরোহিতদের সেই সকল দেবোপাসনার কানন যাহার হথো বেদি নির্মিত ছিল সে সকল কানন একণে নই হইয়া গিয়াছে তথাপি ইংলও দেশে ও ইউরোপের স্থানে ২ অদ্যাপি সেই সকল আরাধনার বেদির চিহ্ন আছে।

অন্য ২ দেশ অপেকা ইংলণ্ডেতে উক্ত পুরোহিতদের ধর্ম বছকাল পর্যান্ত ছিল যেহেতু সেকস্যান জাতীয় ও জেন জাতীয়ের। দেই ধর্মের পুনর্ফার উদ্ধার করেন। ১১০• শালে যৎকালীন ইংলণ্ড ক্যানিউট্ রাজার অধিকারে থাকে সেই অবধি নীচের লিখিত ব্যবস্থা সংস্থাপনের রীতি হুইয়াছিল, সেই ব্যবস্থা এই চন্দ্র সূর্য্য অগ্নি নদী খাত পর্বত বৃক্ষ এবং কাষ্ঠাদির উপাদনা করিতে উপাদকদিগকে তিনি বিশেষ নিষেধ করিয়ছেলেন। কিন্তু অনেক গ্রন্থ-কর্জার লিখিত প্রমাণ ও অন্য ২ প্রমাণ বারা ইহাও সম্ভব হইতেছে যে, প্রথম শালেতে গ্রাষ্ট্রীয়ানদের ধর্ম শাল্তের किंद्र वाता देश्लख पम गांख इहेग्राहिल निष्कतिया नामक দেশের বিশপ অর্থাৎ ধর্মাধাক ইউসিবিয়ন নামক কোন আক ব্যক্তি যাঁহার পাণ্ডিতা ও বিচক্ষণতাতে সমান খাতি ছিল, ও চতুর্থ শালের আরয়েই ঘাঁহার প্রাত্তাব হয়, আর যিনি কান্ট্যান্টিন দি গ্রেট নামক রোম দেশীয় ব্লাজার অত্যন্ত প্রিয় ছিলেন, তিনি যথার্থ রূপে কহেন ৰে ব্রীটীয়ান দেশের দক্ষিণাংশে ধর্ম ঘোষক ও ভাঁছাদের শিষ্য কর্তৃক আঁতীয়ান ধর্ম প্রথম ঘোষিত হইয়াছিল,

এবং ইহাও বিবেচনানিঞ্ক বটে যে রোমানের। ইংলঞ দেশ আক্রমণ করাতেই ইংলওদেশে খ্রীফীয়ান ধর্মের প্রথ পরিস্কৃত হয়। ইহাও যথার্থ বটে রোমান্দের সৈনা ও रेमनाधाकरम्त्र मध्या अप्तरकरे ब्रोडीयन धर्मावनधी हिन ত্রিমিকে তাহাদের জয় করণার্থে হউক অথবা দেই সকল मिन तकात कताई इडेक यथन भूनः २ देः लखिड ध्वित्रङ হইত তথ্নি তাহীরা ঐ দেশের মধ্যে এফিীয়ান ধর্মের প্রচার করিত। বোডিদিয়া নাস্ক্রী রাণী দ্বারা ইংলগুদেশে উ**পপ্লব** হয় সেই উপপ্লবের দমনানম্ভর ব্রীটীয়ান দেশ উত্তম শাসনকর্তা-দের অধিকারে বছকাল পর্যান্ত পরম স্থাধ থাকে এবং এই ইংলণ্ড দেশ প্রীকীয়ানদের পক্ষে এক পরম স্থাধের স্থান হইয়াছিল কারণ তাহারা অন্য স্থানে বিশেষতঃ রোমদেশে নানা প্রকাব যাতনা প্রাপ্ত হইত যেহেতু রোমদেশীয় নীরো নামক রাজা নিজ দোষ পরিহারার্থে উক্তাপরাধ প্রাফীয়ান-দের উপর অর্পন করিয়াছিল, এবং সেই অপরাধে এটি-য়ানদের মধ্যে অনেককে নিষ্ঠুরতা পুরংসর নন্ট করে ও তাহাদের কতগুলিকে বনা পশুর চর্ম দারা আবৃত করিয়া द्रमुत मूर्य निःकिश कतिया छात्रा मर्गत मतीत निनीर् करत, এবং কতগুলিকে কুশ নামক কাঠ দারা বদ্ধ করে, আর কতগুলিকে অগ্নিতে নিঃকিপ্ত করে এই রূপ যা তনা পাওয়াতে অনেকেই নানা স্থানীয় হয় এবং তাহার মধ্যে অনেক লোক এই উপদ্বীপকে নিরাপদ স্থান বলিয়া আশ্রয় করিয়াছিল স্তরাং ইংলও দেশে এটীয়ান মতাবলমী লোক অনেক रहेन।

[46]

ঐ দেশে যদ্যপি কোন কালে কেছ ধর্ম ঘোষক আসিয়া থাকেন ভবে সে নেতৃপাল নামক ব্যক্তিই আসিয়া থাকিবেন বেহেতু তাঁহার উৎসাহ ও সাহস এবং পরিশ্রম অতান্ত ছিল মদ্যপিও আরমেথিয়া দেশস্ত জোজাপ নামক ব্যক্তিও সেণ্ট পিটর নামক ব্যক্তি ঐ দীপে ধর্ম ঘোষণা করিয়াছিলেন এরপ কেহ ২ কছেন আর সাইমান জেলেটির নামক ব্যক্তি ঐ স্থানে ধর্মের নিমিত্তে প্রাণত্যাগ করেন ইহাও যদাপি কোন ব্যক্তি কহেন তথাপি ঐ সকল কথা বিধাস করিবার প্রিমাণ কেবল উদাসীনদের বাক্য ব্যতিরিক্ত অন্য কোন ইচ্তর প্রমাণ নাই, কিন্ত ইহার উত্তম্ব ছড় প্রমাণ আছে বৈ ১৭৮২ শালে ইংলতে এরূপ এক বিদ্যালয় স্থাপিত হয় যে সেই বিদ্যালর হইতে নানা স্থানের ধর্ম মন্দিরে **উপদেশক ব্যক্তি প্রেরিত হইয়াছিল তদৰ্ধি ইহা প্র**তায় হিইতেছে যে, ইংলভের নানাবিধ স্থান প্রাষ্টায়ান ধর্মের অশীতল কিরণ দারা প্রকাশিত হইয়া অত্যস্ত অন্ধ কুপ ইইতে উদ্ধৃত হইয়াছে।



১৯ সংখ্যা।

भाषन **এवर कीमरमत कीवत्नाशा**शान ।

ক্রীন্টের জন্মের ৫৫৭ বংসর পূর্ব্বে ক্রীশস লিধিয়া দেশের পঞ্ম ও শেষ রাজা হইয়াছিলেন। আর তাঁহার অতুল ঐশ্বর্যা ধাকাতে তিনি ধনিদি,গর মধ্যে এক জন প্রধান রূপে ছন্টা- দ্রের স্থল হইয়াছিলেন এথেন্স দেশের বিচারক**র্জা** শোলন যিনি গ্রীকদেশীয় বিজ্ঞ লোকদের মধ্যে অতি মান্য হিলেন তিনি যৎকালীন সার্ডিস দেশে আসিয়াছিলেন যে সার্ডিস দেশে তিনি এক সভা সংস্থাপন করেন, তৎকালীন এত লোক ভাঁহার সহিত এরূপ মান্যতা পুরঃদর সাক্ষাৎ করিয়াছি**ল** যে তাহাতে তাঁহার যথা যোগ্য মান হইয়াছিল । পরে ক্রীশস বহু মূলা বস্ত্রাদি পরিচ্ছদ্দারা শোভিত হইয়া উক্ত শোলনের সহিত সাকাৎ করিবার নিমি**ন্থে আপন** সভাতে স্বীয় মন্ত্রিগণের সহিত অত্যন্ত সমারোহ পূর্বক উপস্থিত হইলেন কিন্ত শোলন উক্ত রাজার ঐশ্বর্য মেথিয়া অতি আশ্চর্য্য জ্ঞান করিলেন না, ক্রীশ্স শোল-নের হেয়তা ও তাচ্ছীল্য দেখাতে চমৎকৃত ও বিরক্ত হুইয়া भाषात्रक यीय अमूनय अफ्रोनिका ও शीतकानि **এবং সর্বাদা** ব্যবহার্য্য দ্রব্য ও দক্ষিত মুদ্রা আর চিত্রিত ও নির্মিত প্রতিমৃত্তি ইত্যাদি আপনার সমুদয় ঐশ্বর্য দেখাইতে আজা করিলেন।

শোলনকে ঐ সকল ঐশর্য্য দেখাইয়া পুনর্বার কিরাইয়া
আনিলে ক্রীশস শোলনকে জিজ্ঞাসা করিলেন যে তুমি
আমা অপেলা অন্য কোন ব্যক্তিকে অধিক স্থা দেখিয়াছ কি না, তাহাতে শোলন উত্তর করিলেন যে হাঁ
এথেন্স দেশের টেলস নামে এক জন অতি মান্য প্রজা
তিনি সরল ছিলেন ও যাবজ্জীবন জীবনোপায়ের কোন
ক্রেশ প্রাপ্ত হয়েন নাই ও তিনি স্বদেশকে অতি উন্নত
দেখিয়াছিলেন এবং তাঁহার পুজেরা সর্বত্র সমান মান্য,

এবং তাঁহর আরো এক সন্তোষ জনিয়াছিল যে স্থীয় পুল্লের পুত্র অর্থাৎ পৌল্লের মুখ দর্শন করিয়া পশ্চাৎ স্বদেশ রক্ষার নিমিত্তে যুদ্ধে প্রবৃত্ত হইয়া পরলোক প্রাপ্ত হরেন।

এরপ প্রত্যান্তরদারা স্বর্ণ ও রৌপ্যাদিতে তাচ্ছীলা প্রকাশ ছওয়াতে কীশদের এমন বোধ হইল যে এ প্রত্যুক্তরেতে কেবল অনভিজ্ঞতা ও মূৰ্খতা প্ৰকাশ পাইতেছে যাহা হউক কৌশস পুনর্বার অভিমান পূর্বক শোলনকে জিজাসা করি-লেন, যে টেলস ভিন্ন অন্য কোন ব্যক্তিকে আমা অপেকা অধিক স্থাধি দেখিয়াছ কি না? শোলন প্রত্যান্তর করিলেন হাঁ, আরগস্ দেশেস্ফ ক্রিওবিস ও বাইটন নামক ছই সহো-দর ছিলেন ভাঁহারা ভাাতৃত্বনিবন্ধন স্নেহের ও পুত্র কর্তৃক ্<mark>ষাতা পিতার পূজাতার সম্পূর্ণ ছন্টান্ত স্থান ছিলেন ।</mark> উক্ত সংহাদর বয়ের মাতার কোন বিশেষ ব্রত করিবার निभिट्ड जुरनारमधीत मनिद्र याहेगात आवनाक इरेग्नाइन এবং তিনি ঐ দেধীর পরিচারিকাও ছিলেন, তাঁহার শক-টের বাহক বলীবর্দ্দ অর্থাৎ বলদ তৎকালীন উপস্থিত না পাকাতে উক্ত ছুই সহোদরে বলীবদের ভূষণে ভূষিত হইয়া সমাজের মধ্য দিয়া তাহার শকট টানিয়া গিয়াছিল অন্য ২ ব্যক্তিদের মাতারা ঐ পরিচারিকার পুত্রদিগের পুণা দেখিয়া পরিচারিকাকে যথেষ্ট ধন্যবাদ করিল। উদ্জ সহোদর ঘ্যের নাতা আনন্দ সাগরে মগ্ন হইয়া দেবতার নিকটে বাগ্ৰতা পূৰ্বক প্ৰাৰ্থনা করি**লেন যে দেবতারা মহু**-याक 🕫 भकत छेन्छेम अया मिट नमर्थ इरापन ताई नकत দ্রবাদার। আমার পুত্রদিগকে পুরস্কার করুন। ঐ দেবী তাঁহার প্রার্থনা শুনিলেন এবং উক্ত দেবীর নিকটে বলি-দানাদি সমাপ্ত হইলে মন্দির মধ্যে ঐ ছুই সহোদ্র নিদ্রিত হইলেন, এবং দেই নিদ্রাবন্ধাতেই স্বাহন্দ শরীরে তাহাদের ছুই জনের প্রাণ বিয়োগ হইল।

ক্রীশস কহিলেন যে তবে আমাকে কি তোমার স্থাধি বোধ হয় না? শোলন উত্তর করিলেন হে লিধিয়া দেশাধিপতি তুমি বিবেচনা কর যে মহুষোর নানা প্রকার অবস্থা হয় ও তাহানের জীবনের উপর হঠাৎ কত প্রকার আমাত উপস্থিত হয় ইহাতে আপনাকে কোন সম্পতিহারা স্থাধি বলিয়া অভিমান করা যথার্থ শাস্ত্র সন্মত হয় না, এবং অনা কোন বাজির স্থাথ দেখিয়াও আমরা আম্চর্যা জ্ঞান করিতে পারি না, কেননা দে স্থাথ মিথা ও অচিরস্থায়ি, এবং ঘাঁহাকে প্রদেশর মাবজ্জীবন নিরুদ্ধেরে রাখিয়াছেন তিনি বাতিরেকে অনা কোন ব্যক্তি আপনাকে স্থাথ জ্ঞান করিতে পারেন না যেমন কোন যোদ্ধা যুদ্ধসনান্তির পুর্বেষ্ ফান কোন মুকুটাদি পাহিত্যেষিক পায় তবে তাহাতে যেরপ সংশয় থাকে।

শোজন ক্রীশসকে যে সকল কথা কহিলেন ক্রীশস অতি
মল্লকালের নধ্যেই ঐ সকল কথার পরীকাদারা প্রামাণ্য
করিলেন কারণ পারস্য দেশের রাজা সাইরস নামক কান ব্যক্তির নিকটে ক্রীশস যথন পরাজিত হইলেন তথ্ন উক্ত রাজা ক্রীশসের রাজধানী গ্রহণ করিয়া এবং ক্রীশসকে

म्हर

কারাগারে বন্ধ করিয়া পশ্চাৎ এক কান্ত বেদির অর্থাৎ
চিতার উপর তাঁহাকে রাখিয়া দক্ষ করিতে আজ্ঞা করিলেন
পশ্চাৎ ঐ তুর্তাগা রাজা এথেন দেশের পণ্ডিতের অর্থাৎ
শোলনের বাক্য স্মরণ করিয়া শোলন ২ এই শক্ষারা
চিৎকার ধূনি করিতে লাগিলেন।

সাইরণ তাঁহার প্রধান ২ সৈন্যাধাক্ষ ও মন্ত্রিগণের সহিত সেখানে উপস্থিত থাকাতে ক্রীশস শোলন ২ এই শব্দ বার ২ উচ্চারণ করে কেন? ইহা জানিতে ইচ্ছা করিলেন, এবং তিনি তাহার কারণ অন্তুসন্ধান করিয়া প্রণিবীস্থ তাবৎ বস্তুকে মিথ্যা বোধ করিলেন, আর তাঁহার অন্তঃকরণে দয়া উপস্থিত হইল ত্রিমিত্তে ঐ রাজাকে অগ্নি চিতাহইতে আনিতে আজ্ঞা করিলেন এবং তদবধি ক্রীশসের সহিত মর্য্যাদাপূর্ম্বক ব্যবহার করিতে লাগিলেন।

এই রূপে অর্থাৎ একজন রাজার প্রাণদান করাতে ও দিতীয় রাজাকে সতুপদেশ দেওয়াতে শোলনের যথেউ গৌরব হইয়াছিল।



२० मः था। १

वाष्ट्रा यद्भव विववन ।

বিশ বুল ছিত্র যুক্ত ও উত্তম রূপ নির্মিত এক নলবিশিষ্ট বাশ্প যক্ত্রতে ৪০ ট। আন্তর কর্মা করে ইহার মধ্যে অখেতে কেবল দ্বি ভাগে ৮ ঘণ্ট। মাত্র কর্মা করিয়া থাকে কিন্তু উক্ত যক্ত্র আহোরাত্র অনবরত কর্মা করাতে এক শত কুড়িটা অব্ধের
কর্মা নির্মাহ হয়, এবং ভাহার এক ২ অব্ধেতে পাঁচ জন
মন্ত্রের কর্মা করিতে পারক হওয়াতে ঐ যক্ত্রজারা ছয় শৃত
মনুষ্যের কর্মা করিতে পারক হওয়াতে ঐ যক্তর্জারা ছয় শৃত
মনুষ্যের কর্মা নিষ্পান্ন হইতে পারে, কিন্তু এই যক্তের সমুদ্য
বায় উক্ত অন্ধ অর্থাং যে সকল অব্ধের পরিবর্ত্তে এই যক্ত্র
নির্মাণ হইয়াছে ভাহাদের অর্জাংশের ও তুলা নহে, অন্ধার
ও ধাতুর আকর প্রস্তুতি হইতে জল তুলিবার নিমিত্তে এই
কলের প্রথম ব্যবহার করা যায় কিন্তু এক্ষণে যে ২ বিষয়ে
অধিক বল দেওনের প্রয়োজন হয় সেই বিষয়ে উক্ত কল
ব্যবহার করা যাইতেছে ৷ বোল্টর্ন সাহেব মুদ্রা যত্রেতে এই
শক্তি ব্যবহার করিয়াছেন, যে যত্রেতে চারিজন বালকের
উপলক্ষা হইলেই এক ঘণ্টায় ২০০০ হাজার মুদ্রা মুদ্রিত
হইতে পারে এবং ঐ মুদ্রার সংখ্যাও উক্ত কলছারা ঠিক
হইয়া থাকে ৷

२५ मर्चा।

কিলে।প্রিমেন।

গ্রীক দেশস্থ ফিলোপিমেন আপন কালে সর্ব্বাপেকা প্রশস্ত সেনাপতি। আপনার ইসনোর সহগমন করত তাহারদের কিঞ্চিদগ্রসর হইয়া শিবিরে প্রথমে পঁছছিলেন এবং দেখিলেন যে প্রত্যেক জন তাহার নিমিত্তে মহা ভোজ করত অভিশয় বাস্ত ইতাবসরে এক জন স্ত্রী তাহার ক্ষ্মীবদন দেখিয়া তাহাকে এক জন স্ত্রতোর নাায় বোধ করিয়া কাঠ চিত্রিয়া

আমার উপকার কর ইহা কহিলেন। ইহাতে তিনি এক কথা মাত্র না কহিয়া যথাসাধ্য কাঠ চিরিতে আরম্ভ করিলেন। কিঞ্চিৎ কাল,পরে তাঁহার প্রধান সেনাপতি পঁছছিয়া তাঁহাকে এই রপ কর্মা করত দেখিয়া জিজ্ঞাস। করিল যে মহাশয় কি করিতেছেন। তিনি হাস্য করিয়া কহিলেন যে আমি জাসনায় কুঞ্জীক বদনের গুনাহগারী দিতেছি।

२२ मः था।

পৌলের খ্রীফীয় ধর্ম গ্রহণ বিষয়ক বৃত্তান্ত।

পৌলের প্রান্থীয় ধর্ম গ্রহণ, ও তৎসম্বন্ধীয় সকল ঘটন!
দ্বারা আমাদের ধর্ম যে ঈশ্বর দক্ত, তাহা স্কুম্পন্ট রূপে
সপ্রমাণ হইতেছে। এই প্রসিদ্ধ বাক্তি প্রীষ্টীয় ধর্মাবলম্বিদিগের
ভয়ানক শক্র থাকিয়া পরে একেবারে আপনিই ঐ ধর্ম গ্রহণ
করিয়াছিল, ইহা এমন শক্ত রূপে প্রমাণীকৃত, যে ইহা
ভক্ষীকার করিলে অন্য সকল পূর্মকালের ইতিহাদ অস্থীকার
করিতে হয়। অতএব দে যেমত আপনি কহিয়াছে, সেই মত
অন্তুত রূপেই প্রীন্থীয় ধর্মা গ্রহণ করিয়াছে, ইহাতে কোন
সন্দেহ নাই, এবং এমত হইলে স্কুতরাং প্রীন্থীয় ধর্ম ঈশ্বর
দক্ত বলিতে হয়, অন্যথা পৌলকে প্রবঞ্চক ও উম্মন্ত অথবা
ভানা লোক কর্ত্ব প্রবঞ্চিত বলিতে হয়। এতবাতিরিক্ত অন্য
কিছু সন্তবে না বাদ সে প্রবঞ্চক ছিল, অর্থাৎ বাহা মিধ্যা
ভানিল, তাহা সত্য বলিয়া জগতে প্রকাশ করিল, তবে তাহার
এই প্রকার ভণ্ডামি করিবার অবশা কোন কারণ থাকিবে।

लाक मकन हेरलारक अन्नर्ग ७ महुन এवर उँछनम श्रापनार्थ অর্থবা কোন ইন্দ্রিয়াদির স্থুখ সাধনাথে ধর্ম বিঘটে প্রতারণা করিয়া থাকে। কিন্তু যখন পোল যিহুদীয় পূর্য পরিতার ও প্রী দীয় ধর্ম গ্রহণ কঞিল, তংকালীন ঐ ধর্ম দয়ের অবস্থা বিবেচনা করিলে স্পাট রূপে এটা বোধ হয়, যে যে উ**পরে** উক্ত কাৰণ প্ৰদুক্ত ক্ৰুংশ হত গ্ৰীটের ধর্ম গ্ৰহণ করে নাই। কেননা য হাদিগতে পরিভাগ করিল, ভাহাগা যিহুদী **দেশীয়** ধনধান ও সমূতি ও পরাক্রমী লোক: কিন্তু যাহারিগের নিকটে গেল, ভাহারা মকলেট দ্বিজ, ও ভাত্তিত এবং সর্ম প্রকারে ধন সঞ্চনের উপায় বিধীন ছিল। অভএব প্রীষ্টীয় ধর্ম এচণ করিলে সর্মস্থাত হটবে, এবং ভবিষাতে ধন উপার্জনের অশে, রহিত হইবে, ইহাতে কোন সন্দেহ ছিল ন। কিন্তু সে ধলি পূর্বের মত প্রার্টায়ানদিপের বৈরতাচরণ করে, তবে বিস্থায়ি দেশের প্রথান ২ ব্যক্তিদিগের আছ-কুল্যেতে উত্তম পদ পাইবে, এমন দৃত্ ভরস। ছিল, যেহেতু ঐ ব্যক্তিরা গ্রীফীয়ানদিগের ভাড়না করণে তাহার উৎদাহ দেখিয়া বড় সহটে হইয়াছিল। যদি বল, সুখ্যাতি ও সমুম প্রাপণাশায় দে এই ধর্ম গ্রহণ করিয়াছিল, উত্তর গমিলিয়েলের শিষ্য যে পৌল সে টকবর্ড দিগের পাত-শালার অধ্যাপক হইয়া যে স্থ্যাতি কি সম্ভ্রন লাভ कतिरत, अमन कि महानना हिना। अश्रत गमि वन, औष्टीय धर्म विद्वानिया अथवा अना प्रतान अनात कतिया मन्नोन প্রাপ্ত হইবে, এনত কাশার সে এই ধর্ম গ্রহণ করিয়া-ছিল, ইহাও সন্তর্নহে, যেহেতু সে জানিত, যে ঐ সকর

নিতকে **হিছুদির। অতা**ও অযুক্ত এবং গ্রিকেরা **উমাত্ত** প্রলাপ জ্ঞান করিত । যদি বল, পরাক্রম প্রাপ্ত হইবে, এই আশায় পোল স্বজাতীয় ধর্ম তাাগ করিয়াছিল, তবে বলি কেনন পরাক্রম এবং কাহার উপরে পরাক্রম? যাহাদিগকে আপ্নিই বিনাশ করিতে চেকালিত হইয়াছিল এবং ঘাহাদের রক্ষকও অল্লকাল পূর্ব্বেই হত হইয়াছিল সেই মেঘণাল রূপ মতুষাদের উপর প্রভুত্ব পাইলে কি 🕏 ট লাড। যদি বল ভূতন ধর্মের ছলেতে কামাদি কোন অবিহিত ইন্দ্রিয় সূখে সভোগ করিবে এই মানসে দৈ ঐ ধর্মের উপদেশক হইয়াছিল ইহাও অযুক্ত যে হেতৃ ভাহার রচিত গ্রন্থ সমূহে পবিত্রাচার করা এবং রাজা ও ুরাজপুরুষ ও ব্যবস্থাসকলের অধীনে থাকা এবং ধর্মাবেশে কায়কতা ও আল্লা ও ক্রাবহারেতে ঘূণা করা অবশাই কর্ত্তর সর্মদা এই রূপ উপদেশ করিয়াছে। অপর প্রীট ভক্ত লোকেরা নীতিবাবস্থার অনধীন এবং ঈশ্রামুগ্রহে দেশের শাসন হওয়াতে রাজ শাসন অমুচিত ও রাজাকে भम्राठ का कर्छन। এবং ধনিদিগের ধন বিভাগ করিয়া দরিজদিগকে দান করাই কর্ত্তব্য এবং পাপ পুণ্যের ভেদাভেদ নাই এবং দন আকর্ষণ করিবামাত্রই ঈশরদ্ভ ধর্ম ও স্থাটির নিয়ান লজ্মন করা যায় এবং অন্য যে কোন উপদেশদার পূর্ত লোকেরা আপনাকে ঈশ্বরাদিট রিলিয়া মনুষাদের উপর নানা উপদেব করিয়াছে, এমত অসৎ উপদেশ পৌলের কোন পত্রেতে লিখিত নাই i জারবিয়া দেশোদ্রর বঞ্ক যে মহম্মদ, ভাহার ন্যায় সে

আপনাকে কোন ব্যবস্থার বহিতৃতি বলিয়। কিছু শাঁত লেখে নাই; এবং দে যে প্রাফীয় ধর্ম গ্রহণের পূর্বের কিপরে লম্পটভাচার করিয়াছে, এমন কোন প্রমাণ নাই, ফিছুদিদিগের মধ্যে গণ্য হইয়া বদ্ধপ সদ্যবহারী ছিল প্রাফীয়ানদিগের মধ্যেও ভদ্ধপ ছিল, কিঞ্জিমাত অসহ ব্যবহারাদি করে নাই

সেই প্রেরিত পৌল যে প্রবঞ্জ ছিল না, ইহা স্থির হইল। সে ধর্মোনাভও ছিল না, তাহার প্রমাণ বলি। উত্তস্থভাব ও বিন্ধতা ও অক্তানতা ও অপ্রমান বিষয়ে বিগাস এবং অহস্কার এই সকল ধর্মোন্মস্ততার কারে হয় ৷ কিন্তু উগ্রন্থভাব বাতিরিক্ত পৌল প্রেরিত পুর্বেষ্ট্রেক্ত ভাবং দোষশূনা ছিল। সে যিহুদীয় কি গ্রীফীয়ান যখন যে মত মতা জ্ঞান করিত তদ্রকার্থ অতাস্ত উগ্রতা প্রকাশ করিল ইহা সভা বটে কিন্তু সে সর্বকালেই এমত রাগ जिस्ति भूना थांकिङ य राष्ट्र विषय खनाना मसुगामत নিকটে অন্যান্য ব্যবহার করিত এবং অতি নম হইয়া ষ্ণাদাধ্য য্থাবিহিত ভাহাদের নত ও ব্যবহারামুদারে আচরণ করিত কিন্তু যাহার। স্বমতাভিমানে আগক্ত কিয়া ধর্মোনতভায় বিহ্বল, ভাহারা এ রূপ সদাচরণ করিতে সর্কথা অক্ষম হয়। অপর সে বিমর্ঘমনা ছিল না ইছাও স্পত্ত বোধ হইতেছে যেহেতু যে কোন উপায়েতে ঈশ্বরের আজ্ঞা এবং উচিত কার্যোর ব্যাঘাত না হয় পৌল বিপদ ও শক্রদিগৈর তাড়না হইতে মুক্ত হওনার্থ বিবেচনা পূর্বক এমন উপায় করিত। ধর্মবিষয়ে বিমর্যমনা বাজি শক্রদিগের

তাদনা প্রার্থনা করে না, তখন সে আপনিই আপনাকে যন্ত্রণ দৈয়া কিন্তু সরল ও পবিত্রাচরণ এবং অবিশ্রোস্ত জ্ঞপে ধর্মা ঘোষকের কার্য্য নিজ্ঞাদন দারাই পৌলের আর্মিকভা ছুক্ট হউতেছে। অপর গণ্ডমূর্যছাড়া কোন বাজি তাঁহ কে মূর্য বলিবেক না, বেহেতু বোধ হয়, দে বিহুদি শাস্ত্র কেবল নয়, কিন্তু গ্রিকদিগের বিদ্যার ও পারদশ্য ছিল, এবং িকেদিগের কবিতাগ্রন্থ সমূহ ও অধ্যয়ন করিয়া ছিল। দে তথ্মাণ বিষয়ে বিশামী ছিল না, ইহাও স্পাট বেদ হইতেছে, মেন্ডেডু প্রথিবীতে যীশু গ্রীকী এবং তদনন্তর ত্রোর প্রেডিডেরা যে সকল আশ্চর্য কর্ম করিয়াছিলেন, ভাষা সে ফির্মালম নগরে থাকিয়া অবশা অবগত হইয়া-ছিল, তথাপি তাহাতে বিশাস করে নাই। অমন্তর সে মর্স্ত লোক।বেকা অহকার শুন। ছিল, ইহাও তাহার পত্র সকল এবং আচরণ লারা জান: যাইতেছে; দে আপনাকে প্রেরিত-গণমধ্যে অতি কৃত্র ও প্রেছিত নাম ধারণের আগোচ্য ডানাইল। অপর দে আপনাকে সর্বাপেকা পাণিষ্ঠ বলিল, এবং ভবিষ্যাহ ব্যব্য কহন ও অনুভ কর্মা করণাদি যে কোন ক্ষমতা ঈশ্বর হইতে পাইয়াছিল, তদপেকা সর্বাজীবে দ্যা শ্রেষ্ঠ কহিল ৷ গর্নিত অথবা ধর্মোমাত্ত ব্যক্তি যে এ রূপ কথা কহিবেক, ইহা কোন মতে সমুব নছে।

প্রেল প্রবলক অথব, ধর্মোনাত্ত ছিল না, ইহা সপ্রমাণ হুইল: শক্ষতি সে অন্য কতৃকি প্রবঞ্জিত হুইয়াছিল কি না, কি: বিবেচনা করি; কিন্ত ইহা অনায়াসে স্থির করা , যায়, কেনন জিন্তাগ করি, তাহাকে বঞ্চনা করিতে কে সক্ষম

क्रिल? शांलीलीय कशक जन अतिवान टेकवर्ड कि नक्कमें ছিল? আপনাদিগের অতান্ত স্থচতুর শত্র এবং অতান্ত নির্দয় তাড়নাকারিকে স্বমতাবলম্বী এবং প্রেরিতপদে নিযুক্ত করিতে, বিশেষতঃ যে কালে সে আপনাদিণের এবং আপনাদিগের প্রভুর প্রতি ঘোরতর বিপক্ষতা করিয়াছিল, সেই কালে তাহাকে প্রতারণা দারা আপনাদিগের মতার-लबी कतिएक, छेड़ानिरगत गरन धरन गद्धना स्य छेनिक হইয়াছিল, তাহা বে:ধগমা নহে। আর এমত মন্ত্রণা তাহা দিগের মনে উনয় হইয়াভিল, ইহা যদি স্বীকার করা যায়, তথাত তাহার, যে ধর্মপুক্তক লিখিত মতে তাহা সম্পন্ধ. করিয়াছে, ভাতা সর্বাধা অসাধা। মধ্যাক্ত সময়ে আকাশে স্থ্যাপেকা উত্থলতর আলোক ভাহারা কি রূপে উৎপন্ন করিল? আর যে কথা কেবল সৌল শুনিল, ভাহার সঙ্গি লোক শুনিতে পাইল না, এমন কথা তাহারা কি ক্রপে তাহাকে শুনাইন? ঐ দর্শনানন্তর কি রূপে তাহাকে তিন দিন আৰু করিয়া থাখিল? অপর তাঁহার চফু হইতে আঁইস ্নিগত করাইয়া আজ্ঞানতে কি রূপেই বা পুনর্ধার দর্শন मिल्लि श्रमान कतिल? अशत यनि धेई प्रकल शहेना घथार्थ রূপে ঘটে নাই, তবে তাহারা তাহাকে এবং তাহার সহ-যাত্রিদিগকে তাহাতে কি রূপে বিশ্বাস করাইল? এই সকল অসাধ্য কর্মে এতজ্রপ বঞ্চনা করা কা**স্থা**রও সাধ্য নয়^{নী}

পৌল বঞ্চক অথবা ধর্মোনাত্ত ছিল না, এবং অন্যাকতৃকি প্রাবঞ্চিত ও হয় নাই, ইহা যদি স্থির হইল, তবে স্বয়ং ঈশ্বর তাহাকে অলোকিক রূপে এইটীয় ধর্ম গ্রহণ করাইলেন, এবং প্রীফীয় ধর্ম ঈশ্বর দক্ত, ইহা স্থির হইল।

২৩ সংখ্যা।

অনেক দিব্য দূতের পতিত হওনের কথা !

ঈশ্বর যে দকল স্বর্গদূতকে স্থাটি করিয়াছিলেন, তাহারা স্থাট হওন সময়ে সকলে নিজ্পাপ ও পৰিত্ৰ ছিল, কিন্তু কিঞ্জিং কাল পরে ভাহাদের মধ্যে অনেকে পাপেতে পতিত হইল ৷ তাহাদের সংখ্যা নিশ্চয় করা আমাদের অসাধ্য, কিন্তু বোগ হর যত মনুষ্য এক সময়ে এই প্রথিবীতে বাস করে সেই সকল মন্ত্রেরে সংখ্যা অপেক। পতিত দুতগণের সংখ্যা বড়া এবং তাহারা কোন্সময়ে প্রথমে পাপ করিল তাহাও আমরা নিশ্চয় করিতে পারি না, কিন্তু বোধ হয় যে দিনে আদমের স্থাটি হইয়াছিল मंडे पिता ममल प्राधानत्व स्थि इडेशाहिल, सुद्राश य ममरा जामम ७ इता निष्णाण शांकिया अमन जेमारन বাস করিয়া ঈশবের অমুগ্রহের পাত ছিল, সেই সময়ের মধ্যে ঐ দূতগণের পত্র হুইল ৷ তাহারা সকলে আদিমের পুর্বে পতিত হইয়াছিল কি না তাহা আমরা জানি না. তথাপি বোধ হয় আদনের পতিত হওনের পরে কোন স্বর্গদতের পতন হয় নাই ৷ যাহারা প্রিত্তাতে তির থাকিল, ভাহাদের সেই স্থিরতার এবং রক্ষা পাওনের

[8.3

মূলকারণ ঈশ্বরের অন্ধ্রাহ, যেহেতুক ধর্মপুস্তকে মনো-নীত দিব্য দূতগণ এই নাম তাহাদিগকে দেওয়া যায়। তীমথি ৫;২১।

যাহারা পাপেতে পতিত হইল তাহারাও পূর্কে দিয় দুত ছিল, স্কুতরাং পবিত্র ছিল, ইহার প্রমাণ নিমু লিখিত শাস্ত্রীয় বচন ৷ "ঈশর পাপিষ্ঠ দূতবর্গকৈ ক্ষমা না করিয়," ইতাদি, ২ পিতর ২; ৪ ৷ এবং "যে ২ দিবা দূত আপন ২ পদে না থাকিয়া বাসস্থান পরিত্যাগ করিঃ।ছিল" ইতাদি, যিহুদা ৬ !

আর বোপ হয় এইরপ প্রনাণের মধ্যে এই ছুই বচনও গণনীয় আছে ৷ . শ খামরা দূতগণের ও বিচার করিব, ইহ কি তোমর। জান না?" ১ করিস্থ ৫; ৩। <mark>আর " সূত</mark> গণের নিমিত্তে মণ্ডলীতে স্ত্রীলোকের মন্তক আছাদিত कहा कर्छना।" > कतिञ्च >> ; >० । এই ছই বচনের মধে: প্রথম বচনে যে পতিত দূতগণের বিচারের কথা আছে এ বিষয়ে প্রায় কোন সন্দেহ নাই. কিন্তু দ্বিতীয় বচনেঃ বিষয়ে সন্দেহ হইতে পারে। কেহ্ বলে দূতগণে নিমিত্তে, ইহাব অর্থ এই ছফ্ট দূত্গণ যেন সুভাস্থ লোকদের মনে কামেশছা জনাইতে না পারে; কিন্তু অনা২ লোক বলে, দূতগণের অহুরোধে, অর্থাৎ মণ্ডলীতে বস্ত্রমা পবিত্র দূতগণ যেন স্ত্রীগণের নির্লক্ষতাতে হুংখিত ন হয়; কিয়া পবিত্র দূতগণ ন্যুতা পূর্যক ঈশ্রের আরাধন করণের সময়ে আপন ২ মুখ আচ্ছাদন করে, সেই নম্ভ थ्यन्द्रमनीय क्रानिया मखक काक्श्वन करा खीरमाकरम উচিত; নতুবা দূতগণের ঐ নুস্তা নিরর্থক বোধ হইতে পারিবে।

এবং ৭৮ গীতের ৪৯ পদে লিখিত আছে, ঈশার
মিন্দ্রীয় লোকদের প্রতি ''অমঙ্গলদায়ক দূতগণের এক
দলকে প্রেরণ করিলেন।" এই স্থানে '' মন্দ দূতগণের"
এই শব্দ লিখিলে তজ্জমার দোষ হইত না। ঈশার ছফী
দক্ষয়কে দণ্ড দিবার নিমিত্তে পবিত্র দূতগণকে পাঠাইতে
পারেন, এবং পতিত দূতগণদারাও সেই কর্মা সম্পান্দ করিতে পারেন, ইহা সতা বটে, তথাপি বোধ হয় উক্ত দুত্রগণ মন্দ অর্থাৎ পাপেতে পতিত ছিল।

যে সকল দূত্যণ পাপেতে পতিত আছে, তাহাদের
নধ্যে শয়ভাগ নামক বাক্তি প্রধান । তাহার দেই শয়ভান
নাম ইব্রীভাষাতে শক্র কিয়া বিপক্ষ বুঝায় । ধর্মপুস্তকের
মন্তভাগে তাহার প্রীক ভাগাইতে উদ্ভব দিয়াবল
ভেবল) এই নাম চলিত আছে, এবং এই নামের অর্থ
মপবাদক কিয়া ছ্নামেশেংগাদক। তদ্ভিল তাহার বাল্সবূব এই যে নাম পাওয়া যায় তাহা পুর্কেই ইক্রোণ
করি নিবাসি পিলেন্টীয় লোকদের ইন্টদেবভার নাম ছিল।
ই রাজ ১; >) এচং অবদোন্ কিয়া অপলুয়োন্, তাহার
নই ছই নাম বিনাশক বুঝায়।

সেই শয়তান নামক ব্যক্তি অন্য সমস্ত পতিত দূত-পের রাজা, এই নিমিত্তে এতু যীশু প্রীফ কহিয়াছেন, শয়তানের ও তাহার দূতগণের জন্যে অনস্ত অনল ব্যতাকের আহে 1" মথি ২৫;৪১। এংং শয়তানের এই কর্ বস্তুচক বচন ধর্মপুস্তকের অন্য ২ স্থানেও পাওয়া

যায়। শয়তানের অধীন পতিত দূতগণের মধ্যে কোন

এক দূতের বিশেষ নাম ধর্মপুস্তকে পাওয়া খায় না, কিন্তু
ভূত এই নাম বাজালা ধর্মপুস্তকে তাহাদিগকে দেওয়া
যায়। যদাপি সামান্য ভাষাতে ভূত এই শক্ষারা স্থাত মন্ত্র্যাকে
বুঝায়, তথাপি ধর্মপুস্তকের অন্তভাগে কেবল ছুই এক স্থানে
স্থাত মন্ত্র্যায় (মার্ক ৬,৪৯) কিন্তু অন্য সকল স্থানে স্থাত
দূতকে বুঝায় বিশেষতঃ ভূতপ্রস্ত এই শদের অর্থ দুই দূতে
আ্রিত।

শরতান যে পতনের পূর্দের স্থানিত্বগণের প্রধান শ্রেণীর
নগে গণিত ছিল, ইহার স্পাই প্রমাণ ধর্মপুস্তকে পাওয়া
যায় না, কিন্তু হাহা যে সত্য বটে, এমন বাধে হয়, যেহেতুক
ভাহা না হইলে সে কি কপে ছুট দুতগণের মথ্যে রাজস্ব
পাইয়া প্রথমাবধি শেষ প্রয়ন্ত রক্ষা করণে পারক হয়
ভাহা বুঝা যায় না 1

এবং তাবং ছাট দূতগণের মধো শয়তান ছুইতম, এই কারণ বোধ হয় তাহার ছল ও কুপরামশিদারা আন্য হ দূড ভ্রুট হুইল, এবং নিমুলিখিত যে বচন মন্ত্রাদের পাপাবস্থার মূলকারণ বর্ণনা করে, তাহা পতিত অর্গদূতগণের ও পাণাবস্থার মূলকারণ বর্ণনা করে।

শশরতান প্রথমাবধি নরহত্যাকারী; তাহার অন্তরে সভাতা নাই, এই জন্যে সে সভাতাতে থাকে না; সে যখন মিথ্যা কহে, তখন আপন সভাবাত্সারেই কথা কছে, কেননা সৈ মিথ্যাব্যনী ও মিথারে উৎপাদক।" যোহন ৮; ৪৪ বি

শাঃতান ঈশরের স্থট প্রাণী হওয়াতে স্থাটিকালে অবশ্য পবিত্র'ছিল। ভাষার এবং ভ্রম্ট দৃতগণের পতন কি রংপে হইয়াছিল তাহার বিশেষ বৃতাত আমরা জানিতে পারি না, তথাপি বোধ হয় ঈদর আপন স্থাট জগতের মধ্যে নানা স্থানে আপন কর্ম নির্কাহ করণের ভার ু আহাদিগকে দিয়াছিলেন, তাহাতে শয়তান কোন প্রকারে ্ষ্ট্রপরের অধীনভাতে অসন্তুট হ্ট্য়া স্বাধীন হইতে ইচ্ছুক ছইল, অংশিং অহঙ্কারী হইল, পরে অন্য কোন ২ দূত-গণকে তুলাইয়া সেই স্বাধীনতাতে লুক করিল, শেষে সকলে যে ২ কর্মে ঈশ্বরণারা নিযুক্ত ছিল সেই ২ কর্ম ত্যাগ করিয়া স্থানান্তরে গেল ৷ যেমন কোন দাস প্রভুর অধীনতাতে অসহ্য জ্ঞান করিয়া সাধীন হইবার ইচ্ছাতে প্রাভুর কর্ম তাগে করিয়া স্থানাস্তরে যায়, তদ্রপ আচরণ করাতে ঐ দূতগণ পতিত হইল । তাহারা মনে্২ কহিল আমরা পরমস্থু ভোগ করিতেছি ইছা সতা বটে, তথাপি আনরা স্বাধীন নহি, কিন্তু স্থাতিকর্তা ঈশ্বরের অধীন আছি, ইহা ছঃখের বিষয়; আইস আমরা স্বাধীন ্ছ্ইতে চেটা করি, তাহাতে আমাদের স্থাথের কিছুদাত क्रि इडेरव मा।

. এই রূপে তাহাদের পত্তন হইয়াছিল, ইহা অতি সম্বব বটে, যেহেতুক এইরূপ পরামর্শদারা শয়তান মন্থ্যকেও ভুলাইয়া নই করিল। এবং যিহুদার পত্তেও লিখিত আছে, হথা, 1 "যে ২ দিনা দৃত আপন ২ পদে (অর্থাং কর্ত্ব পদে) না
থাকিয়া বাসন্থান পরিত্যাগ করিয়াছিল" ইত্যাদি। যিহুলা ৬ ।
অপর পৌল ও লেখেন, যথা, "সে অহক্ষারে প্রফুল হইলা
শয়তানের দও গোগা যেন না হয়, এই জন্যে নৃতন শিষ্যা
অধ্যক্ষ না হউক।" ১ তীমধীয় ৩; ৬। এই রুচনের অর্থ
এই। শয়তান স্থাই হওনের অপ্লকলে পরে উচ্চ পদ পাইয়া
অহক্ষার কংগতে যেনন দুও পাইল, তক্ষপ কোন নৃতন
শিষ্য যদি পুনর্জাত হওনের অল্লকাল পরে মণ্ডলীর অধ্যক্ষ
পদ পায়- তবে সেও শয়তানের ন্যায় অহক্ষারী হইয়া দও
পাইনে, ইং। সন্থাৰ বটে, যেহেতুক শয়তান আপনার ন্যায়
ভিঃহাঁকৈও নক্ট করিতে যত্ন করিনে। যদ্যাপি কেহা এই
পদের অন্য অর্থ করে, তথাপি যে অর্থ কহা গেল তাহাই
সত্য বাধ হয়।

ঐ দূতগণ পতিত হইবানাত্র দণ্ড পাইল। কোন বাল্ক আপন পিতার অধীনতা অস্থাকার করিলে যেমন দণ্ডনীয় হয়, তক্রপ তাহারাও দণ্ডনীয় হইল। ঈগর যদি তাহাদের দণ্ড না দিত্রেন, তবে আপন স্থাই জগতের শাসনকর্ত্ অপদে থাকিতে পারিতেন না। তিনি তাহাদিগকে স্বর্গতে প্রত্যাগমন করিতে না দিয়া "নরকে নিক্ষেপ করিয়া অন্ধ্রুকার রূপ শৃদ্ধলেতে বন্ধ করিয়া বিচারার্থে রাখিলেন।" ২ পিতর ২; ৪.1 ইহার অর্থ যিহুদা লিখিয়াছেন, যথা, "ঈশর তাহাদিগকে মহাবিচারের দিন পর্যান্ত অনন্তকালীয় শৃদ্ধলে বন্ধ করিয়া ঘোরান্ধ্রকারের মুদ্ধা গ্রাধিয়াছেন।" যিহুদা ওলা পিতর ঐ যে নরকের ক্ষী কিছে, তাহা অগ্নিতে প্রভাগিত

সমিলা নঃককে বুঝায় ভাহা নহে, কেবল স্বৰ্গহইতে দুৱস্থ ্কারাগার স্কল স্থানকে বুঝায়। আমার সেই স্থান অতি বিস্তারিত, শেহেতুক ভাষারা এই গুথিবীতেও আদিয়া থাকে ৷ এবং সংগ্র তেকের সহিত তুলনা দিলে এই প্রথিবী অফ্রকারময় ৬,০ছে, ইছা বলা যাইতে পারে। যেমন শুগাল ও পেচক যে রাত্রিক অন্ধকরি জ্ঞান করে না, তাহা মহুযোর অন্ধকারময় বোধ হয়; তদ্রাপ মনুষ্য যে প্রথিবীকে অন্ধ. কারমর জ্ঞান করে না, তাহ। পতিত দিবা দুতের ছফি:চ ভিজ্জকার্ময় গোধ হয়। এবং কারাবদ্ধ লোক কারাগারে ুগরাকের নিকটে গেলে কিঞ্ছি আলো দেখিতে পাওয়াতে, সান্তুনা পায়, তদ্ৰপ এই প্ৰথিবীতে আইলে ঐ ছুফ দূতগণেৰ কিঞ্চিং সাস্ত্ৰনা জন্মে। তাহারা প্রথিবীতে আদিতে ভাল বাসে, ইহার প্রমাণ তাহাদের মধ্যে কএক জন দিয়াছে, মথা, 'ভাছাল। ঘীশুকে বলিল, আমরা বিনয় করি, আমাদিগকে যত্রণা দিও না, আমাদিগকে গতির গতে যাইতে আজা দিও না, বরং এই নিকটঃত্তি শূকরপালে আপ্রায় লইতে আমাদিগকে অনুমতি দেও:" লুক ৮;২৮ ৩১, ৩২। ঐ গভীর গর্ভ কোপায়, এবং ভাহাদের অন্ধ-কাররূপ শৃত্যুল বা কি, তাহা আমরা নিশ্চয় বলিতে পারি না, কিন্তু বোগ হয় তাহারা এই প্রথিবীর ভূমি স্পর্শ 'করিতে পারে না, কেবল প্রথিনী বেষ্টনকারি আকাশ দিয়। উড়িয়া গমনাগমন করিতে পারে, এই জন্যে আকাশমণ্ডল তাহাদের রাজ্যস্বরূপ (ইফিয ২; ১)। এবং অক্ষ্কার্রূপ শৃত্যালতে বন্ধ হওয়াতে মহুষ্যের নিকটে দর্শন দেওয়া

ভাহাদের অদাধ্য, কেবল তাহাদের রাজ্যে শয়তান রুপনী হ নানা প্রকার বেশ এহণ করিয়া মহুষোর ছ বিংগাচর ইইরাছে। ইহার মধ্যে ভতি আশুর্ঘা বিষয় এই যে ঈশ্বর পাপ ক্ষমার ও পরিত্রাণের পথ পতিত মহুষোর নিমিত্তে প্রস্তুত করিয়াছেন, কিন্তু পতিত দূতগণের নিমিত্তে প্রস্তুত করেন নাই। মহুষোর প্রতি এই রূপ বিশেষ অন্তর্গ্রহ কেন প্রকাশিত হয়, ত'হা আমরা জানিনা কিন্তু তাহার নিমিত্তে ঈশবের ধন্যবাদ করা আমাদের উচিত।

২৪ সংখ্যা !

'কাতার প্রতি সন্তানের স্নেহের এক আশ্চর্যা দৃটান্ত ।'

এক উত্তম কুলোন্তব স্ত্রীলোককে এক মহুয্য কোন
বৃহৎদোষের দোষ করিয়া বিচারকতার নিকট কারাগারে
হত্যা করিবার মানদে প্রেরণ করিলেন। এবং যে ব্যক্তিকে
বিচারকর্তা হত্যা করিবার আজ্ঞা প্রদান করিয়াছিলেন
সেই ব্যক্তি অবলার উত্তম কুলশীল বিবেচনা করিয়া বধ
করিতে ব্যস্ত হইলেন না। আর স্বীয় সোজন্যতা প্রকাশ
করণ পূর্বক ঐ স্ত্রীলোকের কন্যাকে ঐ ছংখিনী জননীর
সহিত সাক্ষাং করণ কারণ কারাগারে প্রবেশ করিত্তে
আজ্ঞা প্রদান করিলেন কিন্তু উক্ত কন্যার গমন কালীন
তাহার মাতার ভক্ষণার্থে কোন খাদ্য প্রব্যা না দাইয়া যাইবার
কারণ তাহার বসনানি সর্বদা অন্তসন্ধান রাখিতেন, যেহেতুক
ইহা করণের ঘারা এই অভিপ্রায় করিলেন যে আপনি

ীহতার পাতক না গ্রহণ করিয়া তাঁহাকে আহারাভাবে म्ह्र : मद-मत सर्था वथ कतिए**ँ शीतिरवन। कि**ष्ट्र मितम রে ঐ বিচারক স্থা কন্যার গভায়াত নিতা ২ প্রভাক্ষ করিয়। মাশ্চর্য হুইলেন এবং বিবেচনা ক্রিলেন যে তাঁহার মাতা ক প্রকারে এত দিন জীবৎমান আছেন তৎপ্রযুক্ত তিনি হিশ্রম স্থীকার করিয়া প্রতাক্ষ করি:লন যে ছুঃখিনী জননীর প্রাণ কেংল কনার স্তন ছুফের দ্বারা রক্ষা পাইতেছে যিনি নিয়ত করে গারে আসিয়া স্বীয় জননীর জীবন বাঁচাইবার কারণ জনভ্র পান করাইতেন। পরে এই আশ্চর্যা বিষয় বিচার ক্তারদিলের কা কুহরে প্রবি**ট** হুইবাতে ভাঁহারা **কুপা**ব-লাকন পূর্মক ঐ অভাগিনীর প্রতি ক্ষমা করিবার আজ্ঞা প্রদান . ফরিলেন । পরস্তু উক্ত কন্যা মাতার প্রাণ রক্ষা করণ হতুক যে প্রাংদানের পুরস্কার প্রাপ্ত হইলেন এমত নহে আরিও তাঁহারা উভয়ের আত্ম ভরণ পোষণ করণ কারণ জীবনগণ্ডি নানিক বেডন পাইতে লাগিলেন। এবং যে ছানে উক্ত কারাগার ছিল সেই স্থানে এক মন্দির নির্মাণ ছরিয়া মাতার *তাতি সন্থানের স্নেহ* নামে প্রতিষ্ঠা করা र्शन ।

থাহা হটক ফদপি উক্ত কন্যা আলা মাতার আলা ক্ষা করিবার গদন কালীন কোন আপদ প্রাপ্ত হইতেন তবে তাহার কত ছঃখ মনোমধো উদয় হইত তাহা কহনে বাণী হীন। এবং ইহাও কুত্রাপি অক্ষদাদির কর্ণগোচর হয় নাই যে কন্যার স্তন পান ক্রিয়া জননী প্রাণদান ধাইয়াছে। যদ্যপি সন্তানের পিতা মাত্রিদিগকে প্রতিপালন করা কর্ত্তব্য না হইত তবে ইহা প্রায় সকল মন্ত্র্য অলান মুৰ্

२७ मर्थाः

আমারদিগের স্থভোগ করণ উত্তম্ কর্ম স্থার: হয়।

যে মতুষ্য উত্তম রূপ সময় কেপণ করেন, ও বিষয় ব্যয় করেন, এবং সাবধান পূর্দ্মক আপন শাসন করেন তাহাকে জ্ঞানী ও পরোপকারী জানিয়া স্থথি কহা যায়; कार जिल्ला वृद्धिक अ नाङ्गोरक छे छम क्रांश करतन न् যে অবধি না ভাঁহার জ্ঞানচক্ষু বিদ্যার দারা প্রফুল হয় ও ৰাঞ্ছারও যেপর্যান্ত না ধর্মে গতি হয় তিনি অরণোচ্য ভ্রমণ করিয়া সূথ ভোগ করেন ও কথোপকথন বৃদ্ধি করিব প্রযন্ত্র করেন এবং যথন গাড়ীর্য্য থাকেন (অহঙ্কার পরিবর্তে কিছা যথন আহ্লাদিত থাকেন (বাহ্যিক প্রফুল পরিবর্তে তথন তাঁহার বাঞ্চাকে বাহির প্রধানত্ব বুদ্ধি করণ নিমিত্ত ধন্যবাদ না করিয়া কেবল ভাঁহার প্রভাকর জ্ঞানের ব সততার উচ্চুল কিরণের কারণ প্রশংসা করা যায়। তি কোম প্রধান রাজমন্ত্রী অপেকায় কার্য্য বিষয়ে অধি পারক ও অন্যান্য মহুষ্য অপেক্ষা অতি সচ্ছন্দভাবে থাকেন অপর গোপনীয় কর্মের দারা তাঁহাকে শিক্ষা করায় ব এক জন নিরাকার (পরমেশ্বর) আছেন। পদার্থ বিদ্যা অভ্যায় क्तर पत्र बाता जिनि धरे वंद्ध आंश्व रायन वि मकल विषयार छ প্রমেশ্ব আছেন ও সকল বৃক্ষেতেও তিনি আছেন ^{এবং} বথন ডিনি তাঁহাকে ছফি করেন তথন তাঁহার প্রতি অতি কৃতত্ত হুইয়া পুজা করেন। সীড

२७ मरथा।

भक्करक कमा कत्र विषयः।

যথন চীন দেশীয় মহারাজ শুনিলেন যে শক্রর তাঁহার কোঁন দূরবর্ত্তি প্রদেশে উপপুব করিতে উপস্থিত হইয়াছে তথন তিনি আপন গৈনাগগকে কহিলেন যে তোমরা আমার পশ্চাতে আইস এবং খামি এই প্রতিক্তা করিতেছি যে ভাহাদিগকে শীল্র বিশাশ করিব।

জনস্তর তথায় তাঁহার উপস্থিত হওনেতে এ শক্ররা টাহার অধীন হইল। তংকালে সৈনোরা মনে করিল রাজা তাহাদিগকে প্রতিফল দিবেন কিন্তু যথন সৈনোরা দৈখিল লাজা চাহাদিগের কাহাকেও দয়া ও কাহার ও সহিত্ত শক্ষতা নাবহার করিলেন তথন তাহারা অতিশয় আশ্চর্যা বাধ করিল। এবং তংকালে প্রধান মন্ত্রী রাজাকে কহিল হু মহারাজ আপনি কি এই প্রতিজ্ঞা করিহাছিলেন। কেননা ধহারাজ এই কহিয়াছিলেন লে শক্রাদিগকে বিনাশ করিব কিন্তু শোন দেখিতেছি তাহা না করিয়া কতক শক্রাদিগকে ক্লমা কাহাকেও আদর করিতেছেন। রাজা দয়া প্রকাশ দরিয়া উত্তর করিলেন যে শক্রু বিনাশ করিতে প্রতিজ্ঞা বিয়াছিলাম বটে সে সতা কিন্তু আমি প্রতিজ্ঞা রক্ষা করিয়াছি কারণ দেখ এই ব্যক্তিরা শত্রু নহে এইক্ষেপ্ বন্ধু হইয়াছে।

२९ गरथा।

কোন দয়ালু সেনাপতির বিবরণ

পোর্তুগীশ ও লক্ষা উপদীপত্ত লোকদিগের সহিত যুদ্ধ কালীন পোড় গীশদের টমস্ক্রিস্তজ নামক নৈসাপতি ঐ লক্ষা উপদীপত্ এক পর্ম স্থাদর্মী স্ত্রীকে কএদ করিয়া-ছিলেন ঐ স্ত্রী কোন বিশিষ্ট যুবাকে বিবাহ করিতে মানস করিয়াছিল। পরে ঐ স্ত্রীর এই গ্রন্দশা সেই যুবা বান্তি শ্রেবণ করিয়া তাহার পদ*তলে* পড়িবার মনস্থে তা**হার** : ্মিকট ক্রত আসাতে ঐ স্ত্রী ভাগতে আলিজন করিল এবং পরস্পর রোদন করত স্তব্ধ হইয়া উভয়ে চিত্রপুত্তলিকার নায় রহিল ৷ পরে তাহা:দর আনন্দাশ্রু কিঞ্ছিৎ নিবারণ হইলে তাহারা প্রতিজ্ঞা করিল যে উভঃয়ই এই সেনাপতির দাস্য কর্ম করিয়া কালক্ষেপণ করিব। পরে ইহা প্রবণ. করিয়া ঐ সেনাপতি দয়ালু সভাব প্রযুক্ত দয়াত্র চিত্ত : ►হুইয়া কহিলেন যে তোমরাপ্রেম রজ্জুর ভারা বদ্ধ হ**ইয়াছে** অতএব দাস্য কর্মেতে অবশ্য বদ্ধ থাকিবা না ও তোমরা শাস্ত্র মত বিবাহ করিয়া যাবজ্ঞীবন স্ক্রমী হইয়া কালক্ষেপণ করু। এই কথা শুনিয়া উভয়ে ঐ সেনাপতির পদতলে প্রিয়া কহিল যে এমত দয়াশীল যোদ্ধার নিকট পরিত্যাগ করিতে আমাদের কদাচু বাঞ্চা হয় না জয়েতে কি ব্যবহার করিতে হয় তাহা খাঁহারা জানেন এবং মুদ্ধের

755

ইঃখকে থর্ক করিতে পারেন এমত জাতি তোমরা হইয়াছ অতএক তোমাদের অধীন থাকিতে আমরা সর্কদা ইচ্ছা করি।

रं मश्या।

কোন দাসের উপকারের আশ্চর্য্য বিবরণ।

১৭৭৬ শালে কোণ্ট উপাধি বিশিষ্ট পডক্ষি নামক এক ব্যক্তি স্বস্ত্রীর সহিত ভাইয়ানা নগর হইতে ক্রেকো নগরে শীত কা:ল ঘাইতেছিলেন ইতোমধো কার্পেথিয়ন পর্বত হইতে কতক গুলিন নেকডিয়া ব্যাত্র দলবদ্ধ হইয়া ক্রেকো নগরের নিকটবর্ত্তি জাঠোর ও অজ্উইক নগরের মধ্যে ভাহাদের পাডির পশ্চাতে আসিতে লাগিল। ঐ কাম্বেরা অতান্ত শীত সময়ে স্বভাবিক অবস্থা হইতেও অতি ভগানক হয়। ঐ পডক্ষীর চুই হুতা সঞ্চে ছিল তাহার মধ্যে এক জনু প্রথমতঃ ভাকের ঘোটক প্রস্তুত করণ জন্য সমাচার দেওনার্থে গিয়াছিল ও অন্য এক জন ঐ ব্যক্তির অতি কুডজে দাস ছিল এই নিমিত্তে তাহাকে তিনি অতাত্ত ভাল বাসিতেন সেই অশার্চ ভতা ঐ বাাত্র সম্ভের নিকটাগমন দর্শনে প্রাক্ত্রক কহিল হে প্রতো আপনি দদি আজা করেন তবে আমার এই অশ্বকে ঐ ব্যাত্মগণের ভক্ষণার্থ দেই উহারা ভক্ষণ করিতে করিতে ২ আমরা দেই নগরের নিকটবন্ত্রী হইতে পারিব ভাহাতে সমত হইলে ঐ দাস গাড়ীর পশ্চাতে আরোহণ করিয়া নিজ অগকে ব্যান্তদিগকে সমর্পণ করিল ও ব্যান্ডেরা তাহাকে খণ্ড ২ করিয়া ফেলিতে লাগিব ইতোমধ্যে ঐ রথস্থ পডক্ষি দেই নিকটবর্ত্তি নর্মরে প্রবেশ করিবার আশয়ে যথাশক্তি অভিন্তুত গাড়ী চালাইতে লাগিল ঐ শকট নিয়োজিত অশ্ব গমনে অতি প্রান্ত হও-য়াতে এবং বাাছোৱা রক্ত ভক্ষণে অতি বলবান হইয়া ঐ শকটের নিকটে গেল এই ছুরবস্থাতে সেই দাস চীৎকার্ট্ন করিয়া কহিল হে প্রভো এইক্ষণে মহাশয়ের প্রাণ রক্ষার এক উপায় মাত্র আছে যদাপি মহাশয় আমার স্ত্রী ও পরিবারের ভরণ পোষণ করণে প্রতিদ্রা করেন তবে আমি ঐ ব্যান্তের সম্মুখে পড়িতে পারি এবং যখন ব্যাত্তেরা আশার উপর আক্রমণ করিবে তখন মহাশয় পলাইবেন তাহাতে ভিনি সমাত ইওনে সন্দেহ করিতে লাগিলেন যথন দেখিলেন আর কোন উপায় নাই ব্যাদ্র হত্তে পতিত্তী হইলাম তখন তিনি কহিলেন যদ্যপি তুনি আমার নিমিঞ্ **৫'াণ দেও ভবে আমি ভৌমার স্ত্রী ও পরিবারগণকে** যাবজ্জীবন প্রতিপালন করিব এটা প্রতিজ্ঞা করিলাম ! ভদনত্তর ঐ ভতা শক্ট হইতে নামিয়া নাজের সম্মুখে আদিবা:ত বাজেরা তাহাকে ভক্ষণ করিল ইতাবসরে তিনি জাঠোর নগরে পৌছিয়া অন্ম প্রাণ রক্ষা করিলেন ঐ স্বত্য প্রটেকেট ধর্মাবলম্বী ছিল ও তাহার প্রভু কেথেলিক ধর্মাক্রান্ত হইয়াও আরু প্রতিজ্ঞা সম্পর্ণ রক্ষা করিয়া-ছিলেন ইতি।

208

२० मः था। 1

বঙ্গীয় ভাষ: এবং হিন্দুজাতীয় বিদ্যা।

ভাষা এবং অক্ষর দেশতেদে প্রয়োজনামুসারে নানাবিধ ছইয়াছে, অতএব যে দেশে প্রথমাবধি যে ভাষা দারা লৌকিক ৰাবহার এবং তাবং কর্ম নির্বাহ হইতেছে সেই ভাষার আশ্রয় ব্যতিরেকে অন্যজাতীয় ভাষাবলম্বন করিয়া তদেশীয় তাবং লোককে বিজ্ঞ করা অতি স্থক ঠিন, যদ্যপি বিশেষ পরিশমের দারা অল্পসংখ্যক লোক অন্যন্তীয় ভাষাতে বিজ্ঞ হইতে পারে. তথাপি তাহাতে দেশের উপকার দর্শে না বর্গ যে সকল লোকেরা অন্য ভাতীয় ভাষা দারা বিজ্ঞ হয়েন তাঁহারদিলের স্বীয় অনিষ্ট হইবার সম্ভাবনা, যেহেতু তাঁহার অংদশীয় বহু ১র অনুভিক্স ব্যক্তির সহিত বাস করত অভিমানী ২ইতে পারেন, আর অভিমান যেরপ অনিষ্টের কারণ তাহা ক হার অবিদিত আছে, বিশেষতঃ ভারতব্যীয় উক্ত দশ কোটি মন্ত্র্যার মধ্যে একশত ব। একসহস্র কিয়া দশসহস্র লোক বছ পরিশ্রেনে বিস্তর ধন বায় ছারা ভাষান্তরে বিজ্ঞ হইলে কিপ্রকারে দেশ সাধারণের সভ্যতা হইতে পারে ।

গৌড়ীয় ভাষার অল্পতা প্রযুক্ত যদ্যপি তাহা ইউরোপীয় কৈনে বিদ্যা বিশেষের সম্যক ভাংপর্য্য প্রকাশে আগাতত অসমর্থ, ভথাপি ঐ ভাষা পরিভ্যাগ না করিয়া বরং যদ্বারা ভাষার বৃদ্ধি হয় এই রূপ উপায় চেফা করা উচিত।

িকোন দেশীয় ব্যক্তিদিংগর যদি বিজ্ঞতার হ্রাস হয়,

অথবা তাহাদিগের ভাষা বিদ্যা বিশেষকে প্রকাশ করণে অক্ষম হয় তবে ভাষার পরিশোধন করা অসাধ্য নহে ; বর্ঞ বিতান্ত মুর্খ অর্থাৎ কেবল আহারাদি নির্বাহোপযোগি কতিপয় ভাবা মাত্র যাহারদিগের ছিল, এমৃত জাতীয় ব্যক্তিদিংগর শ্রম দারা উৎকৃষ্ট বিজ্ঞতা এইকণে ছয় হইতেছে, প্রত্যক্ষ দেখ যে ইংলও দেশীয় ব্যক্তি ঘাঁহারা একণে প্রথিবীর এডাছশ অংশ বুদ্ধি কৌশলে অধিকার করিয়াছেন, এবং ঘাঁহাদিগের তুল্য বৃদ্ধি কৌশল শিল্প নৈপুণা ও যুদ্ধ বিক্রম প্রথিবীস্থ অনা কোন ভূপতির প্রায় নাই ৷ এই জাতীয়েরা সাতশত কিয়া আটশত বৎসর পূর্বে কেবল ব্যাধবৃত্তি হারা আহারাদি করিতেন এবং অত্যন্ত অজ্ঞ ছিলেন, এবং ঘাঁহারদিগের পূর্বে সময়ে অধিক ভাষা ছিল না এইকণে ভাঁহারা পরিশ্রম দারা এতাছশ সতা ও বিজ্ঞ হইয়াছেন, এবং স্বদেশীয় ভাষার নানা প্রকার বৃদ্ধি করিয়াছেন, এব: লোকিক ব্যবহারোপযোগি এমত কোন বিদ্যা নাই যে ভাঁহারদিখের অবিদিত আছে 1

অপর ১২ শত বংসর প্রীষ্টিয়ান শাকে যংকালীন ইউরোপ খণ্ডের তাবং বিদ্যা ও দর্শনাদি শাস্ত্র এককালীন
বিলুপ্তা, এবং তদেশীয় লোকেরা প্রায় সকলে বর্ণজ্ঞান
রহিত ছিল, তৎকালীন আরব দেশীয় লোকেরা পূর্বের
গ্রীক জাতীয় ভাষা হইতে স্বদেশীয় ভাষায় অর্থাৎ
আরবী ভাষায় যে সকল বিদ্যা সংগ্রহ করিয়াছিল, তাহা
লাটীন ভাষাতে অমুবাদ করিয়া ধর্মোপদেশের উপলক্ষে
উক্ত খণ্ডে গনন করিয়া ইউরোপ খণ্ডে বিদ্যার পুনরা-

লোচনার আরম্ভ করায়, ইংলও দেশে ঐ লাটিন ভাষা, বদালি লে'কিক ভাষা নহে, তথাপি ঐ ভাষায় সমস্ত বিদা৷ প্রথমত অমুশীলিত, পরে থ্রীফিয়ান ১৬ শত শাকাবধি দৈশ প্রচলিত ভাষায় সমস্ত বিদা৷ অনুবাদিত হইয়া সূত্র প্রকাশিত মুদ্রাযন্ত্র দারা অল্লব্যয়ে মুদ্রান্তর তত্ত্বদান্ত্রে স্কলভ্রা প্রয়ুক্ত সাধারণ ব্যবহারোপযোগি বিদ্যার প্রাচুষ্য হয়।

माज्या किशा आर्रेगां वश्यत शूटर्स देश्लधीय स्वाक-দিগের যান্ত্রশ অবস্তা ছিল, এতদ্দেশীয় লোকেরা এইক্ষণেও তান্ত্রশ অবস্থাপন হয় নাই, অতএব যদাপি ইংলগুীয় লোকেরা তিন চারি শত বৎসরের প্রমন্বারা উক্ত অবস্থ। হ'ইতে মুক্ত হ'ইয়া বিশিষ্ট মভা এবং বিজ হ'ইতে পারিলেন তবে এতদেশীয় লোক যাহাদিগের তদ্রপ অজতা নাই তাহারা বদেশীয় ভাষা দারা বিশেষ উপদেশ পাইলে জনক বের মধ্যে অবশাই সভা এবং বিশ্বান হইতে অনায়াসে পারিবেক। এবং এতদ্দেশীয় ভাষার অল্লত। বিষয়ে কোন আপত্তি সম্ভবে না কারণ সংস্কৃত ভাষা হইতে গোড়ীয় ভাষা উৎপন্ন হয়, এবং যে কোন শব্দ সংস্ত ভাষায় চলিত আছে ভাষা গৌডীয় ভাষায় অনায়াদে বাধহার্য হইতে পারে; অতএব ইহার বৃদ্ধি रुउत्नत अधिक मञ्जानना, ब्रवर बहे ती छास्रमादत श्रीक ब्रवर লাটিন এড়ডি ভাষা হইতে আহরণ করিয়া ইংলগুীয় ভাষার বৃদ্ধি হইয়াছে, সংস্কৃত ভাষার অতি প্রাচীনতা ও বছেলা প্রযুক্ত তংসহকারে গৌডীয় ভাষায় সকল

অভিপ্রায় প্রকাশ হইতে পারে, ঐ সংস্কৃত ভাষার বাছলা,
ও প্রাচীনতার প্রনাণ কেবল অস্মদ্দেশীয় শাস্ত্র নহে;
কিন্তু সংস্কৃতক্ত ইংলগুীয় মহামূভব মহাশয়েরা স্বর্থান্তে,
গ্রীক লাটিন প্রভৃতি ভাষাহইতে উক্ত ভাষার বাছলা
এবং উৎকৃষ্টতা লিথিয়াছেন, অতএব এতাছুল সংস্কৃত ভাষা
হইতে গৌডীয় ভাষা সংগ্রহেও বদ্যাপি বিদ্যা বিশেষের
ভাৎপর্যা প্রকাশ না হয়, তবে দেশান্তরীয় ভাষা দারা
প্রয়োজনাত্মারে গৌডীয় ভাষা বৃদ্ধি করণে কোন প্রতি
বন্ধক নাই, অতএব ভাষার অল্লভার বিষয়ে আগভিত্তি
কোন মতেই সম্ভব হইতে পারে না।

অপর ইউরোপীয় গ্রন্থক্তাদিগের গ্রন্থবারা প্রমাণ ছই.
তেছে যে প্রান্তিশকের ১০০ নয়শত বংসর পূর্ব্বেণ অর্থাৎ
এক্ষণে প্রায় তিন হাজার বংসর হইল সংস্কৃত ভাষার
অবস্থিতি ছিল, অতএব ইহাদারা উপলব্ধি হইতে পারে
যে তংকালে সংস্কৃত মূলক ভাষাবলম্বি লোকেরা অধিক
বিজ্ঞ ছিলেন, কারণ প্রয়োজনাত্মসারে ভাষার স্থান্তি হইয়া
পাকে, অতএব ঐ ভাষার বাছল্য দেখিয়া, তাংকালিক
লোক দিগের বছতর প্রয়োজন সপ্রমাণ হইতেছে স্ক্তরার
সভ্যতা বাতিরেকে এতাছশ প্রয়োজনের আধিকা সম্ভবে
না, অতএব এইক্ষণে লোকদিগের বিদ্যোপার্জন হইলে
প্রাচীন সভ্যতার উদ্ধার এবং বৃদ্ধি হয়।

অপর এীকজাতীয় ব্যক্তিদিগের মধ্যে যিনি খগোল • বিদ্যা প্রচার করেন তিনি স্বীকার করিয়াছেন যে তাঁহার ঐ বিদ্যা ভারতবর্ষ হইতে উপার্জিত এবং যৎকালে

ভারতবর্ষে গেভিয়াদি মুনি নায় প্রস্তৃতি দর্শন শাস্ত্রত করেন, গ্রহার পাঁচশত বংসর পুরে এটিটর জন্ম ইয়, টুহাও ট্টোরাপ জাতীয়দিলের গ্রন্থে লিখিত, অতএব এই সকল লৌকিক প্রমাণ দ্বারা বোধ হইতেছে যে সংস্ত ভাষা ইদানীন্তন প্রচলিত তাবৎ দেশীয় ভাষা অপেকা প্রাচীন, স্কুচরাং এতক্ষেশীয় লোক সকল পূর্ব कारन खना २ मिनीय लाक चाराका कार्टा शरपाणि महा এবং বিজ্ঞ ছিলেন, কিন্তু এই দেশ স্বভাবতঃ অভিশয় উর্বরা ভূমি প্রযুক্ত নানাবিধ শদ্য অনায়াদে উৎপন্ন হওয়াতে জীবিকার স্থলভতা হেতুক লোকেরা বাসনাদক্ত হইলে এই দেশ ঘরনাক্রান্ত হয় স্কৃতরাং এতদেশস্থ লোকদিগের শাস্ত্র ভাষার উচ্ছেদ আগ্র হইয়াছিল, এবং রাজ-ভোহ প্রযুক্ত সংস্কৃত শাস্ত্র-সকলও লুপ্ত প্রায় ছিল, এবং বহুকালাবধি ভাষার অমুশীলন না থাকাতে এই উপস্থিত দশা প্রাপ্ত হইয়াছে, এবং প্রায় সহস্র বৎসর অনুশীলিত না হইয়া প্রাচীন বিজ্ঞতার যে ধংকিঞ্চিৎ চিত্র ছুট হয় তাহাতে আশ্চর্যা বোধ করা উচিত।

কোন ২ ব্যক্তিরা এতদেশীয় লোকের প্রতি এই এক দোষারোপণ করেন, যে এতদেশীয় লে,কেরা কোন বিষয়ে প্রাচীন রীতিবছোর পরিবর্ত করিতে ইচ্ছুক নহেন কিন্তু তাহা কল্লিতমাত্র বাস্তবিক নহে, যেহেতু শাস্ত্র বিষয়ে শিরোমণি প্রস্তুতি গ্রন্থকার তাবৎ দর্শনের মধ্যে অভ্যন্ত ক্স্ক্টিন এবং অভিনান্যমূনিপ্রাণীত ন্যায় দর্শনের দুষ্যমত শুক্তন এবং ভক্তংগ্রন্থের নানা প্রকার যুক্তি দারা বাহল্য

502

করিয়াছেন, এবং বিজ্ঞানেশ্বরতট, জীমূত্বাহন প্রস্তৃতি, প্রস্থারেরা দায়ভাগাদি গ্রন্থবিষয়ে অন্তৃতিত প্রাচীনমত খণ্ডন করিয়া যুক্তিসহ মত সকল দংস্থাপন করিয়াছেন, স্থতরাং এতাদ্দশীয় লোকেরা কোন প্রাচীন লৌকিক মতে দৌষ প্রতীতি হইলে তাহাব খণ্ডন করিয়া অন্যথা করিতে নিতান্ত অনিছ্কে নহেন।

ত সংখ্যা **।** নীতিজ্ঞান ।

নীতিজ্ঞান দারা নমুষ্য বিশ্ব সনাজে উর্ভ্ব নিয়নে সাংসারিক কার্যা নির্মাহ করত চরনে কারণিক পরনেশানরের নিকট প্রিয়রপে পরিগণিত হয়েন, করেণ নীতিজ্ঞান রূপ আগ্নি শিখা অন্তঃকরণে প্রজ্ঞানিত হইলে অজ্ঞানত রূপ অন্ধানার বিনাশ পায়, এবং দয়া, প্রেম, শ্রদ্ধা, বিনয় প্রভৃতি সমূদ্র কোমল সংস্কার নির্মাল হইয়া দনকে উত্তম শোভার শোভিত করে, বৃদ্ধি যাহার প্রভাবে মহুষ্য জগদীধরের আশ্চর্যা রচনামধ্যে পরমাশ্চর্যারপে গণ্য হইয়াছেন এবং দ্বর্জল শরীরে মহাবল পরাক্রান্ত বন বিহারি পশুদিগকে বশীভূত করিভেছেন, নীতিজ্ঞান শিক্ষা করিলে আমরা সেই বৃদ্ধিকে সংকার্য্যের সীমা মধ্যে বন্ধা করিতে পারি, আমাদিগের অন্তঃকরণ কলশালিনী ভূমির নাায়, তাহাতে উত্তমাধ্য যে রূপ সংস্কারের বীক্ষে

[222.]

বেঁ বাজি ছড়তর যত্নে ঐ বিচিত্র চিত্তক্ষেত্রে নীতিজ্ঞানের অঙ্কুর শ্বাপন করেন তিনি উত্তম কার্য্যে উত্তম ফল লভ্য কর্ত সন্তেম্বিত হয়েন এবং তাঁহার চরিত্র নিষ্কলক্ষ শশাক্ষের নাায় নির্মাল জ্যোতিঃ প্রকাশ করে ৷

নীতিজ্ঞান দারা সমস্ত জ্ঞানকে আকর্ষণ করা যায়, যেহেতু তাহাতে বছদর্শিতা গুণ ক্লমে, এবং পরমেশ্বর যে কারণে আমাদিগকে স্থজন করিয়াছেন ক্রমে ২ তাহার নিগৃঢ় তাৎপর্য্য উপস্লি হইতে থাকে ৷ মন্ত্র্যাদিগের পরস্পর কিরপ সম্বন্ধ, জনক কিরপ মহোপকারক, জননী কিরপ হিতকারিণী, পুত্র কিরপ মেহের পাত্র, লাতা কিরপ পরমায়ীয়, শিক্ষাদাতা কিরপ হিতকারক, এই সমস্ত বিবেচনা নীতিজ্ঞান আলোচনায় নিজ্পন্ন হয়, স্বদেশের প্রতি মেহ প্রকাশ এবং সাধ্যমতে পরোপকার করা আমাদিগের পক্ষেক্রপ কর্ত্ব্য নীতিজ্ঞান পুস্তকে আমরা তাহার বিশেষ উপদেশ প্রাপ্ত হই।

আমাদিগের জীবন জীবনবিদ্ধ তুল্য অস্থায়ী, আমাদিগের সময় অতি সংক্ষেপ, অথচ বায়ুর ন্যায় ক্রতগানি,
সংকার্য্যে সন্মান ও স্থাতি, অসংকার্য্যে অপমান ও
অখ্যাতি, কামের অনুরাগে কামাতুর হইলে পরস্ত্রীর ধর্ম
অপহরণে স্পৃহা জন্মে, তাহাতে দশের মুখে যশের
শাদ ঘোষণা হয় না, কোধ অতি হুরস্ত রিপু, তাহার মন্দ
স্থভাব, সে যথন ধৈর্য্যের বল অপহরণ করে, তখন পরানিষ্ট্য
কার্য্যের ঘটক হয়, এবং বহু স্থানে বহু লোকের পক্ষে
আহা বিনাশের হেতু হইয়াছে, স্বর্যা হইলে হিংসা জন্মে

হিংসায় পরশ্রী কাতর করে, দ্বেষ তাইরার বিশেষ অন্তরঙ্গ এবং লোভ প্রধান অমূচর বটে, গর্ম সর্ম অনিটের মূল, ভাহাকে ধর্ম করা নিতান্ত কর্ত্ব্য, অতিশান অসমানকে আহ্বান করে, ইডাাদি বিবেচনার আলোচনা নীতিজ্ঞান বাতীত হুইতে পারে না, নীতিজ্ঞান আমাদিগের কর্ত্তব্যাকর্ত্তব্য কার্য্যের বিধান প্রদান করে এবং হিতকারি পরমবন্ধুর ন্যায় অসৎ কার্যো বিরত করিয়া থাকে, আমরা যুত উত্তম কর্ম্মে অমুরাণি হই ততই তাহার ঠিণ অবধারণ করিতে পারি কোটি ২ মন্তব্যের উদ্ধান্তাগে শাসন দণ্ড ধারণ করত যে শুমস্ত রাজ্যাধিকারি বিরাজমান আছেন নীতিজ্ঞান ভিন্ন তাঁহারা অন্য কোন উপায় দারা প্রজাদিগের প্রিয়পাত হইতে পারেন না, স্থনীতিজ্ঞ রাজা স্থনিয়নে কার্য্য কুরত স্থাতির সহিত সাক্ষাৎ-করিয়া থাকেন, আমাদিগের নিষ্কৃভাগে দীন ছুঃখি বলিয়া যে সমস্ত লোক বিখাতি আছে তাহাদিণের মধ্যে স্থনীতিজ্ঞ ব্যক্তিরা স্বীয় সাধ্যের সীমা পর্যান্ত স্থনিয়ম করত সম্ভোধে কাল যাপন করে, কোন যন্ত্রণা ভাহাদিগকে আক্রমণ করিতে পারে না, এই স্থানে অবশা শ্বীকার করিতে হইবেক কি রাজা কি প্রজা কি ধনী কি দরিদ্র সকল অবস্থীন্বিত সমূহ লোকের নীতিজ্ঞান অনুশীলন করা উচিত হয়, অতথব হে বঙ্গ-দেশীয় বিদ্যামুরাণি বান্ধবগণ, বালকদিগের অন্তঃকরণরূপ উর্বর ক্ষতে নীতিজ্ঞানের বীজ রোপণ করিতে উদ্যোগী হউন তবেই এই বঙ্গরাজ্য সভ্যতা ও সদ্জান ভূষার ম্নোহর ও উচ্চল শোভা ধারণ করিবেক।

1. 225.

৩১ সংখ্যা 1

हीनरमभीय वहनमाना ।

্যর্ণ বিক মণি তেজোময় হয় না ;

ৰ জিল এক কণা চক্ষুতে পজিলে যেমন, মনেতে হিংসা জিমিলে তেমন বেদনা হল।

মিন্ট কথা বিষম্বরূপ, কিন্তু তিতে কথা উয়পি স্বরূপ !

আ'ত সূঢ়কৰে বন যে ডিখ <mark>তাহ। হইতেও শেষে পশি</mark> শাৰক নিৰ্গত হয়।

মহালা লোক সকলে! শিশুর ন্যায় সরল থাকে।

স্তব্যের গ্রাম লোকের। দেবতাদের উদ্দেশে পূপ জালায় ন। কিল প্রথমের সময়ে শীল্র তাহাদের চরণ ধরে।

ঘাস এবং মহুণা এই উভয় অল্লকালস্বায়ী।

শঞ্জিত। অপেক্ষা আত্মকেতা ধন্য।

ম - শ্য অতলক্ষার্শ জলে থাকিলেও বড়িশে ধৃত হয়, এবং প্রকী অত্যুক্ত আকাশে উড়িলেও বাব দারা বিদ্ধ হয়, কিন্তু যে মনুষ্য এক হন্ত দূরে আছে তাহার মন আমা-দের অগ্যা।

এক পক্ষী কেবল এক ডালে বৰ্দিতে পারে।

অতি বড় নদীর নিকটে গে**লেও ইন্দুর অল্ল জল** পান করিতে পারে।

তৃষ্ণার্জ হওনের পূর্বের জলাশয় খনন করা ভাল।

्थक गज़ इहेटउ छूटे हमा छाह्न कहा अमाधा।

যে মকদন্য। করে তাহাকে এক বিড়াল পাইবার নিনিত্তে ১ এক মহিষ দিতে হয়।

७२ मर्था ।

স্বর্গ তথার বিবরণ।

এই প্রথিবী যেমন সজ্ঞান প্রাণিদের অর্থাৎ মন্ত্র্যাদের বাসস্থান আছে, তদ্রুপ চক্র এবং রুধাদি গ্রহণণ এবং সূর্য্য প্রস্তুতি তারাগণ সজ্ঞান প্রাণিগণের বাসস্থান আছে কি না, এই বিষয়ে আমরা নানা প্রকার অন্ত্র্যান করিছে পারি বটে, কিন্তু নির্দ্যে জ্ঞান পাইতে পারি না, কারণ এই বিষয়ে ধর্মপুস্তকের মধ্যে এক কথাও লিখিত নাই। কিন্তু যে স্থর্গতে ঈশ্বর প্রকাশরূপে বাস করেন, সেই স্থর্গতে তাঁহার নিকটে সজ্ঞান প্রাণিবর্গ বাস করে, তাহাদের নান স্থর্গত্ন কিয়া ঈশ্বরের দৃত।

সেই স্বৰ্গদৃত প্ৰথম সপ্তাহের কোন দিনে স্থ কৈইয়াছিল, তাহাও আমরা জানিতে পারি না। তাহার। মনুষ্য অপেকা। শ্রেষ্ঠ, এই কারণ মনুষ্যের পরে সেই ষষ্ঠ দিনে তাবং স্থাই বস্তুর শেষে তাহারা স্থাই হইয়া ধাকিবে, কেই ২ এমত বোধ করে। কিন্তু কেই ২ বলে তাহারা প্রথম দিনেক স্থাই হইয়াছিল, যেহেতুক লিখিত আছে, যথা,

"যে সময়ে প্রভাতীয় নক্ষত্র সকল একত্র হইয়া গান ক্রিল, এবং ঈ্শব্রের সন্তানগণ আনন্দধুনি করিল, তৎকালে ঐ প্রথিবীর পরিমাণ কে করিল?" আয়ূব ৩৮; ৫।

আর স্বর্গদূতগণ শরীর প্রশিষ্ট আছে কি না, এই বিষয়েও কানা লোকের নানা প্রকার বোধ হয়। তাহাদের মধে। নানা বর্গ আছে, সেই সকল বর্গের মধ্যে কোন ২ বর্গের দূত শরীর বিশিক্ত বটে এমন বোধ হয়; কিন্তু অন্য ২ বর্গের স্বর্গ দুভগণ শুদ্ধ অর্থাৎ নিরাকার ও নিরাধার আফা, এমন হইতে পারে। যদি তাহাদের শরীর হ**ই**য়া থাকে, এবে তাহ। অতিশয় সূত্র প্রযুক্ত মন্তয্যের **অন্তশ্য** আছে, তথাপি কোনং স্গ্রিত কথানাং মনুষোর বেশ ধরিয়। কোন ২ মতুষোর নিকটে দর্মন দিয়াছে, ইহা ধর্মপুওকের বারা জানা যায়। এবং যদি তাহাদের শরীর হইয়া থাকে , তবে তালা মন্ত্রা শগীরের স্তুশ নহে। ইহার একটি প্রমাণ এই যে তাহাদের মধ্যে বিধাহ ও সমুবের জন্ম হয় না, (ম্থি ২২; ৩০ ৷) অতএব জন্ম দার। তাহাদের সংখারে বৃদ্ধি হয় না। স্বর্গদুতগণ মনুষ দের ন্যার জামার, এবং যদি ভা**হাদের শরীর হইয়া থাকে, তবে** তাহাও অমত। অর্ণচূতগণের আলা কিয়া মন বুদ্ধিতে ও জ্ঞানেতে মনুখ্যের মন হ**ইতে এে**ঠ। তার তাহাদের মধ্যে আনেকে কথনো কোন পাপ না করাতে সদ্ভাবে নিভাবৃদ্ধি পাইয়া আনিতেছে, এবং পাপের প্রতি এমত গৃণ, করিতেছে, ঘৈ তাহাদের পাপ করা অতি অমন্তব বটে। এবং ডাহা-দের ক্ষমতা মনুষাদের ক্ষমতা অপেকা বড় ৷ তাহার-অতি শীন্ত্র গমন করিছে পারে, এবং ঈশ্বরের আজাতে ভূমিকম্প ক্রাইতে পারে, এবং মহানারী প্রভৃতি হারা ছুক লোকের দও দিতে পারে, ইতারি। এবং তাছারা ইশ্বরের নিকটে বাস করাতে ও সর্বাদা নির্মাল পাকাতে ্নিতা আনদ্দে প্রফুল আছে, ইহাও সুস্পায়।

[55@]

স্বর্গদূতগণের সংখ্যা অতি রড, ইহার কএকটি **প্রমার্গ** লিখিতেছি l

''ঈশবের রথ সহস্র ও লক্ষ্য, এবং •প্রভু যুেমন সীনয়ে ছিলেন, তদ্রেপ ধর্মাধর্মেও তাহাদের মধ্যে আছেন।" গীত ৬৮;১৭।

''সহস্র ২ দূত ভাঁহার সেব। করিল, ও কোটি ২ ভাঁ**হার** সম্মুখে দাঁড়াইল ।" দান ৭;১০।

"তাহাদের সংখ্যা সহস্র তুণ সহস্র ও সমুত গুণ **অযুত** ছিল।" প্রকাশ ৫;১১।

'পিতা যেন আমার নিকটে স্বর্গীয় দূতগণের **দাদশ** বাহিনী হইতে অধিক প্রেরণ করেন, আমি তাঁহার নিকটে এইকণে প্রার্থনা করিতে পারি না, তুমি কি এমত বোধ করিতেছ,?" মথি ২৬: ৫৩।

"দেখা, পারমেখার আপান অসুতাই পাবিত লোককে সঙ্গে করিয়া মন্ত্য মাত্রের বিচার করিবেন।" যিছু ১৪ ৷

এবং দৈন্যাধ্যক্ষ, ঈশ্বরের এই উপাধিও স্বর্গ দূতগণের বাহিনীর মহা সংখ্যা দেখায়, বেহেতুক ঈগর সেই সকল বাহিনীর অধ্যক্ষ ।

স্বর্গ দূতগণের দ্রুতগানিত্বের অতি স্থানর এক প্রমাণ দানিএল নিধিয়াছেন, যথা, " আনার প্রাথনার সমাপ্তি হয় নাই, এমত সময়ে জিব্রায়েল বেগে উড্ডীয়মান হইয়া আমাকে স্পর্শ করিল, এবং আমার সহিত কথোপকথন করিয়া এই সংবাদ দিল, হে দানিয়েল, আমি একুনে তোমার জ্ঞানদায়ক গুণ দিতে আইলাম। তুমি অতি প্রিয়

প্রাত্ত এই নিমিত্রে তোমার প্রার্থনা আরম্ভ করণ সময়ে আজা নিশাত ইইলে আমি তাহা প্রকাশ করিতে আইলাম ।"
দান্ ৯; ২১, ২২, ২৬।

স্বর্গ দূতগণ নানা বর্গেতে বিভক্ত আছে, এবং সেই সকল বর্গের কথিয় মীনের ও পরাক্রমের ও জানের প্রভেদ আছে। এই সকল বর্গ বিষয়ে যিহুদীয়ের। নানা প্রকার গল্প করিয়াছে, এবং পূর্প্রকালীয় অজ্ঞান প্রীন্তীয়ান লোক-দের মধ্যেও সেই রূপ গল্প চলিত ছিল। কিন্তু ধর্মপুস্তকের মধ্যে এই বিষয়ে অতি অল্প লিখিত আছে, তাহা-সংক্ষেপে প্রকাশ করি।

ি(১) দুতগণের নানা বগ আছে, ইহার প্রমাণ। পিং-হাদন কি রাজকভূত্বি কি প্রভুত্ব কি পরাক্রম" ইত্যাদি। ক্রুস ১; ১৬ । এই কএক শব্দ প্রধান স্বর্গ দূতগণের পদস্ক ক্রানিবা।

"কভূত্বপদ ও পরাক্রম ও ফমতা ও রাজত্ব 'প্রভৃতি।' ইফিষ ১; ২০।

'দিব্য দূত বাঞ্প্রধান বা বলবান দূত ।" রোন ৮; ৩৮। ি "দিব্য দূতগণ ও শাসকগণ ও পরাক্রমিবগ তাঁহার (আর্থাৎ বীশু এটফের) বশীদ্ভূত হইয়াছে।" ১ পিতর ৩; ২২।

"তিনি সমুদয় রাজ্যের^{*}ও পরাক্রমের মস্তক স্বরূপ" কল ২;১০ ৷

(१) मृज्यत्वत सत्या এक कन व्यथान, जाहात नाम भीकारम्, व्यर्थार क्षेत्रतत जूना कि? एक वस्तत सत्या वि क्षेत्रतालका (व्यष्ट), त्रहे व्यथान मृज्य क्षेत्रतत जूना नहर, ইহা তাহার নাম ধারা প্রকাশ পায়। সেই মীখায়েলের তুলা অনা কোন দিবাদৃত আছে, এমত বোধ হয় না।

"নীখায়েল নামক প্রধান দিবা দুত।" যিহুদা 🔊 1

প্রাধান অধাক্ষদের মধ্যে শীর্থায়েল নামক এক জন। দিনি ১০; ১৩, ১২; ১।

শক্র হ' কার ধুনি ও প্রধান স্বর্গদূতের উচ্চৈঃশব্দ ও ঈশ্বরের তুরী বাল্যের সহিত প্রভু আপনি স্বর্গ হইতে নামিবেন। শবিষ ৪; ১৫।

- (৬ , মীখায়েল বাতিরেকে অন্ এক দূতের জিব্রায়েল (কিছা গারিছেল) এই নাম ধর্মাপ্তকে লিখিত আছে। এই ছই জন দিন জন্য ২ দূতের যে সকল নাম ঘিছুদীয় এবং প্রীক্রীয়ান শোকদের নানা গ্রন্থেতে লিখিত আছে, ভাহা কল্লিতমাত্র। উক্ত জিব্রায়েল ইশ্বরের আজ্ঞাতে দানীয়েলের ও মিখরিয়ের ও মরিয়মের নিকটে দর্শন দিয়াছিল।
- (৪) খিরাফ এই নাম বিশিষ্ট দিব্য দূতগণের যে বর্গ তাহার দর্শন যিশয়িয় পাইয়াছিল, তাহাদের দিরাফ এই নামের অর্থ প্রজ্বলিত কিয়া তেজোময় ৷ এবং তাহাদের বিষয়ে সে ইছা লিথিয়াছে, যথা,

"তাহাদের প্রভাবের ছয় ২ পক্ষ, তাহার ছই পক্ষারা আপন ২ মুখ আফাদন করে, এবং কুই পক্ষারা চরণ আচ্ছাদন করে এবং ছই পক্ষারা উড্ডীয়মান হয়।" যিশ ৬; ২।

(৫) কিরবগণ দিব্য দুতগণের মধ্যে গণনীয় কি না, এই বিষয়ে নানা লোকের নানা প্রকার বোধ হয়, কিন্তু

[551-]

তাহার। যে দূতগণের এক বর্গ বটে, ইহাই আমরা নিঃসন্দেহে সতা জ্ঞান করি। সেই কিন্ধব ঈশ্বরের ব্রুপ্রাণ
রথস্বরূপ কিয়া বাহ্ন ব্রুপ্ররূপ কিয়া সিংহাসনস্বরূপ। রথের
নায় তাহাদের চক্র আছে, সেই চক্র সপ্রাণ ও চক্রুতে
পরিপূর্ণ; এবং পক্ষির নায় পক্ষ আছে, তাহাও চক্রুতে
পরিপূর্ণ। সংখ্যাতে জ্রাহারা চারি জন, কিন্তু তাহার।
স্বেছাস্থারে মিলিয়া এক জনের নায় সংযুক্ত হইতে
পারে। ধর্মপুত্তকের নানা স্থানে বিশেষতঃ ঘিহিছেলের
প্রথম ও দশম অধ্যায়ে সেই কিন্ধবগণের বর্ণনা পাওয়া
যায়। যোহনের প্রকাশিত বাক্যমধ্যে তাহাদের ঈশ্রীয়
বাহনত্পদের বর্ণনা হয় না; কিন্তু যে সকল কথা ছারা
তাহাদের বর্ণনা করা যায়, তাহা স্পেন্টা সেই কথা লেখা
যাইতেছে।

'কিংহাসনের মধ্যে ও চতুর্দ্দিগে অগ্র পশ্চাৎ সর্কাঙ্গে চল্টু বিশিষ্ট চারি প্রাণী আছে। প্রথম প্রাণী সিংহ সন্তুদ্দ ও জিতীক প্রাণী গোবৃৎস সন্তুদ, ও তৃতীয় প্রাণী মন্তুষোর ন্যায় মুখধারী, এবং চতুর্থ প্রাণী উভ্ভীয়মান উৎকোশ প্রকি সন্তুদ। প্রত্যেক প্রাণির ছয় ২ পক্ষ, এবং তাহার অন্তর্গহিরে চকুতে পরিপূর্ণ।" ক্রকাশ ৪; ৬, ৭, ৮।

[666]

৩৩ সংখ্যা [

मर्लित विवत्।।

নানা দেশে প্রচলিত ভিন্ন কাতীয় ধর্মশান্ত দর্শনে ইহা স্থন্স্য রূপে প্রকাশ হ্ইতেছে যে ভিন্ন ২ দেশীয় ও জাতীয়েরা লোকাতীত অতি ভয়ানক ব্যাপার সম্পাদক স্প্রিংগর সম্বাধ্ব বিশেষ আহ্বাযুক্ত হইয়া তাহাদিগকে দেবতা বোধে প্রাণান্তরোধে পূজাদি করিয়া থাকে এবং उम् छ। विषया नौनोगं अयुक्त देशोनिशक कर् र मज्जा সমূহের কেহবা প্রথিবীস্থ যাবদীয় অনঙ্গলের মূল জ্ঞান করে। ইজিপ্ট অর্থাৎ মিসর দেশে সর্প জাতি অতান্ত মান্য ছিল। তথাকার লোকেরা মন্দির মধ্যে প্রতিষ্ঠিত দেব মূর্ত্তির সমীপে দর্পদিগকে দর্মদা সংস্থাপিত করিয়া উত্তম ২ ভোজা পেয়াদি দ্বা ভোগদান করিতে এবং রাজা পুরোহিত ও বশীকরণ বেক্তাদিণোর স্বীয় ২ পদে অভিষেক কালিক মহামহোৎসবে ঐ সপের পূজা করিত ভাহারা দর্পকে প্রচুর ফলবন্তের চিহ্ন ও প্রথিবীর নিদান করিয়া জানিত। চিকিৎসা বিদ্যা ও এই "বকঃ পরম ধার্মিকঃ বংশের ধারা লক্ষিত হইয়াছে। সর্পের পুত্ ভাহারদের বদনে বৃত্তাকারে সংলগ্ন করিলে যান্তশা চক্রা-কৃতি গঠন নিষ্পদ্ম হয় তাহা তাহারা সৌরপরিধি অর্থাৎ চক্রাকুতি সূর্য্য মগুল এবং অনাদি অনন্ত পারমেশ্বরী নিত্যতার অহুরূপ বোধ করিত যে২ প্রকার বিরোধ বিসম্বাদাদির ঘটনা সম্ভব হয় সে সকলের প্রবর্ত্তক সর্পুগর্ণ

ইছা তাছারা কহিত, এবং কাল দণ্ডের ন্যায় এই সর্পদণ্ড ফিউরিস নামক বিবাদাধিষ্ঠানী দেবী এয় দারা কশা কপে ব্যবহৃত হয়।

টিভি নদী ভীরস্ত প্রাচীন কাল্ডিয়ান জাতিরা সর্বাপেকা জ্বারে এই ক্লেগণের উপাসনার বিধান সংস্থাপন করে, তদন্য তদ্ভিতে অদুত প্রতিযোপাদক উক্ত মিসর দেশ যেরা উহাকে প্রচাব করিয়া প্লাবিত করে পরিণামে আঁসয়া ও আন্তিকার যে২ স্থানে ঐ দেশের বাণিকা বিষয়ে সংদর্গ ছিল তথায় অঞ্চকানেক অংশে ইহা প্রচলিত হইয়া পত্রপুষ্পাদিতে ব্যাপ্ত হইয়াছে বিশেষ আদিয়ার প্রধান ভারতখণ্ডে এতৎ প্রচার বাছল্য দর্শনে বোপ হয় ফে এতাব - এব জব্ৰতা অনান্য অবৈধকুসংস্কার ও মিথা ভারের আকর ভান মিসর দেশ কিন্তু এতদিবয়ে যুক্তি সহ অনুমান ব্যতীত **আর কোন প্রকার প্র**মাণ প্রিয়া ভ্রুট্ন। এই হেডু ঐ সকল মত এই ঋণে ভারত दधीं हा करण विथा । जारह । शिमतरमिशिनिरशंत माह এই ভারত বর্ষে সর্প বিদাবেত। অর্থাৎ সাপুড়ো অনেক আছে ভাহারা আপনাদিগকে অন্যানিরপেক্ষ জাতি করিয়া, বোধ করিয়া থাকে ৷ তাহাদের এতাছশ অভিমান আছে যে বর্শাকরণ শাস্ত্রোক্ত সর্পমন্ত্রের এমত মোহনী শক্তি আছে যে দেই মন্ত্রোক্ষারণ নাতেই সর্পেরা বশীভূত इडेग्रा এक काटन अफ़्रांकादाम्भातिन्छ एग्रा । **अवः उ**पनन्यान তাহার৷ উহাদিপকে স্থতা করায় যাহা কেবল অভ্যাদ মূলকই বোধ হয়। অধিকন্ত কহিয়া থাকে যে যাছণ

TETT \$ 25 1 1

বিষধারী সপ হউক তদ্দংশন করু হইতে তাহার। প্রাণ্
রক্ষা করিতে পারে এবং ঐ সকল সর্গকে কিছু মারু
ভয় করে না । সর্ঘ সাধারণের ইহা বিদিত আছে যে
এই বালগ্রাহিরা বন হইতে সর্গ গ্রহণ করিয়া তাহারা
বিষদন্ত সকল সমলোংপাটন পূর্দক ইতন্ততঃ ক্রীড়া
করার । অভএব ঐ দন্ত হীন সর্প শরীরে হস্তার্পা
করায় দোম নাই কিন্তু ইহা সপ্রমাণ আছে যে অভি
নির্ভয় সর্প্রোহী অগ্রে সংপ্র বিষ দন্ত ভুগু করিয়া
পুনর্বার ভছ্ছিতি না জানিয়া হঠাং তংসপ দংশনে
প্রাণে বিন্টা ইইয়াছে । সংপ্র দন্ত ভুগু করিয়া
পুনর্বার ভছ্ছিতি না জানিয়া হঠাং তংসপ দংশনে
প্রাণে বিন্টা ইইয়াছে । সংপ্র দন্ত ভুগু করিলে পুনশ্দ
পাঁচ ছয় বার সে স্থানে দন্ত হয় তাহা স্মরণ রাক্ষ্যা
ভঙ্কালনে যত্ন করিতে হয় নচেং প্রাণ সংশব্রের সন্তাবনা
আমরা এভজনা পাঠক মহাশ্রাদিগকে অভ্রোধ করি থে
ভগ্লভিকদিগের বাক্যে বিশ্বাহ্য না করিয়া সর্প স্পর্শ বিষধ্যে

অন্যান্য দেশের নায় পভারত খণ্ডেও অন্যেকিক সংপর ইতিহাস শুনা গিয়া থাকে। এবং এতদ্রপ অন্তুত ইতিহাস অনেক প্রুত আছে কিন্তু তাহাদের স্পাই-ব্যক্ত-অসীক্ত্র লক্ষণসত্ত্বেও যে তরিষয়ে অনেকের বিশ্বাস হয় ইহা পর্মাই শুর্ম আনেকে কহিয়া থাকেন যে তাঁহারা স্বচকৃতে রাজ্ সর্প দেখিয়াছেন তাহার রাজবৎ ব্যবহার ও রাজ চিক্তে চিহ্নিত গাত্র এবং রাজ মুকুটোপশোভিত মন্তক। উল্লেখ্য অপর সর্পাগণের সহিত বিচারাদনে বদিয়া বিচার করে। এবং রাজবদ্মুম্ভি করে। তংপ্রজাব্য তাহাকে আহা দান করে তাহা উপস্থিত না করিতে পারিলে আপনারণ দিগের এক জনাকে তাহার ভোজনার্থ বৃদ্ধীক্রপে প্রদান করে। আনেকিল ও জনান্য খণ্ডে অনেক সপের মোহনী শক্তি জাছে অর্থাৎ তাহারা যে প্রাণিক্ত প্রতি ছফিপাত করে দেই প্রাণী তংক্ষণাং উহার দিকে আকর্ষিত হয় তত্রতা শোকেরা এমত বিশাস করে কিন্তু অত্রন্থেরা অনেকেই তাহা বীকার করেন না এবং বছ স্বিজ্ঞ পণ্ডিত ঘাঁহারা অনেক । স্পর্ণ দেখিয়াছেন তাঁহারা কছেন যে ইহা সম্পূর্ণ সমূলক।

সপ্তার প্রায় প্রথিবীর সর্বাংশেই প্রাপ্ত হত্ত্যা যায় কিন্তু দেশ তেনে স্থানাধিক ও জাত্ত্বি ভেদ হয় এই মাত্র্ বিশেষ।

ছিগেল নামক প্রান্ত্রকর্তা সপ্ জাতি নিরূপণ বিষয়ক স্থীয় প্রান্ত্রে সপ্রণাকে সবিষ নির্মিষ ভেদে ছই বর্গতে প্রথমতঃ বিভক্ত করেন। অনন্তর নির্মিষ্ট বর্গকে ছুই শত ছা প্রিকার জাতি হয়। সন্ধি বর্গকে তিন শ্রেণীতে ভিন্ন করিয়া ক্রান্তর ভেদে সহকারে তাহাদিগের অইপঞ্চাশং জাতি সমুদায়ে বিশ্বায় করিয়াছেন। অতএব উভয় বর্গের জাতি সমুদায়ে বিশ্বায় করে বাস করে একার হইল। সপ্রাণ্ডি জল ও ছল উভয় স্থানে বাস করে একার ইহাকে ভূ জলচর কহা যায়। বিশ্বায় প্রশানের গ্রেমা বিশ্বায় করা যায়। অপর ইহাদিগের প্রিমানের যথেষ্ট ভেদ আছে।

[580]

কেছে ২ জতিদীর্ঘ এবং বলবান, কেছে বা হুস্স এবং প্রাপ্তকে; দিগের সহিত তুলনায় প্রায় বল হীন।

উরগজাতি অতাল্লায়াম বিশিক্ত দীর্ঘারা হুইয়া থাকে একারণ ইহাকেই উহাদের সাধারণ লক্ষণ বলা যায়। মর্থসা, জাতির ন্যায় এই জাতি সুশলক হয়। ইহারা প্রতাঙ্গ হীন[?] এবং পঞ্জর মাত্রই ইহাদের দেহের <mark>অবল্যন। এই পঞ্জর বহু</mark> সংখ্যক, এবং মেরুদণ্ডের সহি ভিম্মশাধারণ রূপে সংলগ্ন। এই জাতির গতি উন্মিৰৎ অর্থাৎ চেউথেলার ন্যায়, তদ্বারা তাহারা অতান্ত বিষম ধরাতল এবং বন মধ্যে সমবেগে চলিতে পারে ৷ ভিন্ন জাতীয় সরীস্থপাণের অন্তরিন্তিয়ের যথেক বৈলক্ষণা আছে কিন্তু বাহ্যোক্রিয়ের বহুবংশে সমত। ছট হয় । অপর জাতিভেদে মেরদণ্ডীয় থকাস্থির যথেক নানাতিরেক দেখা যায় এবং এক জাতির মধ্যে ব্যক্তিভেদে ৩০ বা ৪০-খণ্ডের ন্যাতিরেক হয়। মেরুদণ্ডের আকণ্ঠ পুদ্হ পর্যান্ত সমুদ্য অন্তির সংখ্যা ১০০ অবধি ৩০০ পর্যান্ত অবধারিক হইয়াছে পরস্তু শতের ন্যান ও ৩০০ শতের অভিরিক্ত প্রায় হয় না। পুদ্দেশীয় মেরনিওের থর্মান্থি বিষয়েও উক্ত ভিন্নতা। ছট হয়। কোন সপের কেবল পূাঁচ থও নাত্র আছে। কাহার বা সার্দ্ধ শত সংখ্যাবধি ছুই শত সংখ্যা পর্যান্ত নির্ণীত : रहेग्राष्ट्र।

পূর্ব্বে উক্ত হইয়াছে যে সপ্রিদেশর দৈহিক পরিসরাপেকার দীর্ঘতা সর্বতোভাবে বৃহং ৷ অধিকন্ত তাহাদিংগর শারীবিক্ত গঠনে এতাছণ কৌশল আছে যে তাহারা স্বস্ত দেহের ভিন্ন ই ভাগ অনায়াসেই স্বেছাক্রমে ক্ষীত করিতে পারে স্কুতরাং

তাহার স্থাপেক্ষা নৃহদ্স্ত সকল সই তেই গ্রাস করিতে সমর্থ হয়। এই কৌশল সপ মাজ্যুই মন্তকে বিশেষ রূপে ছফ ইয়। অন্য প্রাণিদিন্তার মন্তকের অন্তি সকল প্রস্পরের সহিত ছাত্তর রূপে বন্ধ থাকে কিন্তু সপ দিগের তক্রপ না হইয়া কয়েক মন্তিকাছাদক অন্তি বাতীত সকলেই নমনীয় শিরা দারা মিলিত হয় তাহাছে তাহারা অনায়াসেই বিস্তারিত হইতে পারে। হন্তর সন্ধি মমা মাংসপেদী কক্রার নাম্য হওয়াতে বিস্তার রূপে মুখবাাদান হয়। কঠ এবং দেহের মাংসপেশীর বিপুল্প ও তাহাদের রগ সকলের দীর্ঘত প্রায়ুক্ত ক্লানিত হয়।


উপ্রাক্ত জাতির আণে জ্রিষ্ট বলবান নাই; তাহাদের নাসিকার উপ্রাক্তি প্রায় হয় না। শ্রবণে জ্রিষ্ট ততাধিক অপটু, কিন্তু চক্ষু অতি ক্ষুদ্র হইলেও পরিন্ধার উক্ষ্ণুল ও অতি তীক্ষ্ণ হয় এবং জাতি ভেদে তাহার অবস্থানেরও ভেদ ছফ হয়। সপদিগের হৎপিও তাহাদের মন্তকের নিকট থাকে, তথা ভাহারা অতি চতুরতার সহিত ক্ওলীভূত হইয়া অতঃ-ক্রণকে নিবিধ বিপদ গ্রাম হইতে রক্ষা করে। তাহাদিগের জিল্পা অতি মাংসল ও সূক্ষ্ম তথা দিভাগক্ত। ঐ জিল্পাকে ভাহার। সর্বনাই বহিনিক্ষেপ করে, বিশেষতঃ ক্রোধানিই ইলৈ অন্বরতই এবং অতি সম্বরে তাহাকে প্রকাশ নির্মায় । সপ্রাতির স্বভাবানভিজ্ঞ তনেকেই তাহাদের ক্রিয়ায় । সপ্রাতির স্বভাবানভিজ্ঞ তনেকেই তাহাদের ক্রিয়ায় । ক্রিয়া ভীত হন এবং বোধ করেন যে উহাই ক্রিম্মন্য এবং বিষাকর, কিন্তু বস্তুতঃ তাহাতে কোন আপদ

নাই। তাহাদের জিহ্বার গঠন এমত যে তদ্বারা নিগিলনের সহকার কিছা সাদগ্রহ কিছু মাত্র হয় না কেবল স্পর্শেনিক্রের কর্ম নিপ্পাদন হয় এবং তদ্বিমিন্তেই তাহা সর্বদ্ধি সঞ্জালিত হয়। তিয় হ জাতীয় দপ্পিণের জিহ্বা মূল প্রথক্ ২ এমত প্রতীত হয় কিন্তু সকলেরই জিহ্বা গলদেশীয় অতি নমা এবং দীর্ঘ রগর্য় জারা সংলগ্ন হয় যদ্বারা ঐ যন্ত্রের সঞ্জালনে বিশেষ কৌশল জয়ে।

সল জাতিঃ দত্ত ঈষদক এবং তীক্ষু হয় এবং প্রত্যেক দন্তের কিয়দ:শ ফেঁপরা অপর ভাগ নিরেট। কিন্তু ইহা ठर्सन कर्ट्या निष्णे (याञ्चन। मर्शन्छ मकालत वाता **छाटाटनत** অবয়ব ও ডিভির কৌশল ক্রমে দংশন ও দংশিত বস্তুর ধারণ, ৩খ, তংমহকারে কপোলস্থ গ্রন্থি হইতে নিঃস্থত লাল দাবা ভোজা দ্বা লেপিত হওত গলাধঃকরণোপযোগি হয়। পুর্ফোক্ত দত্ত ব্যতীত দপ্তাতির চত্থাংশের এক প্রকার বিষদন্ত হয় মৃদ্ধারা দংশন ক্ষত মধ্যে এই বিযধর জাতি তাহাদের অনিবার্য্য বিষ নিক্ষেপ করে। এই ভয়ানক অস্ত্রের সংখ্যা দুই এবং ইহার প্রত্যেকের মধ্যে এক ছিন্ত থাকে যদমাদারা বিষ নিঃস্তত হয়। ইহাদের স্থান উর্দ্ধ মাজির প্রাক্ পার্য ভাগ এবং তর্নিকটেই বিষধার প্রক্তি थाका वह मछ भैं किए अना मख इस ना वर हहा-দিগকে কদের মাড়িতে কোষের ন্যায় আবর্ত্তন করে। কিন্তু তদ্বারা অন্য দন্তের ন্যায় ইহারা রক্ষিত না হওয়াতে কোন কারণবশতঃ ভগ্ন হইলে পর্ম কারুণিক পর্মেশ্বরে-**দ্ধায় এক স্থানে পুনঃপুনঃ ছয়বার বিষদন্ত উঠিয়া থাকে।**

এইক্লণে মন্তের নক্ষণ দারা সবিষ নির্বিষ্ঠ সপ্তিরপণোপায় বিষয়ে উরগ পরীক্ষক ডাক্তর রসল সাহেবের রচিত
উপ্নেশ উদ্ধৃত করিয়া উপসংহার করিতেছি 1 রসল
সাহেব কছেন যে ইহা স্মরণে রাখা কর্ত্তর যে অহিংসক
সপ্লিবের উপর মাজিতে তিন প্রিক্তি সামান্য দন্ত থাকে
ভন্মধ্যে এক প্রক্তি বহিঃস্থিত ও অপর ছই প্রক্তি ভালুকাভালরবর্ত্তী। বিষাতে সপ্রের বিশিষ্টত দন্ত প্রক্তি পাওয়া যায় তথন
ভালরবর্তী। বিষাতে সপ্রের বিশিষ্টত দন্ত প্রক্তি পাওয়া যায় তথন
ভালরবর্তী। বিষাতে সপ্রের করিবার আবশাক নাই। যে তথন
ভারে বিষদন্ত অহেবন করিবার আবশাক নাই। যে তথন
আর বিষদন্ত অহেবন করিবার আবশাক নাই। যে তথন
অভান্তরম্ব দন্ত প্রক্তিনয় ছাট হয় সে হলে বিষদন্ত যদি
স্পাটত না দেখা সায় (কারন কথন ২ বিনা ছেদনে বিষদন্ত
ভাতি গোচর হয় না) তথাপি অবশাই জ্ঞাতবা যে সৈ জাতি
হিংসক সপ্রতিহাতে কোন সন্দেহ নাই।

7 7 7



৩৪ সংখ্যা 1

विनुन।

গত নাদের মধ্যে নেং কাইট নামা এক জন সাহেব প্রীযুত রাজা বৈদ্যান্থ রায়ের উদ্যান হইতে বেলুন যোগে আকাশ বিহারী হওয়াতে কলিকাতার লোকেরা অভিশন্ত বিশায়াপন হইয়াছেন। রবটশন নামক এক ব্যক্তি ইহার পুর্বে একবার উড্ডীন হইয়াছিলেন কিন্তু তিনি উঠিবার অনতি- বিসম্বেই : নালিয়াছিলেন আর জাহা চৌদ বংসর গত হওরাতে বর্তমান যুবক লোকদের তদ্বিষয় স্মরণ নাই স্ত্রাং কাইট সাহেবের আক.শ গমুন দেখিয়া প্রায় সকল লোকৈই বিস্ময়াপ্স হইয়াছেন।

বেলুন কি একারে ব:তভরে উড্ডীয়মান হয় বোধ করি পাঠকবংগরি মধ্যে সকলে তাহা জানেন না-এনিমিউ তবিষয় বর্ণনা করা যাইতৈছে। ধরেশমি কাপডের উপরিছ চিত্রিত আহিতিতে বেল্বুন প্রস্তুত হয়। রেশমের উপর কোন শ্লিঞ্ক প্রলেপ দেওয়া যায় তাহাতে বৃষ্টিপাত হইলে সহজে আন্তে হয় না এবং তদন্তরত্ব বাতাস ও বন্ধ থাকে 🖥 অপর সামান্য বায়ু হইতেও স্কল এবং লম্তর এমত আর এক বায়ু আছে ভাহার নাম হাইড্রোজিন গ্যাস। ুসেই বায়ু আক্রেজিন গ্যাদ নামে আর এক বায়ু সংযোগে ক্লিল উৎপন্ন করে একারণ তাহার নাম হাইডেুাজিন অর্থাৎ জলোৎপাদক। হাইড্রোজন গ্যান স্ক্রাভা প্রবুক সামান্য বাতাসের উপরে উড্ডান হইতে প্রবৃত্ত হয়। সোলা বেমত লঘুতা প্রযুক্ত জলের নীচে থাকে না উ্পুরে ভাসিয়া উঠে হাইভৌজিন গ্যাস তদ্ধপ সাম:ন্য বাভাসের নীচে থাকে না। অতএব উক্ত হেলুনে ঐ স্থক্ষ গ্যাস অধিক পরিমাণে অস্তর্গত করিলে তাহা বায়ুর উপর উড্ডীন হয়, বে**লু**নের আকৃতি এবং গুরুতা বিবেচনা করিয়া গ্যাস অন্তর্গত করিতে হয় !

গ্যাস অন্তর্গত করিবার সময় তেলুনকে সমান রাখিয়া রক্ষ্ম বারা চারি খোঁটাতে বন্ধ করিয়া রাখিতে হয়। তাহার উপরে এক শক্ত জাল থাকে সেই জালের তলে দোলার ন্যায় এক আসন বন্ধ হয়, ঐ আসনের মধ্যে এক কিছা অধিক আকাশ বিহারী মহুষ্য স্বছন্দে উপবিষ্ট হুইতে পারে। পরে উপযুক্ত পরিমাণে গ্যাস অন্তর্গত করিলে আকাশ বিহারী লোক প্রয়োজনীয় দ্রব্য সঙ্গে লইয়া উক্ত আসনে আরোহণ করে, তথন বেলুন বন্ধনী রক্ত্ ছেদ করিবা মাত্র তাহা মহা বেগে উপরে উচিয়া গাঁয়।

আকাশ বিহারী আসনে আরোহণ করিবার সময় রাশি হ বালুকা সঙ্গে লইয়া যান, অধিক উদ্ধে উঠিশার মানস থাকিলে সেই বালুকা নিক্ষেপ করত ক্রমণঃ বেলুন হালিক করেন। বেলুন আরোহী ব্যক্তি স্বেচ্ছাসুসারে ভ্রমণ করিতে পারেন না তাঁহাকে বাবুর বেগে চালিত হইতে হয়, যে দিকে পবনের বহন হয় সেই দিকেই ঘাইতে হয়, স্তরাং কথন জলের উপর কখন বা পনের উপর ঘাইবার সন্থা-বনা আহে, একারণ ভিনি ক্রম নৌকা এবং বন্য পশু নাশার্থ খড়ল বর্ষা ছুরিকাদি সঙ্গে লইয়া যান এবং উত্তম ভূমি দেখিতে না পাইলে অবতরণ করিবেন না এ নিমিত্তে যদি অধিক বিলম্ব করিতে হয় এই কারণ জলবোগের ভ্রাদিও সঙ্গে লয়েন।

অনস্তর, অবতরণ করিবার সময় তিনি কলের শার্থ বেলুনের অন্তর্গ ক্লিয়া কেন্দা নির্গত করিয়া কেন্দ্র তাহাতে বেলুন ধীরে ২ নীচে আইসে পরে ভূমির নিক্ট হইলে এক লোহময় নঙ্গর নীচে নিক্ষেপ করেন তাহাতে

1.308

বেলুন স্থপিত হইয়া থাকে তখন কোন লোক ক্রমশঃ রক্ত্র ধরিয়া টানিলে বেলুন এবং আকাশ বিহারী নীচত্ত হয়েন ৷


পূর্ব্বোক্ত মেং কাইট সাহেব ৫ নবম্বর দিবলে উজ্জীন হুইয়া এক ঘণ্টার মধ্যে দমদমার উপর প্রকাশমান হয়েন পরে বায়ুর দারা সাগরের নিকট বাহিত হয়েন অবশেষে বাতাদের বিপরীত সঞ্চার হওয়াতে তিনি জাগুলের সনিজ কোট্রা প্রান্দে অধ্যিয়া অবরোহণ করে। কাইট সাহেব মাপনার আকশ বিহারের বিবরণ লিপি বন্ধ করিয়া প্রকাশ ' করিয়াছেন তাহাতে বোধ হয় তিনি অনেক দূর পর্যাস্ত উর্দ্ধে গমন করিয়াছিলেন, কেননা অভিশয় শীভল বাতাস প্রাপ্ত হওয়াতে তঁহার কর্ণ কুহর কণ্থ করিয়াছিল ঐ সময়ে তিনি একটা চুকট হালিয়া ধূমপান করত কাল ছরণ করিতে লাগিলেন। পরে অবরোহণ করিবার মানদে গ্যাদ বাহির করিবার স্থ্ত আকর্ষণ করাতে তাহা ছিল হইয়া গেল কিন্তু দৈবাৎ ভাঁহার নিকট এক বর্বা ছিল তন্তারা বেলুনের কোন ২ অংশ বিদীর্ণ করাতে তাহা नीटि नामिट लाशिल !

অপার সমুদ্রের জল এবং প্রবল তরঙ্গ খ্রুনি তাঁহার ইন্দ্রিয় গোচর হওয়াতে তিনি পুনশ্চ বেলুন বিদীপ্রকরত অবরোহণ করিতে লাগিলেন পরে অন্তকুল বায়ুর সঞ্চার হওয়াতে সমুদ্রের দূরে বাহিত হইয়া নিরুদ্বেগ হইলেন। ঐ সময়ে বায়ুর বিজন্ধন তেজঃ থাকাতে তিনি মহাবেগে আকাশ গ্যমন করিতে লাগিলেন অবশেষে প্রায় ১ ঘটিকার সময় কোট্রা গ্রাদের সন্নিকটন্থ হওয়াতে লোহ্ময় নঙ্গর নিক্ষেপ

[505]

করিলেন তাহাতে বেলুন স্থগিত হইল তখন ক্রীক লোক দেই স্থলে থাকাতে তাহারা রক্ষ্ত ধরিয়া তাঁহাকে নীচেট্র নামাইল !

তিনি জাগুলে নিবাদি বাবু রাধাবলত বিশ্বাদের বাটাতে আদিয়া সেই রাত্রি প্রবাদ করেন পর দিবস প্রাতঃকালে শকটারোহণ করিয়া কলিকাতায় আইসেন।



৩৫ সংখ্যা 1

লোহার রাস্তা।

বন্ধ ভূমিতে লোহার রাস্তা নির্মাণের প্রসঙ্গে বছ দিবসাবিধি আন্দোলন হইতৈছে, কিন্তু নানা প্রকার ব্যাঘাত
প্রযুক্ত অনেক দিন বিলম্ব হইয়াছে: বোধ হয় অবশেষে
ভভারম্ভ হইল, কেননা গবর্ণনেতি এক জন লোহার রাস্তার
কমিশনর নিযুক্ত করিয়াছেন এবং পথি মধ্যে গৃহ
উদ্যানাদি ব্যবধান থাকিলে ব্যাঘাত না হয় একারশ
এক নূতন আইন করিয়াছেন সেই আইন অনুসারে
অনেক দুর পর্যন্ত পথ পরিক্ষার হইয়াছে স্কভরাং এই
ভভ কর্মো আর বিলম্বের সম্ভাবনা দেখি না।

লোহার রাস্তা শব্দে শক্ট চলনার্থ লোহনির্মিত পদণীকে বুঝার কৈই পদবীতে এমত থাঁজ থাকে যে শক্ট চকু ভদ্ভিভূতি হটতে পারে না এবং শক্ট চলনেও কোন প্রাহাত হয় না।

প্রথমতঃ বাস্পানন্ত্র সম্বলিত এক গাড়ি থাকে, বাস্পের তিলে কৈই গাড়ির চুক্র মহা বেগে ঘূর্ণায়নান হওয়াতে শকট অতিশীয় ক্রতগামী হয়। বাস্প যন্ত্র সম্বলিত শকটের পশ্চাং অনানা কএক শকট সংলগু হয়, তন্মধ্যে যাত্রি লোক এবং নানা প্রকার ক্রোদি থাকে। বাস্প যন্ত্র সম্বলিত শকট মহাবেগে গ্যন করিকে তন্দারা প্রশানি জ্যান্য শকট আক্ষিত হইয়া চলে।

নাই। বাহন বাতীত শকটের গমন আমরা কথন দেখি
নাই। বাহন বাতীত শকটের গমন আমরা কথন দেখি
নাই। যে প্রকার শুনিয়াছি তাহাতে চমৎকার বোধ হয়
বটে। বিশ্বাসা লেকের মুখে না শুনিলে এ বিষয়ে
আমাদের প্রত্যয় হইত না কেননা আপাততঃ ইহা অলীক
বেষি হয়। কালিদাস মেঘ দূতের মধ্যে যজ্ঞপ বিষয়ে
প্রকাশ করেন যে ধূম জ্যোতিঃ জল মরতের স্থিপাতে
উৎপন্ন মেঘ দ্বারা কি রূপে বার্ত্ত প্রেরণ হইবে, আমাক্রেনের ও তজ্ঞপ বিষয়ে বোধ হইত যে জল বিকারে
উইশ্বন বাস্প দ্বারা কি প্রকারে শকটের চালন হইতে
পারে। সত্য ব্রায়ণ এবং বিশ্বাস্য লোকের বাক্য প্রমাণ
ক্রামারদের অক্তনে প্রত্য হয় বটে যে বাস্পীয় শক্ট
ক্রন হইয়া থাকে তথাপি চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জন হয়

[500]

নাই। প্রত্যক্ষ দর্শন বাতীত চক্ষুর তৃপ্তি হইতে পারে না। বিক্রমন বাহার রাস্তা প্রস্তুত হওনের সন্তাবনা দেখিয়া চক্ষু কর্বের বিবাদ ভ্রপ্তনের প্রত্যাশা হইতেছে। লোহার রাস্তা প্রস্তুত হইলে দেশের কেমন মঙ্গল হইবে তাহা সম্পূর্ব রূপে বর্ণনা করিতে লেখনী সমর্থা হয় না। লোহার রাস্তা হইলে এক দিনের মধ্যে বারাণসী প্রয়াগ আগরা প্রস্তুতি দূরতর দেশে যাওয়া ঘাইতে পারিবে স্কুত্রাং দেশ বিদেশীয় লোকের সহিত সহক্ষে আলাপ হইলে জাতা-তিমানাদি দোম নই হইবে এবং হদয়াকাশে অবিদ্যা রূপ কুল্লাটিকার উচ্ছেদ হইবে।

কিন্তু লোহার রাস্তা হই:ত যে২ উপকার সম্ভাবনীয় তক্মধ্যে সর্কল্রেষ্ঠ এই যে তাহাতে অসমাচার প্রচারের অগম হইবে। অসমাচার প্রচারকের। এক স্থান হইতে স্থানান্তরে শীভ্র গমন করিতে পারিবেন স্কৃতরাং অবশাঃ ধর্ম প্রচারে স্থাম হইবে।

এইক্ষণে দূরতর দেশে গমন করিতে হইলে বছতর কাল বিলম্ব হয় লোহার রাস্তা প্রস্তুত হইলে সে প্রকার কাল বিলম্বের সম্ভাবনা থাকিবে না, সকল কার্যাই ছরায় সম্পন্ন হইবে স্থতরাং দেশের সাধারণ উপকার হইবেক। অপর বাণিজ্ঞাকারিরা শীভ্র বাণিজ্ঞা করিত্ব পারিবে, যে সকল দেবা সমুদ্রে পথে বিদেশে বিক্রয়ার্থ প্রেরিত হয় ভাহা সমুদ্রের যত দূরে উৎপদ্দ হউক ছই এক দিনের মধ্যে কলিকাভায় আসিতে পারিবে। ইহার ছন্টান্ত, অনেক ২ বাণিজ্ঞাকারি লোক গাজিপুর বারাণসী আজিমগড় প্রস্তুতি দেশ হইতে চিনি আনাইর। বিলাতে প্রেরণ করেন, সে
সকল চিনি একণে নৌকাযোগে নিক্টকল্পে ছই মাসের
নান্দ্র কনিকাভায় আইনে না স্ত্তরাং ছই মাস পথে নট হওয়াতে বণিকের পক্ষে পণ্য দ্রব্যের উপস্থ গ্রহণে বিলয়
হয় কিন্তু লোহার রাস্তা ছারা ঐ দ্রব্য যদি ছই এক দিনের
মধ্যে আইসে তবে অনেক্ লাভের সম্ভাবনা।

তদ্রপ যে সকল দ্রব্য বিলাত হইতে আসিয়া পশ্চিম
প্রদেশে প্রেরিত হয় তাহাও এক্ষণে পথিমধ্যে দুই তিন
মান পত্নিই থাকে কিন্তু লোহার রাস্তা প্রস্তুত হইলে দুই
তিন দিনের মধ্যে দূর্তর দেশে যাইবে স্তুতরাং তাহাতে
কাল বিলম্ব নিবারণ প্রযুক্ত বিপুল লাভ সম্ভাবনা আছে।
এ অসিচ মন্ত্র্যা লোকের স্বভাব এই ইব পরস্পরের রীতি
চারিত্র দেখিলে মনঃসংক্ষার শোধন হয়। যতকাল লোকে
এক দেশে কিন্তা এক নগরে বদ্ধ থাকে তত্ত কাল বহদর্শন
ইইবার সম্ভাবনা মাত্র থাকে না স্বত্রাং চিন্তু নানা প্রকার
ভামতে আকীর্ণ হয় কিন্তু দেশ বিশ্লাশে গমন করিলে মনের
সন্ধার্থা নই হয়। নাল্লাই ক্রিকার লোক দেখিলে মনের
মাৎস্যা নই হয়,এবং লোক বাৎসন্যের বৃদ্ধি হয়।

লোহার রাস্তা প্রস্তুত হইলে রাজকীয় ব্যাপারেরও সুগম
হইবে একনে পশ্চিম প্রদেশে যুদ্ধ উপত্তিত হইলে মহা
হলম্বল হয়, গ্রেণর জেনেরেলকে স্বরায় রাজধানী ত্যাগ
ক্রিয়া যাইতে হয়, কিন্তু লোহার রাস্তা প্রস্তুত হইলে তিনি
ক্রিয়াতার থাকিয়া যুদ্ধাদির বিষয়ে আজ্ঞা প্রচার করিতে

206

পারিবেন এবং বেখানে যত সৈন্য পাকুক তিন দিনের মধ্যে সহজে অতি দূরত্ব দেশে প্রেরিত হইতে পারিবে !



৩৬ সংখা।

মনুষ্য জাতির বিবিধ বংশ।

বিদিও যাবন্ত মনুষ্য এক আদি পিতা হইতে উৎপ্র

হওয়াতে সকলেই এক গোত্র এবং এক জাতি তথাচ তাহারদের শ্রীরের বর্গ মুখের ভঙ্গিনা এবং বুদ্ধির বলাবলে
জনেল বিলক্ষণা আছে। কিন্তু সেই বৈলক্ষণাের ছলে
হিল্টুদের নাফ জাতি ভেদ করিয়া ইতর বিশেষ করা
উচি ১ হয় না। এক দেশের লােকদের মধ্যে জাতি ভেদ
করা অতিশয় অসঙ্গত কেননা এক দেশবাসি লােকের
প্রশাস্থ মুখের ভঙ্গিনাতেও বৈলক্ষণা নাই। ব্রাদশ
করিয় বৈশা শুজের নথাে কোন কায়িক কিছা মান্সিক
ইতর বিশেষ কিছুই নাই। তবে বেদ পুরাণে বর্ণ ভেদের
যে বিবরণ আছে তাহা নিতান্ত যুক্তি বিরুক্ত, তাহাতে
কেবল ব্রাদণ্দিণের অভিনানই প্রকাশ পায়।

পরে যদিও তারত বর্ষায় লোকদিণের মধ্যে পরক্ষারের আকৃতি প্রকৃতিতে বিশেষ তারতম্য নাই ৰটে তথাচ অন্যানা দেশের জনগণের অবয়বে এবং মানসিক সংস্কারে কিঞ্চিং ই বৈলক্ষণা ছাই ইইয়াছে। এ নিমিত্ত বছ দর্শন সক্ষার পণ্ডিতের। ভূপ্তান্তর উপর যত লোক বাস করে তাহারদের মধ্যে সাধারণ ভাবে উক্ত বৈষম্য বিবেচনা করিয়া সামান্যতঃ এই মীমাংসা করিয়াছেন যে মানব মণ্ডলীকে তিন প্রধান জাতিতে বিভক্ত করা যাইতে পারে। প্রথমতঃ শুলুবর্গ ককেশীয়, দিতীয়তঃ মৌরবর্গ সক্ষায়, তৃতীয়তঃ কৃষ্ণবর্গ হাঙ্গিম। কোন ই পণ্ডিতেরা অপর সুই জাতির উল্লেখ করিয়াছেন যথা আমেরিকীয় এবং মালাই কিছু তাহা হাজ্যি জাতির শাখা কহিলেও কহাযাইতে পারে। বছদর্শি পণ্ডিতেরা আরও অনুমান করিয়াছেন যে ঐ

তিন প্রধান জাতি ক্রমণঃ নোহের তিন পুত্র হইতে উৎপদ্ধ হয়। ককেশীয় জাতি শেমের বংশ, মঙ্গলীয় জাতি জাপেথের অপতা, এবং হাজিন জাতি হামের সন্তান। ধর্ম পুস্তকে ঐ তিন বংশের বিষয়ে যে উল্ভি: আছে ভাহাতে উক্ত অনুমান যুক্তি সঞ্চতও বোধ হয়।

১ ব্লাক এবং কাম্পিয়ান সাগরের মধাবর্ত্তি পর্মিতীয়
দেশে ককেশীয় জাতির প্রথম উৎপত্তি, সেই পর্মতের
নাম হইতেই ঐ জাতির নাম ককেশীয় হইয়াছে।
তাহারদের কায়িক লক্ষণ এই ২ যথা অঙ্গ শুভাবর্ণ অর্থাৎ
শরীরের আভা রজতের ন্যায়, গগুদেশ রক্তবর্গ, কেশ
দীর্ঘ এবং মুখ সুগঠন অপ্তাকৃতি এবং বিপুল শাশ্রুমুক্ত,
ললাট বিস্তৃত, মন্তক সুপরিনিত, ওঠাধর সক্ষণি।

মানসিক সংস্কারে ককেশীয় জাতি সকলের শ্রেষ্ঠ হইয়াছে ৷ ঐ জাতি চারি শাখাতে বিভক্ত, যথা > পেলাসজিক অর্থাৎ পূর্ব্যতন গ্রীক এবং রোমান জাতির মূল
শাখা, ২ জুরীয় অর্থাৎ পূর্ব্যতন অস্ক্রীয়, কলদীয় এবং
ইজিপ্তীয় দিগের মূল শাখা, ৩ ভারতবর্ষীয় শাখা, ৪
দিদিয়া অথবা ভাতার শাখা।

প্রথিবীর উপরিস্থ প্রধান ২ জাতীয় লোকেরা ককেশীয় বংশে উৎপন্ন হইয়াছে পূর্মব্যন গ্রীক রোমান অস্থ্যীয় ইজিপ্তীয় এবং ভারতবর্ষীয় জনগণ শৌর্য গান্তীর্য্য বল বিক্রেম বিদ্যা কৌশলে মানব মঞ্চনীয় মধ্যে সর্ম শ্রেষ্ঠ ছিল ভাছাতে কোন সন্দেহ নাই। অন্যান্য সকল জাভি প্রায় ভাছাদের দাসত্ব স্বীকার ক্রিয়াছে। থীক কাতীয় লোকেরা এসা এবং আক্রিকা খণ্ডে আপন্যরদের প্রভুত্ব স্থাপন করিরাছিল । রোমানদের সন্ত্রাটকে এক প্রকার সার্ব্যক্তিম কহা যাইতে পারিত। ইঞ্জিপ্তীয়দিগের বিষয়ে দিখিত আছে যে তাহারদের এক জন রাজা পরাজিত রাজবর্গকে ঘোটকবং রথের বাহনকরিয়াছিল। অস্ত্ররীয় এবং ভারত বর্ষীয় রাজারা চতুর্দ্দিকে বাহবল বিস্তার করিয়াছিল। ইহারা সকলেই ককেশীয় জাতি। অধুনাতন ইউরোপীয় লোকরাও ককেশীয় জাতি হইতে উৎপন্ন, স্কৃত্রং ঐ জাতীয় লোকেরা সর্ব্ব কালে দকল বিষয়ে শ্রেষ্ঠতা প্রকাশ করিয়াছে প্রথিবীর মধ্যে ভাহারাই বীরত্ব পাণ্ডিত্য শিল্প নৈপুণ্য সামাজিকতা স্থশীলতা প্রস্তুতি কায়িক মানসিক এবং আত্মিক গ্রণতে সর্ব্যাপেক্ষা অধিক অলক্ষ্ত ইইয়াছে।

যদি কেহ প্রশ্ন করে কাহারা প্রথিবীর মধ্যে সর্কাপেকা স্থপত্তিত? তবে পূর্বতন গ্রীক অথবা অধুনাতন ইউরো-পীয় লোকের মধ্যে কোন ২ বিদ্যা বিশারদ পণ্ডিতের নামোল্লেখ করিতে হয় ৷ যদি কেহ প্রশ্ন করে কাহারা সর্বাপেকা অধিক বীরত্ব প্রকাশ করিয়াছে? তাহাতেও বি ক্লাভির প্রসঙ্গ করিতে হয় ৷

উপরিস্থ ছবির নিমু আফৃতি (ক) দেখিলে পাঠক বর্গ ককেশীর জাতির মুখের ভঙ্গিমা বুঝিতে পারিবেন !

২ মঙ্গল জাতীয় লোকদিগের এই ২ লক্ষণ, যথা অঙ্গ গৌর বর্ণ, কেশ সূক্ষ্ম, মূখ অভ্যঙ্গ শাক্ষা যুক্ত, নাগিকা কুমে এবং নিমু, ললাট সন্ধীর্ণ, মন্তক বিস্তৃত, ছটি কটাক্ষ, ওঠ স্থূল। ককেশীয় অপেকা মঙ্গলীয় জাতির **আ**রুর্ভি অধিক ধর্ম।

মঙ্গলীয় জাতির লোকের। মানসিক এবং আজিক সংস্কারে ককেশীয় দিগের তুলা নহে। তাহারদের সধ্যে চীন দেশীয় লোকেরা সর্ব্ব শ্রেষ্ঠ কিন্তু যদিও চীন জাতীয় লোকেরা কোন ২ বিষয়ে নিপুণতা প্রকাশ করিয়াছে এবং বহু কালাবধি সামাজিক রূপে গণ্য হইয়াছে তথাচ তাহার। শোহা বীহা গান্তীহা ও বিদ্যায় ইউরোপীয়া জাতির সমান নহে। তাহারদের মধ্যে প্রকৃত বর্ণমালার আভাবে বিপুল পাণ্ডিতা জন্মিনার সন্তাবনা নাই। কিয়হ্ম গত হইল ইংলণ্ডীয় লোকদিগের সহিত তাহারদের সংখ্যাম হওয়াতে স্পেই দেখা গিয়াছে যে তাহারা ককেশীয় জাতির ন্যায় বিক্রমশালী অথবা রণ কুশল নহে।

চেঙ্গিস খাঁ তৈমুর বেগ প্রস্তুতি মঞ্চলীয় যে ২ বীর বিখ্যাত হইয়াছে তাহারাও কেবল পশুর ন্যায় যৎকিঞ্জিৎ বিক্রম এবং শক্তি প্রকাশ করিয়াছিল কিন্তু রাজকীয় অথবা সংগ্রামিক বিষয়ে বিশেষ নিপুণ্তা দর্শাইতে পারে নাই।

এস্যার অন্তঃপাতি আলতাই পর্মতে মঙ্গলীয় জাতির উৎপত্তি। তথা হইতে তাহারা এস্যার মধ্য এবং পূর্ম ভাগে ব্যাপ্ত হয়।

উপরিস্থ ছবির বাম পাখে (মং) মকলীয় জাতির আকৃতি ও হালিন জাতির লক্ষণ এই ২ যথা অঙ্গ কৃষ্ণ বর্ণ, ওঠাখর সূল, কেশ রুক্ষ এবং কুগুলাকার, ললাট সংস্কীপ এবং নিশ্ব, মন্তক গোলত্ব বিহীন, নাসিকা নিশ্ব এবং পরিশর, চক্ষু উচ্ছবুল । হাপিন জাতীয় লোকেরা মানসিক এবং আছিক সংস্কারে অতি জখনা। তাহাদের অবস্থা বিবেচনা করিছে ধর্ম পুস্তকোক্ত হামের বংশের প্রতি নোহের স্থান্তিশাপ শ্বরণে আইদে। নোহ কহিয়াছিলেন যে হামের বংশীয় লোকেরা অন্যান্য বংশীয় লোকের ক্রীত দাস হইয়া মহা ছর্গতিতে পড়িবেক। হাপিন জাতীয় লোকেরা হামের বংশোদ্রব, তাহাদের বুত্তান্ত পাঠ করিলে নোহের উক্ত অভিশাপ নিতান্ত সত্য বোধ হ্য তাহাতে ধর্মগ্রন্থ ব্যক্তিদণের দৈব জ্ঞানও প্রকাশিত, হয়।

